বাঁকুড়া শহর সহ সমগ্র জেলায় ব্রিটিশ বিরোধী জাতীয়তাবাদী ভাবনা ও আন্দোলন প্রচেষ্টা এবং আঞ্চলিক রাজনৈতিক কর্মীদের আন্দোলনের সাথে একাত্মতা স্পষ্ট হয়ে ওঠে ১৯২০ সালে অসহযোগ আন্দোলনের সূচনার সময় থেকে। দরিদ্র এই জেলায় আন্দোলনের যে রূপটি জনপ্রিয়তা পেয়েছিল তা গঠনমূলক স্বদেশী, গ্রাম পুনর্গঠন, অস্পৃশ্যতা দূরীকরণ, মদ্যপান নিবারণের মত ইতিবাচক কৌশলগুলি। ১৯৩০-এর দশকে কংগ্রেসী আন্দোলনের পরিচিত ধারার সাথে কিছুটা নতুনত্ব যুক্ত হয় কমিউনিস্টদের শক্তিসঞ্চয়ের মধ্যে দিয়ে। 'অনুশীলন' এবং 'যুগান্তর' এর অনেকেই এই পর্বে জেল থেকে বেরিয়ে বামপন্থী ভাবধারার প্রতি আকৃষ্ট হয়।[১০] ১৯৩৬ সালে বাঁকুড়ায় কমিউনিস্ট দল গড়ে ওঠে। C.P.I. নেতা সরোজ মুখার্জ্জী তাঁর স্মৃতিচারণে লিখেছেন 'বঙ্গদেশের পশ্চিমাংশের জেলাগুলির মধ্যে বাঁকুড়া জেলাতেও ১৯৩৫-৩৬ সালেই পার্টির সূত্রপাট ঘটে।'[১১] বাঁকুড়ায় কমিউনিস্ট দলের প্রথম দিকের নেতৃবর্গের মধ্যে ছিলেন জগদিশ পালিত, ইন্দু সাঁই, বিমল সরকার, প্রমথ ঘোষ প্রমুখেরা। ১৯৩৭-৩৮ সাল নাগাদ উদয়ভানু ঘোষ, মৃত্যুঞ্জয় ব্যানার্জী প্রমুখেরা পার্টি সংগঠনের সামনের সারিতে আসেন। ১৯৩৮-৪০ সাল পর্যন্ত পার্টির জেলার কেন্দ্র ছিল বিষ্ণুপুরের লালবাঁধের পাড়ে বিবেকানন্দ ক্লাব।[১২] ১৯৩৯ সাল নাগাদ বঙ্গীয় প্রাদেশিক রাজনীতিতে গান্ধি-সুভাষ বিরোধের তীব্র প্রতিক্রিয়া অনুভূত হতে শুরু করে। সুভাষচন্দ্র কংগ্রেস থেকে বিতাড়িত হয়ে ফরোয়ার্ড ব্লক নামে নতুন রাজনৈতিক মঞ্চ তৈরি করে ব্রিটিশ বিরোধী সর্বাত্মক আন্দোলনের কথা প্রচার করতে থাকেন। ঐ বছরেই বাঁকুড়ায় ফরোয়ার্ড ব্লক এর শাখা স্থাপিত হয়। পুরাতন বিপ্লবীদের মধ্যে রামকৃষ্ণ দাস ও ফণী গাঙ্গুলি যুগ্ম সভাপতি আর বীরেশ্বর ঘোষ সম্পাদক নিযুক্ত হন। ১৯৩৯-এ সুভাষচন্দ্র বাঁকুড়া সফরে এসে খাতড়া, কেঞ্জাকুড়া, ছাতনা, বিষ্ণুপুর ও বাঁকুড়া শহরে একাধিক মিটিং-এ ভাষণ দিয়ে সংগ্রামের নতুন সুর বেঁধে দেন।[১৩] তাৎক্ষণিক ভাবে মনে হতে পারে যে শেষদিকে জেলায় কমিউনিস্ট ভাবধারার শক্তিসঞ্চয়ের ইতিহাসের উত্থাপন করা হল। এর উত্তরে বলতে হয় ১৯৪০ এর দশকে জেলায় যে সংগ্রামের ঢেউ তার প্রায় সবটাই নিয়ন্ত্রিত হয়েছিল কংগ্রেস ও বামপন্থী নেতা-কর্মীদের দ্বারা একসাথে। 'জনযুদ্ধের লাইন' এর দ্বারা বামপন্থীদের জাতীয় আন্দোলন থেকে বিচ্ছিন্নতার যে পরিচিত ঘটনাস্রোত তা জেলার রাজনৈতিক জীবনকে স্পর্শ করলেও গভীরে প্রবেশ করতে পারেনি।

১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হলে সমগ্র দেশের সঙ্গে বাংলার প্রাদেশিক

রাজনীতি এবং বাঁকুড়ার আঞ্চলিক রাজনীতিতেও তার প্রভাব অনুভূত হতে থাকে। ১৯৪০-এর দশকের শুরুতে জেলায় কংগ্রেসী সংগঠনের পাশাপাশি কমিউনিস্ট দল, ফরোয়ার্ড ব্লক ও হিন্দু মহাসভা কিছুটা হলেও শক্তি সঞ্চয় করে। এই রাজনৈতিক সংগঠন সমূহের মধ্যে দরিদ্র জনগণ, শ্রমিক ও মজুরদের মধ্যে কাজ করার সুবাদে কমিউনিস্টদের প্রভাব বাড়তে থাকে। ১৯৪০-এর শুরুতে কম ক্ষেত্রগোপাল চ্যাটার্জীর উদ্যোগে বাঁকুড়া জেলা বিড়ি কারিগর ইউনিয়নের জন্ম হয়। বাঁকুড়ার ২২২নং বিড়ি কারখানার শ্রমিকরা তাঁর নেতৃত্ব সংগঠিত আন্দোলনের পথে নামে[১৪] বিড়ি শ্রমিক ইউনিয়ান ছাড়াও মুটে ও গাড়োয়ানদের ইউনিয়ানে বামপন্থীদের শক্তি বৃদ্ধি হয়।[১৫]

১৯৪০-এর দশকের শুরু থেকেই কংগ্রেসের আসন্ন সংগ্রামকে সামনে রেখে আন্দোলনের যে বিপুল প্রস্তুত পর্ব তার সাথে বামপন্থী দল ও গোষ্ঠীগুলি সামিল ছিল। কিন্তু ইউরোপে যুদ্ধের গতি পরিবর্তিত হলে এবং হিটলারের দ্বারা রাশিয়া আক্রান্ত হলে বামপন্থীদের কাছে যুদ্ধের চরিত্রগত পরিবর্তন স্পষ্ট হয়। যুদ্ধ সাম্রাজ্যবাদ বনাম ফ্যাসীবাদের যুদ্ধের পরিবর্তে ফ্যাসীবাদ বনাম সাম্যবাদের লড়ায়ে পরিণত হয়। ফলে কমিউনিস্টরা যুদ্ধের বিরোধীতার পরিবর্তে সরকারের যুদ্ধ প্রচেষ্টার সহযোগী হিসাবে আত্মপ্রকাশ করে। এই ধরনের "ideological shift" তাদের আন্দোলনের গণভিত্তিকে অনেকাংশে নষ্ট করে।[১৬] উপরের স্তরের এই আদর্শগত ভিন্নতা জেলার বামপন্থী নেতা কর্মীদের বেশিদিন জাতীয় আন্দোলন থেকে সরিয়ে রাখতে পারেনি। ১৯৪২-এর আন্দোলন শুরু হওয়ার সঙ্গে সঙ্গে জেলায় কমিউনিস্ট আন্দোলনের প্রথম সারির নেতৃত্ব যেমন ক্ষেত্রগোপাল চ্যাটার্জী, জগদিশ পালিত, নন্দদুলাল চট্টোপাধ্যায়, রবি দত্ত, ইন্দু সাঁই, বিমল সরকার প্রমুখেরা আন্দোলনে যোগ দেন।[১৭] ফরোয়ার্ড ব্লকের রামকৃষ্ণ দাস, বীরেশ্বর ঘোষণাও আন্দোলনের সামনের সারিতে এসে দাঁড়ান।[১৮]

৪

১৯৪২-এর ৯ আগস্ট ভোরে গান্ধিজী সহ প্রথম সারির কংগ্রেস নেতৃত্বের গ্রেপ্তারের সঙ্গে সঙ্গে আন্দোলন এক সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির স্বতঃস্ফূর্ত চেহারা নিয়ে আত্মপ্রকাশ করে। গান্ধিজী নিজে গ্রেপ্তার হওয়ার পূর্ব মুহূর্তে তাঁর বিদায় বাণীতে বলেন, 'যতদূর সম্ভব প্রত্যেক ব্যক্তি অহিংসা উপায়ে সর্ব্ববিধ কাজ করিয়া যাইবে। হরতাল ঘোষণা ও অন্যান্য সকল প্রকার সম্ভাব্য অহিংসা উপায়ে সম্পূর্ণ অচলাবস্থা সৃষ্টি করিতে হইবে। সত্যাগ্রহীরা মৃত্যুবরণ করিতে তৈয়ারী হইয়া যাইবে; তাহারা যেন জীবিত অবস্থায় ফিরিয়া না আসে। ব্যক্তির সানন্দ মৃত্যুবরণের মধ্যেই স্বাধীন

জাতির প্রাণ প্রতিষ্ঠা হইবে।'[১৯] গান্ধিজীর এই আহ্বান এবং স্বতঃস্ফূর্ততা আন্দোলনে হিংসা ও অহিংসার মাঝের সীমারেখাটি মুছে দিয়েছিল। জনগণ যেভাবে সম্ভব তাদের সামনে থাকা সাম্রাজ্যবাদী ব্রিটিশ সরকারের শক্তির প্রতীকগুলিকে আক্রমণ করতে থাকে। প্রত্যেক জেলা স্তরে আন্দোলনের নিজস্ব পথ ও প্রকরণ নির্দিষ্ট হয়েছিল ভূ-রাজনৈতিক ও আর্থ-সামাজিক সুবিধা অনুযায়ী।[২০] কংগ্রেস সমর পরিষদ দ্বারা প্রচারিত 'ভারতের গণযুদ্ধ' নামে প্রচার পত্রে স্পষ্টভাবে পোষ্ট অফিস, থানা, ব্যাঙ্ক, রেললাইন, আদালত প্রভৃতির উপর আক্রমণ সংগঠিত করার আহ্বান জানায়।[২১] আন্দোলন এক অতিপ্রাকৃত উগ্র মেজাজে দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে বাংলার জেলা শহর থেকে প্রত্যন্ত গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়তে থাকে। আন্দোলনের শুরুতেই বাঁকুড়া শহরে ওয়াশলিয়ান কলেজের ছাত্ররা সামনের সারিতে চলে আসে। 'মিত্রপক্ষের যুদ্ধ প্রচেষ্টায় সাহায্য করা' সংক্রান্ত এক বিতর্ক সভায় বিরোধী পক্ষে বলতে উঠে ছাত্রদের মুখপাত্রের বক্তব্য ছিল, "President Sir, I as a patriotic Indian assertively say that the Japanese Imperialism is our enemy of faith only while the British Imperialism is our enemy of bread and blood."[২২] ১৭ আগস্ট এবং পুনরায় ১৪ ও ১৫ সেপ্টেম্বর ছাত্র ধর্মঘট শহরে ব্যাপক উত্তেজনা তৈরি করে। ধর্মঘট চলাকালে ছাত্রদের এক বিশাল মিছিল সমগ্র শহর পরিক্রমা করে মেডিক্যাল স্কুলের হস্টেল চত্বরে এসে সভা করে। মিছিলে বাঁকুড়া গার্লস স্কুলের প্রায় ৩৫ জন ছাত্রী অংশগ্রহণ করে।[২৩] আগস্টের শেষ দিক থেকে দফায় দফায় মিটিং, মিছিল, পিকেটিং, ধর্মঘট প্রভৃতির দ্বারা শহরে আন্দোলনের উত্তাপ অনুভূত হতে থাকে। ৯ সেপ্টেম্বর পাত্রসায়রে এবং ১৬ সেপ্টেম্বর সোনামুখীতে স্বতঃস্ফূর্ত হরতাল পালিত হয়।[২৪] সেপ্টেম্বরের মাঝামাঝি থেকে আন্দোলন শহরের সীমা অতিক্রম করে গ্রামে ছড়িয়ে পড়তে থাকে এবং হিংসার তীব্রতাও বৃদ্ধি পায়। ১৭ সেপ্টেম্বর বালসী পোষ্ট অফিসে আগুন ধরিয়ে দেওয়া হয় এবং পাত্রসায়র পোস্টঅফিস ও আক্রান্ত হয়। ২৫ সেপ্টেম্বর বাঁকুড়া শহরে লালবাজার সাব-পোস্টঅফিসের উপর আক্রমণ হয় এবং মিউনিসিপ্যালিটি ও জেলা বোর্ডের অফিসের মাথায় জাতীয় পতাকা উত্তোলন করে বিপ্লবীরা। সোনামুখীতে সরকারের War Propaganda Car এবং ছায়াচিত্রের ফিল্মগুলিকে ধ্বংস করা হয়।[২৫] আগস্ট ও সেপ্টেম্বরের এই আন্দোলনে সরকার সমগ্র জেলায় ২৯ জনকে গ্রেপ্তার করে এবং ৭ সেপ্টেম্বর জেলা কংগ্রেস কার্যালয় সরকার বন্ধ করে দেয়।

১৯৪২ এর অক্টোবর ও নভেম্বরে আন্দোলন অনেক বেশী পরিমানে জেলার গ্রামীন অংশে প্রবেশ করে ও ব্রিটিশ বিরোধী হিসংত্মক প্রবণতা বৃদ্ধি পায়।

অক্টোবরের ২-১০ তারিখের মধ্যে ব্রিটিশ বিরোধী সভা হয় আকুই, বহলালপুর, বিহারজুড়িয়া, হদলনারায়ণপুর, মহম্মদপুর, আমরুল, বীজপুর এবং আরো একাধিক গ্রামে। বাঁকুড়া জজকোর্ট, মুন-সাফ-কার্ট, গঙ্গাজলঘাটি সাব রেজিস্ট্রি অফিস প্রভৃতিতে জোর করে জাতীয় পতাকা তোলা হয়। পাত্রসায়র থানায় বেতুড় ও হদলনারায়ণপুরে ইউনিয়ান বোর্ডঅফিস ভেঙে ফেলা হয়। হাড়মাসড়া গ্রামে ছাত্ররা ধর্মঘটে সামিল হয়। আন্দোলনে হিংসার তীব্রতা বৃদ্ধি পেতে থাকে। অক্টোবরের ৮ তারিখে ওন্দা ও রামসাগরের মাঝে B.N.R. রেলপথে এবং বৃন্দাবনপুরের কাছে B.D.R রেলপথে নাশকতামূলক কাজ চালানো হয়। [Removal of fishplate] কেঞ্জাকুড়া, মনহরপুর ও রসনাবাঁধ ইউনিয়ান বোর্ড অফিসে এবং বেলিয়াতোড় ডাকবাংলোতে আগুন ধরিয়ে দেওয়া হয়। ছন্দার ও আলুনিয়ায় Military Observation Camp, খিচক্াও শুশুনিয়ায় Air Observatories এবং বিষ্ণুপুরে Military Aerodrame এর দুটি ছাউনিতে আগুন ধরিয়ে দেওয়া হয়।[২৬]

আন্দোলনের দুটি বৈশিষ্ট্য জেলায় স্পষ্ট হয়ে উঠেছিল। একটি ছিল বেআইনী মদের দোকানের ওপর আক্রমন আর অন্যটি ছিল খাদ্য শস্যের ঘাটতি এই জেলা থেকে শস্যের রপ্তানী বন্ধ করা। অক্টোবরের ৮ ও ১০ তারিখে সোনামুখী, ছাঁদার, গঙ্গাজলঘাটী, বেলবনী কদমাঘাটী, কাঞ্চনপুর সহ মোট ১৫টি স্থানে মদের দোকানে আগুন দেওয়া হয়। ১১ অক্টোবর কংগ্রেস প্রচার পত্রে মদের দোকান পুড়িয়ে দেবার খবর প্রচারিত হয়। বিপ্লবীরা বাঁকুড়া ও ভেদুসোলের মাঝে নাশকতামূলক কাজ হিসেবে রেললাইন সরিয়ে নেয়।[২৭] আন্দোলনের দ্বিতীয় নিজস্ব বৈশিষ্ট্যটি ছিল চাল ও অন্যান্য খাদ্য জেলা থেকে রপ্তানী বন্ধ করা। একটি হিসাব থেকে ১৯৪২ এর অক্টোবর-নভেম্বরে জেল থেকে খাদ্য পাচার বন্ধের নিম্নলিখিত তথ্য পাওয়া যাচ্ছে।

**১৯৪২ এর অক্টোবর-নভেম্বরে জেলা থেকে খাদ্য পাচার বন্ধের তথ্য**

| স্থানের নাম | উদ্ধার হওয়া খাদও অন্যান্য সামগ্রী |
|---|---|
| বাসুলিতোড়া | ১০০ মন চাল |
| হটগ্রাম | ৭ গরুর গাড়ী ধান |
| নোনাবায় (থানা ইন্দপুর) | ৪ গরুর গাড়ী ধান |
| বৃন্দাবনপুর | চাল ধান ও অন্যান্য সামগ্রী |
| মাদারবনী | ১৫ গরুর গাড়ী ধান |
| লড়ুয়া (থানা রায়পুর) | ২০ গরুর গাড়ী ধান |

| স্থানের নাম | উদ্ধার হওয়া খাদও অন্যান্য সামগ্রী |
|---|---|
| রায়পুর হাট লুঠ হয় (১৩।১০।১৯৪২) | ধান, চাল ও অন্যান্য সামগ্রী |
| খাতড়া | কাপড়ের দোকান লুঠ কাপড় |
| কুলমুড়ার জঙ্গল (ওন্দা) | ১ গরুর গাড়ী ধান |

Source :- Government Bengal Home (pol) 150/1943, p.213

১২ অক্টোবর কংগ্রেস প্রচারপত্র লিখল, 'ইন্দপুর থানা হইতে এখন আর কোন থানা হইতে ধান রপ্তানী হয় না। বিপ্লবীগন ১০০ মন ধান দখল করিয়া জণগনের মধ্যে বন্টন করিয়া দেয়। রায়পুর থানায় ও ৮/১০ গাড়ী ধান এবং কিছু গুড় বিপ্লবীদের হস্তগত হইয়াছে। এখানেও তাহাদের চেষ্টায় রপ্তানী বন্ধ হইয়াছে।'[২৮]

আন্দোলনের হিংসাশ্রয়ী প্রবণতা সরকারকে সুযোগ করে দিয়েছিল যথেচ্ছ দমন নীতি অনুসরণ করতে। জেলার বিভিন্ন অঞ্চলে কংগ্রেসের শাখা অফিসগুলি সহ বেতুড়ের অভয় আশ্রমকে সরকার সীল করে দেয়।[২৯] বিষ্ণুপুর ও সোনামুখীতে পিটুনি কর চাপিয়ে দেওয়া হয়। ৩ বছরের পূর্বে বাজেয়াপ্ত করা সম্পত্তি ফিরিয়ে দেওয়া হয়নি।[৩০] সোনামুখী, পাত্রসায়র, বেতুড় ও জেলার পূর্বদিকের B.D.R. রেলপথের পূর্বদিকের গ্রামগুলিকে রেলপথের সুরক্ষার ভার বাধ্যতামূলক ভাবে গ্রহণ করতে হয়। অক্টোবর ও নভেম্বর মাসে সমগ্র জেলায় ১০৪ জনকে গ্রেপ্তার করা হয়। এর মধ্যে ৫৫ জন ভারতরক্ষা আইনে গ্রেপ্তার হন, আর ২১ জনের শাস্তি ঘোষিত হয়।[৩১] নীচের সারণী নেতৃবর্গের গ্রেপ্তার সংক্রান্ত তথ্য তুলে ধরে।

**গ্রেপ্তার হওয়া আন্দোলনকারীদের নামের তালিকা**

| আন্দোলনকারীর নাম | গ্রেপ্তার ও শাস্তি বিধানের তারিখ | যে জেলে রাখা হয়েছিল |
|---|---|---|
| ১। গোবিন্দ প্রসাদ সিংহ পিতা-দিবাকর সিংহ, গঙ্গাজলঘাটী, বাঁকুড়া | ৭।৮।১৯৪২, ৯৩০ Def. of ১৮।০৯।১৯৪২ | মেদিনীপুর সেন্ট্রাল জেল, ২৪।১০।১৯৪২ থেকে। |
| ২। জগদিশ পালিত, পিতা-শরৎ চন্দ্র পালিত, বেতুড়, পাত্রসায়র, বাঁকুড়া | ৭।০৮।১৯৪২, ৯২৯ Def. of ১৮।০৯।১৯৪২ | ঐ ২১।১০।১৯৪২ থেকে |
| ৩। জয়ন্ত কুমার চ্যাটার্জী, পিতা-কালিপদ চ্যাটার্জী, বিহারজুড়িয়া, গঙ্গাজলঘাটী, বাঁকুড়া | ৭।০৮।১৯৪২, ৯২৮ Def. of ১৮।০৯।১৯৪২ | ঐ ২১।১০।১৯৪২ থেকে |

| আন্দোলনকারীর নাম | গ্রেপ্তার ও শাস্তি বিধানের তারিখ | যে জেলে রাখা হয়েছিল |
|---|---|---|
| ৪। কানাইলাল দে,<br>স্বর্গীয়- কেনারাম দে,<br>কাকাটীয়া,<br>পাত্রসায়র, বাঁকুড়া | ৭।০৮।১৯৪২,<br>৯২৭ Def. of ১৮।০৯।১৯৪২ | মেদিনীপুর সেন্ট্রাল জেল,<br>২৪।১০।১৯৪২ থেকে। |
| ৫। রাজবল্লভ পাঠক,<br>পিতা- চৈতন্যদাস পাঠক<br>পুরুলিয়া, সিমলাপাল,<br>বাঁকুড়া | ৭।০৮।১৯৪২, ৯২৫ Def. of<br>১৮।০৯।১৯৪২ | ঐ<br>২১।১০।১৯৪২ থেকে |
| ৬। গোবিন্দ চ্যাটার্জী,<br>পিতা- নিধিরাম চ্যাটার্জী<br>বাঁকুড়া | ৭।০৮।১৯৪২, ৯২৬ Def. of<br>১৮।০৯।১৯৪২ | ঐ<br>২১।১০।১৯৪২ থেকে |
| ৭। অশোক চ্যাটার্জী,<br>স্বর্গীয় প্রমথনাথ চ্যাটার্জী,<br>স্কুলডাঙ্গা, বাঁকুড়া | ৭।০৮।১৯৪২, ৯২৪ Def. of<br>১৮।০৯।১৯৪২ | ঐ<br>২১।১০।১৯৪২ থেকে |
| ৮। রামকৃষ্ণ দাস,<br>পিতা- গোবিন্দ দাস,<br>রামপুর, বাঁকুড়া শহর | ৭।০৮।১৯৪২, ৯২৩ Def. of<br>১৮।০৯।১৯৪২ | ঐ<br>২১।১০।১৯৪২ থেকে |
| ৯। ইন্দু ভুষণ সাঁই<br>পিতা- স্বর্গী রোহিনি সাঁই<br>বিষ্ণুপুর, বাঁকুড়া | ৭।০৮।১৯৪২, ৯২২ Def. of<br>১৮।০৯।১৯৪২ | ঐ<br>২১।১০।১৯৪২ থেকে |
| ১০। কমল কৃষ্ণ রায়<br>পিতা- স্বর্গীয় দ্বারকা রায়<br>বাঁকুড়া শহর | ৭।০৮।১৯৪২, ৯২৫ Def. of<br>১৮।০৯।১৯৪২ | ঐ<br>২১।১০।১৯৪২ থেকে |

Source - Government of Bengal Home Department, Defense Branch, File No. W. 196/42(B), List of persons arrested under Rule 129 D. I. R. in connection with Civil Disobedience Movement.

৫

আন্দোলনের সূচনাকালীন পর্বে জেলার প্রথম সারির কংগ্রেস নেতৃত্ব কারান্তরালে চলে যাওয়ায় বামপন্থীরা নেতৃত্বের সামনের সারিতে চলে আসে। ১৯৪২ এর মে মাস থেকেই বামপন্থী কৃষক সমিতিগুলি জেলার বিভিন্ন গ্রামে ১২টি

ফ্যাসিস্ট বিরোধী সভার আয়োজন করে। বড়জোড়া থানার বাথানবেড়া গ্রামে কৃষক সম্মেলনে অনুষ্ঠিত হয় ও গ্রামরক্ষী বাহিনীতে প্রায় ১০০ ভলেন্টিয়ার যোগ দেয়। বিষ্ণুপুর শহরেও কমিউনিস্ট রক্ষীবাহিনী গড়ে ওঠে সম্ভাব্য জাপানী আক্রমনের মোকাবিলা করার জন্য।[৩২] জনযুদ্ধের লাইন সত্ত্বেও জেলা প্রশাসন বামপন্থীদের সম্পূর্ণ বিশ্বাস করতে পারেনি। তাই আন্দোলন শুরুর সামান্য আগে ১৯ জুলাই ১৯৪২ বাঁকুড়ায় ছাত্রফেডারেশনের সভাপতি কমরেড অজিত সিংহ ও সম্পাদক কমরেড শিশির মুখার্জীর বাড়ীতে পুলিশ খানা তল্লাস করে।[৩৩] অর্থাৎ বামপন্থীদের কেন্দ্রীয় নেতৃত্ব ফ্যাসীবিরোধী যুদ্ধে সোভিয়েতের সহযোগী হিসাবে ব্রিটিশের যুদ্ধ প্রচেষ্টায় সহযোগীতার কথা বার বার বললেও আঞ্চলিক স্তরে নেতৃবর্গের ফ্যাসীবিরোধী ও ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিরোধী মানসিকতা তাদের দমন নীতির আওতায় নিয়ে এসেছিল। আগস্ট আন্দোলন শুরু হলে জেলার প্রথম সারির বাম নেতৃত্বকে পুলিশ গ্রেপ্তার করে। ১৯৪৩-এর শুরুর দিকেই উদয়ভানু ঘোষ গ্রেপ্তার হন (ভারত রক্ষা আইনে)। তার আগেই অবশ্য ফরোয়ার্ড ব্লকপন্থী অশোকানন্দ বসু ধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, বীরেশ্বর ঘোষ প্রমুখদের পুলিশ তুলে নিয়েছে। ১৯৪৩ এর মার্চে ফরোয়ার্ড ব্লকের সামনের সারিতে থাকা উমা ঘোষ গ্রেপ্তার হন।[৩৪] ১৯৪২-এর আগস্টের শেষ দিক থেকে বামপন্থীদের নেতৃত্বে জেলায় জাতীয় দাবী দিবস পালন, রক্ষী বাহিনী গঠন, জাপ বিরোধী প্রচার ও কৃষক সভা গঠনের কাজগুলি এগিয়ে চলেছিল।[৩৫] ২৬ জুলাই জেলার উত্তর প্রান্তে তিলুড়ি গ্রামে জাপ বিরোধী সম্মেলনে সভাপতিত্ব করেন কমরেড প্রমথ ঘোষ। আর বক্তব্য রাখেন অধ্যাপক নিহার সরকার (কমিউনিস্ট) এবং কমরেড বীরেশ্বর ঘোষ (ব্লকপন্থী)। এই সভা থেকে জাতীয় সরকার, কৃষকের ঋণ ও বাকী খাজনা মুকুব প্রভৃতি দাবী ওঠে।[৩৬]

ব্রিটিশ বিরোধী আন্দোলনের আবহে বামপন্থীরা শহর ও গ্রামাঞ্চলে তৃণমূল স্তরে সংগঠনকে পৌছে দেওয়ার কাজ শুরু করে। 'জনযুদ্ধ' সংবাদ দিচ্ছে ১৯৪২ এর সেপ্টেম্বরে শহরের আটটি পাড়ার মধ্যে পাঁচটিতে মেয়েদের পাড়া কমিটি গড়ে উঠেছিল, উদ্দেশ্য ছিল বৈঠক, আলোচনা, সাধারণ সভা, পোস্টার প্রদর্শনী প্রভৃতির মাধ্যমে সাম্রাজ্যবাদ বিরোধী সচেতনতা তৈরি করা।[৩৭] এই পাড়া কমিটিগুলিকে সম্ভাব্য জাপ আক্রমনের সামনে নিজেদের সম্মান বাঁচানোর তাগিদে আত্মরক্ষার কৌশল শিক্ষাদানের ব্যবস্থা হয়। মেয়েদের এই পাড়া কমিটি তৈরির ধারণা যথেষ্ট জনপ্রিয় হয়েছিল এবং বিষ্ণুপুর, সানাবাঁধ, খাতড়া, তিলুড়ি প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়ে।[৩৮] বামপন্থীদের জনরক্ষা কমিটি ও কৃষক সমিতিগুলি শহর ও

গ্রামাঞ্চলে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহ অক্ষুণ্ণ রাখে এবং মজুতদারী, আড়ৎদারীর বিরুদ্ধে অভিযান শুরু করে।[৩৯] বামপন্থীদের এই 'pro-people' উদ্যোগ তাদের কিছুটা হলেও জনগণের কাছাকাছি নিয়ে আসে। একদিকে জেলার প্রথমসারির কংগ্রেস নেতৃত্বের অনুপস্থিতি, আর অন্যদিকে জনযুদ্ধের লাইন নেওয়ার কারণে কমিউনিস্টদের প্রতি সরকারের কিছুটা নরম মনোভাব বাঁকুড়া জেলায় বামপন্থীদের কর্মক্ষেত্রকে প্রসারিত করেছিল। জেলার মহিলাদের নিয়ে গঠিত তরুনী সংঘ 'জাগরণ' নামে একটি পত্রিকা প্রকাশ করে যুবক ও মহিলাদের মধ্যে বামপন্থী আদর্শের প্রসার ঘটাতে থাকে। ব্লকপন্থীরাও ভিন্ন ভাবে মহিলাদের সংগঠিত করে বামপন্থী প্রচেষ্টাকে বাধা দিতে সচেষ্ট হয়।[৪০] ব্লকপন্থীদের বিরোধীতা সত্ত্বেও বামপন্থীরা ক্রমশ জেলায় তাদের আন্দোলনের ভিত্তিকে সুদৃঢ় করতে থাকে প্রধানত ক্রমবর্দ্ধমান খাদ্য সঙ্কটকে সামনে রেখে। জেলায় বামপন্থীদের উদ্যোগে ১৩ থেকে ২৭ মার্চ ১৯৪৩, বার বার কৃষক শ্রমিকদের ভুকা মিছিল ম্যাজিস্ট্রেটের কাছে আসে এবং সরকারকে বাধ্য করে Control Grain Ship জেলায় খুলতে।[৪১] এই ধরণের উদ্যোগ বামপন্থীদের সম্পর্কে ইতিবাচক মানসিকতা সৃষ্টি করেছিল। বাঁকুড়া শহর ছাড়াও বড়জোড়া, ঘুটগোড়িয়া, মালিয়াড়া প্রভৃতি ইউনিয়ানের কৃষক ও কমিউনিস্ট কর্মীদের উদ্যোগে ৪০০০ নরনারীর মিছিল ইউনিয়ান বোর্ডের প্রেসিডেন্টের কাছে গিয়ে তাদের খাদ্যাভাবের প্রতিকার দাবী করে।[৪২]

১৯৪৩ নাগাদ ভারতছাড়ো আন্দোলনের কম উগ্র এবং সবথেকে বেশীদিন স্থায়ী তৃতীয় পর্বে খাদ্য সঙ্কট ও তার প্রতিরোধে জনগণের সংগ্রামী মনোভাব বাঁকুড়ার মত প্রান্তিক দরিদ্র জেলায় ব্রিটিশ বিরোধী আন্দোলনের প্রাণশক্তি জুগিয়েছিল। বামপন্থীরা এই বিষয়টির প্রতি সর্বাধিক গুরুত্ব আরোপ করায় তাদের জনপ্রিয়তা ক্রমশ বাড়তে শুরু করে। জেলা ম্যাজিস্ট্রেট কমিউনিস্টদের দ্বারা পরিচালিত খাদ্য কমিটিকে মেনে নিতে বাধ্য হন। বাঁকুড়া শহর ছাড়াও বড়জোড়া, ওন্দা প্রভৃতি স্থানে খাদ্য কমিটি গড়ে উঠতে থাকে। বাঁকুড়া ও বিষ্ণুপুরে নিয়ন্ত্রিত মূল্যের চালের দোকান খোলা হয়। কিন্তু এর দ্বারা সমগ্র জেলার খাদ্য সমস্যার সমাধান সম্ভব ছিল না। তাই কমিউনিস্টরা গ্রামীন অঞ্চলে খাদ্য কমিটি গঠনের উপর জোর দেয়।[৪৩] খাদ্য আন্দোলনের ও খাদ্য কমিটি গঠন বাঁকুড়া ও বিষ্ণুপুরে চালের জন্য দাঙ্গার পরিমান অনেক কমিয়ে দেয়। বিষ্ণুপুর শহর সহ বড়জোড়া, বাগুলি, ওন্দা প্রভৃতি গ্রামে খাদ্য কোপারেটিভ গঠনের ক্ষেত্রেও বামপন্থীরা সাফল্য লাভ করে।[৪৪] এমনকি জেলার কংগ্রেস নেতৃত্ব ও অনেকক্ষেত্রে কমিউনিস্টদের pro-people ভূমিকাকে সমর্থন জানায়। জেলার নেতাদের মধ্যে জগদিশ পালিত

জেল থেকে লেখা চিঠিতে স্পষ্ট উল্লেখ করুন '... দেশের এই সঙ্কটজনক মুহুর্তে কমিউনিস্ট পার্টির কর্মপন্থায় সকল প্রতিষ্ঠানের গ্রহণযোগ্য। নাশকতামূলক কার্য্য ফ্যাসিস্ট শক্তিবর্গ বিশেষভাবে জাপ আক্রমনের সুবিধা করে। সেই জন্য বিভ্রান্ত দেশ সেবকগণ যাহাতে উক্ত পথ হইতে বিরত হইয়া ফ্যাসিস্ট বিরোধী প্রচার কার্য্য চালায়, আত্মরক্ষা কমিটি গঠন করে, খাদ্য ও বস্ত্র সঙ্কটের জন্য কমিটি গঠন ও ফসল বাড়ানোর জন্য সকল প্রতিষ্ঠানের লোক দ্বারা সমিতি গঠন করিয়া কার্যকর ব্যবস্থা করে তার উপায় নির্ধারণ করা উচিৎ।'[৪৫]

১৯৪৪ সালের শুরু থেকেই সমগ্র জেলা জুড়ে তীব্র হতে থাকা খাদ্যসঙ্কট ব্রিটিশ বিরোধী গণ-আন্দোলনের শেষ রশ্মিটুকুকেও মুছে ফেলেছিল। একদিকে দুর্ভিক্ষের পরিবেশ, কালোবাজারী, মজুতদারী ও ধর্মগোলা গুলোর অত্যাচার[৪৬], আর অন্যদিকে ম্যালেরিয়া ও কলেরার অত্যাচার দেশের স্বাধীনতার পূর্বের তিনটি বছরে জেলায় যে আতঙ্কের পরিবেশ তৈরি করেছিল তার মোকাবিলায় কংগ্রেস ও বামপন্থীরা একযোগে অগ্রসর হয়। যেমন দেখা যায় ১৯৪৪-এ কমিউনিস্ট নেতা প্রমথ ঘোষ কংগ্রেস কর্মীদের সাহায্য নিয়ে আমন ধান রক্ষা করতে তৎপর হন।[৪৭]

৬

১৯৪০ এর দশকে দেশের স্বাধীনতা লাভের পূর্বের কয়েকটি বছরে সারা দেশ জুড়ে ব্রিটিশ বিরোধী স্বতঃস্ফূর্ত জাতীয়তাবাদী আবেগের পরিমন্ডলে আমাদের আলোচ্য বাঁকুড়া জেলাও একেবারে পেছিয়ে ছিল একথা বলা যায় না। ভারত ছাড়ো আন্দোলনের তীব্রতা বাংলার অন্যান্য জেলাগুলির মত কমবেশি এই জেলাকেও স্পর্শ করেছিল। তবে সমগ্র উপনিবেশিক সময়কাল জুড়ে এই জেলার অস্তিত্বের সঙ্গে জড়িয়ে থাকা অভাব ও দুর্ভিক্ষ তাকে কখনোই সর্বাত্মক ব্রিটিশ বিরোধীতার কথা ভাবতে দেয়নি। বরং অস্তিত্ব রক্ষার প্রশ্নে ঔপনিবেশিক শক্তির সাথে সমঝোতার পথে যেতে হয়েছিল বার বার। তবে আবার এই অর্থনৈতিক সঙ্কটই এই জেলার আঞ্চলিক স্তরে জাতীয়তাবাদী কংগ্রেস, বামপন্থী কমিউনিস্ট বা হিন্দুমহাসভার মত দক্ষিনপন্থী দলগুলিকে একই সমান্তরালে এনে উপস্থিত করেছিল। কমিউনিস্টরা তাদের আদর্শগত ভিন্নতা সত্ত্বেও জেলার জনগণের কাছে সমান জনপ্রিয় হয়ে উঠেছিল। কারণ জনগণের সার্বিক উন্নয়নের জন্য কাজ করার প্রয়োজন ছিল প্রকট। ১৯৪৫-এ জেলার কংগ্রেস নেতৃত্বের জেল থেকে মুক্তির পর কংগ্রেস আবার ভোটের রাজনীতি এবং গোষ্ঠীবিভাজনের চেনা ছকে ফিরে যায়। আর বামপন্থীরা যুক্ত থাকে জেলার গ্রামীন পরিমন্ডলে নিজেদের প্রভাব বিস্তারের কাজে।

তথ্যসূত্র ঃ

১। সুমিত সরকার, *আধুনিক ভারত*, কলকাতা, কে পি বাগচি, ১৯৯৩, পৃ ৩৯৫।

২। ঐ।

৩। Y. B. Mathur, *Quit India Movement*, Delhi, Pragati Publication, 1979, p. 29.

৪। N. Mansergh and E. W. R. Lumba Ed. *The Transfer of Power 1942-1947*, Vol. II, London, 1971, pp. 447-450.

৫। K. K. Chauduri, *Quit India Revolution : The Ethos of Its Central Direction*, Mumbai, Popular Prakashan, 1996, p. 102.

৬। অমলেন্দু সেনগুপ্ত, *উত্তাল চল্লিশ অসমাপ্ত বিপ্লব*, কলকাতা, পাল পাবলিশার্স, ১৯৫৭, পৃ ৮।

৭। সুমিত সরকার, ঐ, পৃ ৩৯১।

৮। ঐ, পৃ ৪০১-৪০২।

৯। অমলেন্দু দে, *বাংলায় ভারতছাড়ো আন্দোলন*। কলকাতা, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ২০০৩, পৃ ২৩২-২৩৩।

১০। বীরেশ্বর ঘোষ, *চলার পথে*, পৃ ৩০।

১১। সরোজ মুখার্জী, *ভারতের কমিউনিস্ট পার্টী ও আমরা*, ১ম খণ্ড, পৃ ২৭-২৯।

১২। উদয়ভানু ঘোষ, *বাঁকুড়ায় কমিউনিস্ট পার্টীর গঠনপর্ব ও সমকালীন রাজনীতি*, বাঁকুড়া, ধামসা-মাদল প্রকাশনী, ২০০২, পৃ ২০।

১৩। বীরেশ্বর ঘোষ, ঐ, পৃ. ৩৪-৩৫।

১৪। উদয়ভানু ঘোষ, ঐ, পৃ ৫১।

১৫। বীরেশ্বর ঘোষ, ঐ, পৃ ৩১।

১৬। উদয়ভানু ঘোষ লিখেছেন, ‘আমরা প্রকাশ্যে ইংরেজদের সমর্থন করে যে ভূমিকা পালন করেছিলাম তার মূল্য বহুকাল আমাদের দিতে হয়েছে। সরকারের সাহায্যের পুরস্কারস্বরূপ কমিউনিস্ট পার্টী বেআইনী থেকে আইনী হয়; কিন্তু তার রাজনৈতিক অগ্রগতি থমকে যায়। উদায়ভানু ঘোষ, ঐ, পৃ ৩৭।

১৭। উদয়ভানু ঘোষ, ঐ পৃ ৪৭; দেবব্রত চট্টোপাধ্যায়, *কমিউনিস্ট আন্দোলনের কয়েক দশক; একটি রাজনৈতিক স্মৃতিচারণ*, কলকাতা, সপ্তাহ পাবলিকেশন, ১৯৯৯, পৃ ৬।

১৮। উদয়ভানু ঘোষ, ঐ, পৃ ৪৯।

১৯। Government of Bengal : Home (Pol), 150/1943, p. 44.

২০। J. C. Johari, *Voices of Indian Freedom Movement*, Vol. V, Part. III, New Delhi, Akashdeep Publication, 1958, pp. 474-475.

২১। Government of Bengal : Home (Pol), 150/1943, p. 25.

২২। তারা প্রসাদ সিক্দার, '*ভারতছাড়ো যা দেখেছি*' *ভারতছাড়ো সরণ বিশেষ সংখ্যা*, ১৯৯২, পৃ ৫২।

২৩। ঐ, পৃ ৬১।

২৪। Dr. Ladi Mohan Roychaudhury, *The Quit India Movement 1942, A Collection of Documents*, VOL. I, Govt. of West Bengal, 1993, p. 40.

২৫। Dr. Ladli Mohan Roychaudhury, *Ibid*, pp. 40-41.

২৬। *Ibid*, pp. 61-62.

২৭। Government of Bengal : Home (Pol), 150/1943, p. 213.

২৮। *Ibid*.

২৯। Dr. Ladli Mohan Roychaudhury, *Ibid,* p. 62.

৩০। অমলেন্দু দে, পূর্বোক্ত, পৃ ২৯৫।

৩১। Dr. Ladli Mohan Roychoudhury, *Ibid*, p. 61.

৩২। *জনযুদ্ধ*, ১৭ জুন, ১৯৪২।

৩৩। উদয়ভানু ঘোষ, ঐ, পৃ ২।

৩৪। উমা ঘোষ ছিলেন জেলার অন্যতম কংগ্রেস নেতা অহীন্দ্রনাথ ঘোষের কন্যা। তাঁর পরিবারের প্রত্যেক সদস্য ছিলেন ব্রিটিশ বিরোধী আন্দোলনের সঙ্গে যুক্ত। উমা ঘোষ, *খোলা জানালা*, পৃ ১৮।

৩৫। *জনযুদ্ধ*, ১৯ আগস্ট, ১৯৪২।

৩৬। *জনযুদ্ধ*, ১৯ আগস্ট, ১৯৪২।

৩৭। *জনযুদ্ধ*, ২৩ সেপ্টেম্বর, ১৯৪২।

৩৮। প্রবাসী, অগ্রহায়ণ, ১৩৪৯ বঙ্গাব্দ, পৃ ১২২।

৩৯। *জনযুদ্ধ*, ৭ অক্টোবর, ১৯৪২।

৪০। *জনযুদ্ধ*, ২৪ মার্চ, ১৯৪৩।

৪১। *জনযুদ্ধ*, ৩১ মার্চ, ১৯৪৩।

৪২। *জনযুদ্ধ*, ৭ এপ্রিল, ১৯৪৩।

৪৩। *জনযুদ্ধ*, ৯ জুন, ১৯৪৩।

৪৪। *জনযুদ্ধ*, ৭ জুলাই, ১৯৪৩।

৪৫। *জনযুদ্ধ*, ২৮ জুলাই, ১৯৪৩।

৪৬। *জনযুদ্ধ*, ৮ মার্চ, ১৯৪৪।

৪৭। *জনযুদ্ধ*, ১৯ জানুয়ারী, ১৯৪৪।

# স্বাধীন তাম্রলিপ্ত জাতীয় সরকার প্রসঙ্গ : হিংসা-অহিংসার দোলাচলে কুমারচন্দ্র ও অজয়কুমার এবং প্রাসঙ্গিক কিছু কথা

অশোক কুমার পট্টনায়ক

মহাকাব্য মহাভারতের মতো বিশাল ব্রিটিশ সাম্রাজ্যবাদী বিরোধী ভারতের জাতীয় মুক্তিসংগ্রাম। অগনন ঘটনা, আন্দোলনের নানা ধারা, আদর্শের সমাবেশ ও এদের পারস্পরিক ক্রিয়াপ্রতিক্রিয়ার ফলে এসেছে ভারতবর্ষের স্বাধীনতা। স্বাধীনতা সংগ্রামীদের মরণপন সংগ্রাম, আত্মবলিদানের সব ঘটনা জাতীয় ইতিহাসে ঠাঁই পায় না। এই অজস্র ঘটনাস্রোতের মধ্যে ৪২-এর অগ্নিক্ষরা দিনে ভারতছাড় আন্দোলনের পটভূমিতে গড়ে ওঠা কয়েকটি স্বাধীন জাতীয় সরকারের সঙ্গে মেদিনীপুরের তমলুক মহকুমার তাম্রলিপ্ত জাতীয় সরকারের নাম স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে গভীর চিহ্ন রেখে গেছে।

তাম্রলিপ্ত জাতীয় সরকার নিয়ে অজস্র লেখা রয়েছে। এখানে মূলতঃ আলোচনা করা হয়েছে গান্ধীবাদী হয়েও এই সরকারের কুশীলবেরা যে হিংসার আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন তাঁর পূর্বে তাঁদের মনেও যে হিংসা-অহিংসার দ্বন্দ্ব এসেছিল সেই বিষয়টি নিয়ে। তাম্রলিপ্ত জাতীয় সরকারের সমাপ্তি ঘটানোর পর অহিংসার পূজারী মহাত্মা গান্ধী এ ব্যাপারে সরজমিনে দেখতে ১৯৪৫ সালের ২৫ ডিসেম্বর মহিষাদলে আসেন এবং ২৯ ডিসেম্বর পর্যন্ত অবস্থান করে খবরাখবর নেন যার স্মরণে আজও মহিষাদল প্রতিবছর ঐ দিনগুলিতে গান্ধীমেলা বসে।

সেই সময়ের রাজনৈতিক পরিস্থিতি, জাতীয় সরকারের কুশীলব যেমন অজয়কুমার মুখোপাধ্যায়, সতীশচন্দ্র সামন্ত, রজনীকান্ত প্রামাণিক, সুশীল কুমার ধাড়া প্রমুখ এবং তদানীন্তন মেদিনীপুরের জেলা কংগ্রেস সভাপতি কুমারচন্দ্র জানার প্রসঙ্গ বারবার এসে পড়বে। জাতীয় সরকারের প্রধান স্থপতি অজয়কুমার,

সতীশচন্দ্র ও সুশীলকুমারের চেয়ে কুমারচন্দ্র জানা (২৮.১১.১৮৮৯-৬.৫.১৯৭৩) বয়সে অনেকটা বড়। সুতাহাটার গরীব কৃষক পরিবারের সন্তান মেধাবী জ্ঞানপিপাসু কুমারচন্দ্র পড়াশুনার বহু বাধা অতিক্রম করে বেশি বয়সে কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজে রসায়নে অনার্স নিয়ে পড়েও অসহযোগ আন্দোলনের ডাকে শেষ পরীক্ষা দিতে পারেন নি। এ ডাক যে তাঁর জীবনদেবতা গান্ধীজীর ডাক। ১৯২২ সালে মেদিনীপুরে প্রথম থানাস্তর পর্যন্ত কংগ্রেস কমিটি গঠিত হলে সুতাহাটা থেকে তমলুক মহকুমা কংগ্রেস কমিটিতে কুমারচন্দ্র সদস্য হয়েছিলেন। স্বাধীনতা আন্দোলন ও বাপুজীর গঠনমূলক কাজ দুটিই সমানভাবে চালিয়ে গেছেন। মানুষটি কেমন ছিলেন একটি উদাহরণ দিই। ১৯২৯ সালে বোঝা যাচ্ছিল জাতীয় কংগ্রেস অধিবেশনে দেশের পূর্ণ স্বাধীনতার দাবি উঠবে। ১৯২৯ সালের ৩১ ডিসেম্বর মধ্যরাতে ইরাবতীর নদীর ধারে যখন পূর্ণ স্বাধীনতার ঘোষণা হল তখন গণআন্দোলনের প্রস্তুতি ও বাপুজীর ডাকে মানুষকে প্রস্তুত করার কাজে যাতে সরকারির চরম নির্যাতন ও অত্যাচার সহ্য করার মানসিকতা তৈরি হয় তার চেষ্টা চালিয়ে গেছেন কুমারচন্দ্র। একরোখা কুমারচন্দ্র নিজের কষ্ট সহ্য করার প্রস্তুতিতে নিজের বন্ধু ও স্বেচ্ছাসেবকদের দিয়ে শরীরে বেত্রাঘাত করিয়ে রক্তাক্ত হয়েছিলেন।

সেসময় তমলুক মহকুমা কংগ্রেসের গুরুত্বপূর্ণ নেতা হয়ে উঠছিলেন কুমারচন্দ্রের অত্যন্ত স্নেহভাজন প্রেসিডেন্সি কলেজের উদ্ভিদবিদ্যায় অনার্সের ছাত্র তমলুকের অজয়কুমার মুখোপাধ্যায় (১৫.৪.১৯০১-২৭.৫.১৯৮৬), শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্র মহিষাদলের সতীশচন্দ্র সামন্ত (১৫.১২.১৯০০-৪.৬.১৯৮৩), বি.এ, বি.এল পাশ তমলুক কোর্টের আইনজীবি মা সারদামনির মন্ত্রশিষ্য তমলুক রামকৃষ্ণ মধ্য-মিশনের গঠনপর্বের সক্রিয় কর্মী রজনীকান্ত প্রামাণিক (১.৭.১৮৯৮-২৫.১১.১৯৬৮)।

আধুনিক মেদিনীপুরের ইতিহাসে অসহযোগ আন্দোলনের সূত্রে দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের ইউনিয়ন বোর্ড প্রতিরোধ আন্দোলন এক মাইলস্টোন। ইউনিয়ন বোর্ডের মাধ্যমে সরকারের গ্রামবাসীদের ওপর অতিরিক্ত কর চাপানো এবং গ্রামাঞ্চলে সরকারী প্রভাব বিস্তারের অশুভ প্রভাব ঠেকানোর জন্য বীরেন্দ্রনাথ তাঁর অসাধারণ সাংগঠনিক প্রতিভায় অহিংসা অসহযোগের মাধ্যমে জেলার মানুষকে জাগিয়ে ব্রিটিশ সরকারকে ইউনিয়ন বোর্ড বাতিল করতে বাধ্য করেন। তাঁর একাজে কাঁথি ও তমলুকে অন্যান্য সহযোগীদের মধ্যে ছিলেন কুমারচন্দ্র জানা ও কিশোর অজয়কুমার মুখোপাধ্যায়। বীরেন্দ্রনাথ শাসমলের প্রেরণায় আন্দোলনের পাশাপাশি কুমারচন্দ্র নিজের গ্রামের পাশে অনন্তপুরে শুরু করলেন সাবলম্বী মানুষ

গড়ার জন্য জাতীয় বিদ্যালয়। জেলায় গড়ে ওঠা আরও তিনটি জাতীয় বিদ্যালয়ের একটি ছিল মহিষাদল থানার কাঁকুড়দা গ্রামে সতীশচন্দ্র সামন্ত ও তার সাথীদের গড়া জাতীয় বিদ্যালয়। অভিন্ন হৃদয় বন্ধু অজয়কুমার মুখোপাধ্যায় ও সতীশচন্দ্র সামন্তরও পড়াশুনা ছেড়ে অসহযোগ আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। কুমারচন্দ্রের মতই অজয়কুমার ও সতীশচন্দ্র আন্দোলনের পাশাপাশি গ্রামে গঠনমূলক কাজে গান্ধীজীর জীবনচর্যাকে প্রয়োগ করেছেন। এই গঠনমূলক কাজের একটি কেন্দ্র ছিল তমলুকের কাছে নিমতৌড়ি ও আশেপাশের গ্রামগুলি যার পাশ দিয়ে বর্তমানে চলে গেছে হলদিয়া যাওয়ার হাইওয়ে। এটি ছিল স্বাধীনতা সংগ্রামীদের একটি বড় মিলনক্ষেত্র। স্বনামখ্যাত গবেষক হিতেশরঞ্জন সান্যাল দেখিয়েছেন যেখানে গঠনমূলক কাজ ভাল হয়েছে সেখানে স্বাধীনতা আন্দোলও শক্তিশালী হয়েছে।

১৯৩০ সালে গান্ধীজীর লবন আইন অমান্যের সঙ্গে সঙ্গেই কাঁথি ও তমলুক মহকুমার মেতে উঠল। তমলুক মহকুমার ডান্ডি নরঘাটে লবন সত্যাগ্রহে আছড়ে পড়ল জনজোয়ার। অজয়কুমার, সতীশচন্দ্র, রজনীকান্ত জেলে গেলেন। কাছাকাছি সময়ে বালুরঘাট বাজারে গ্রেপ্তার হলেন কুমারচন্দ্র। সেদিনের কিশোর সুশীলকুমার ধাড়া (২.৩.১৯১১-২৮.১.২০১১) ম্যাট্রিক পরীক্ষা দেওয়ার পর লবন সত্যাগ্রহে স্বেচ্ছাসেবক হিসাবে যোগ দেন এবং পুলিশের হাতে ধরা পড়েন। পড়াশুনায় ছেদ পড়ার পর আবার সুশীলকুমার ১৯৩৫ সালে বিদ্যাসাগর কলেজে ভর্তি হয়ে আই. এ. পাশ করেন কিন্তু ঐ কলেজ থেকে বি.এ পরীক্ষা দিলেও প্রস্তুতির অভাবে কৃতকার্য হতে পারেন নি। আইন অমান্য আন্দোলনের পরের পর্যায়ে কুমারচন্দ্রের ডাকে তমলুকের অজয়কুমার সুতাহাটায় এসে লবন আইন অমান্য ও ট্যাক্স বন্ধ আন্দোলন করার জন্য গ্রামবাসীদের উদ্বুদ্ধ করেছিলেন। আন্দোলনের এই মুহূর্তে গান্ধীবাদী আন্দোলনের সঙ্গে মিলে গেছে মেদিনীপুর শহরে বিপ্লবী কার্যকলাপ। ১৯৩১-৩৩ সময়ে বিপ্লবীদের গুলিতে প্রাণ গেছে মেদিনীপুরের তিনি জেলা ম্যাজিস্ট্রেটের।

গান্ধী-আরউইন চুক্তির পর আইন অমান্য আন্দোলনের বন্দীরা ছাড়া পেলেন। ১৯৩১ সালে পুনর্গঠিত হল মেদিনীপুর কংগ্রেসের জেলা, মহকুমা, থানা, ইউনিয়ন কমিটি। কুমারচন্দ্রের নির্দেশে সুতাহাটার ১১টি ইউনিয়নে স্থাপিত হল ১১টি কংগ্রেস অফিস যা আগামী দিনে আন্দোলন ও গঠনমূলক কর্মসূচীকে রূপ দেবে। তমলুক মহকুমা কংগ্রেসের সভাপতি নির্বাচিত হলেন জননেতা উকিল শ্রীনাথ দাস, সম্পাদক হলেন অজয়কুমার। ১৯২১ সালে রাজনীতিতে যোগ দিলেও সারাক্ষণের নীরব কর্মী থেকে যুবকদের সংগঠিত করেছেন দুইবন্ধু অজয়কুমার ও সতীশচন্দ্র। উল্লেখ্য, ১৯৩৭ সালে প্রাদেশিক আইন সভার নির্বাচনে তমলুক মহকুমায় কংগ্রেস

প্রার্থী ডাঃ গোবিন্দ ভৌমিক জয়ী হলেন। এই নির্বাচনে দলের সাংগঠনিক কাজে তরুণদের নেতৃত্ব দিয়েছিলেন অজয়কুমার।

কুমারচন্দ্র আইন অমান্য আন্দোলনের পরেও দফায় দফায় সঙ্গীদের নিয়ে লবন তৈরি, মিউনিটিও ট্যাক্স বন্ধ আন্দোলনে নির্মম অত্যাচার সয়েছেন। জেলখানা হয়েছে তাঁর আপনঘর। ১৯২১-১৯৪৫ প্রায় ২৪ বছরের স্বাধীনতা আন্দোলন পর্বে কুমারচন্দ্র কারাগারে কাটিয়েছেন ১২ বছর। ১৯৩৫ সালে জেল থেকে বেরিয়ে কুমারচন্দ্র সুতাহাটার বাসুদেবপুরে নিজের বাড়ি থেকে কিছু দূরে একটি পুকুরপাড়ে তৈরি করলেন গান্ধী আশ্রম যা হয়ে উঠল দেশসেবকদের অতি আপনার স্থান, বাপুজীর আদর্শ ও কর্মধারাকে বাস্তবায়িত করার এক যজ্ঞক্ষেত্র। ১৯৩৬ সালে কুঁকড়াহাটির খাসমহলের অধীন সুতাহাটায় সরকারী খাস জমির ওপর সরকার টাকায় দশ পয়সা হারে খাজনা বৃদ্ধি করলে কুমারচন্দ্র সব শ্রেণির কৃষক নিয়ে তীব্র অহিংস আন্দোলন করে সরকারকে নতি স্বীকার করতে বাধ্য করেন।

১৯৩৮ সালে কংগ্রেসের থানা, মহকুমা ও জেলা কমিটি পুনরায় গঠিত হল। সুতাহাটা থানার সভাপতি কুমারচন্দ্র, তমলুক মহকুমার সভাপতি শ্রীনাথ দাস। জেলা কমিটির সভাপতি পদ নিয়ে প্রতিদ্বন্দ্বিতা হলে কুমারচন্দ্র ১১২-১৮ ভোটে শ্রীনাথ দাসকে পরাজিত করেন। সেই থেকে একনাগাড়ে ১২ বছর অর্থাৎ ১৯৩৮-১৯৪৯ পর্যন্ত কুমারচন্দ্র মেদিনীপুর জেলা কংগ্রেসের সভাপতি। অসাধারণ জনপ্রিয় কুমারচন্দ্র জেলার সর্বত্র ঘুরে কংগ্রেসের আদর্শ প্রচার করেছেন। আর তমলুক মহকুমা কংগ্রেসে তরুণ ও যুবকদের কাছে অবসিম্বাদী নেতা হয়ে উঠছেন অজয়কুমার।

দ্বিতীয় মহাযুদ্ধ আরম্ভ হওয়ার পর জাপানীরা সমুদ্রপথে আক্রমণ করলে বাংলার উপকূলবর্তী জেলা অর্থাৎ মেদিনীপুরে যাতে কোনো যানবাহন ও খাদ্যশস্য সংগ্রহ করতে না পারে সেজন্য সরকার যানবাহন ও খাদ্যশস্য আটক ও নিয়ন্ত্রণ শুরু করল। কুমারচন্দ্র, অজয়কুমার, সুশীলকুমার সবাই নিজ নিজ এলাকায় সরকারী এই নির্দেশের বিরুদ্ধে গর্জে উঠলেন। যুদ্ধের সময় দেশবাসীর করনীয় নিয়ে ১৯৪২ সালে মনোহরপুরে এক বিরাট সভার আয়োজন করলেন কুমারচন্দ্র। এই সম্মেলনে সহস্রাধিক চরকা কাটুনি যখন সারিবদ্ধভাবে সূতা কাটছিল তখন এক অপূর্ব দৃশ্যের সৃষ্টি হয়েছিল। নেতাদের মধ্যে কুমারচন্দ্রের বন্ধু ড. প্রফুল্ল ঘোষ ছাড়াও উপস্থিত ছিলেন অজয়কুমার ও সতীশচন্দ্র। তাঁরা আহ্বান জানিয়েছিলেন, এই পরিস্থিতিতে কুটীরশিল্পই দেশকে বাঁচাতে পারে। এই সময় কংগ্রেসের নেতৃত্বে সারা জেলার কংগ্রেসের গঠনমূলক কেন্দ্রগুলি যেন একসূত্রে গাঁথা হল। তখন পর্যন্ত কুমারচন্দ্রের সঙ্গে অজয়কুমার, সতীশচন্দ্র, রজনীকান্ত ও সুশীলকুমার সম্পর্কে কোন চিড় ধরে নি।

পরিস্থিতি পাল্টে গেল গান্ধীজীর ডাকে ভারতছাড় আন্দোলন শুরু হওয়ার পর। সর্বভারতীয় নেতারা বন্দী হলেন, আন্দোলনে নির্দেশ দেওয়ার কেউ রইল না। কুমারচন্দ্র জেলে। ভারতের বিভিন্ন অঞ্চলে ব্রিটিশ শাসনকে শেষ আঘাত হানার জন্য মহাবিদ্রোহে মেতে উঠল, দেশ, হিংসাত্মক ঘটনা ঘটল যথেচ্ছ। সারা দেশে আন্দোলনের মাতনে তমলুক মহকুমার কংগ্রেস নেতাদের মনে এসেছিল হিংসা-অহিংসার দ্বন্দ্ব। গান্ধীজীর নেতৃত্ব মেনেও সরকারী অত্যাচারকে ঠেকানোর জন্য অজয়কুমার, সতীশচন্দ্র ও রজনীকান্ত সে সময় সংগ্রামের প্রয়োজনে হিংসাকে আশ্রয় করতে পিছপা নয়। সুশীলকুমারের মনে প্রাথমিক দ্বন্দ্ব ছিল। কুমারচন্দ্র কিন্তু কোন পরিস্থিতিতেই হিংসার আশ্রয় নেবেন না। সতীশচন্দ্র ও অজয়কুমারের এই অবস্থান সম্বন্ধে মনে হয় গান্ধীজীর অনুগামী হলেও সতীশচন্দ্রের প্রথম জীবনের গুরু ছিলেন বিপ্লবী বৈদান্তিক সন্ন্যাসী স্বামী প্রজ্ঞানন্দ। অজয়কুমার ছিলেন সুভাষচন্দ্রের অনুরাগী ও কিছুটা বামপন্থী প্রবণতার পক্ষে। আরও যে বিষয়টি মনে আসে, ১৯৪২-এর সেই ক্ষণের সৃষ্ট আবেগে কুমারচন্দ্রের চেয়ে বয়সে অনেকটা ছোট সেদিনের তমলুক মহকুমা কংগ্রেসের তরুণ তুর্কী নেতা অজয়-সতীশ-রজনী ও তাদের অনুজপ্রতিম সুশীলকুমারের তারুণ্য বোঝাপড়া ও নৈকট্য এমন সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে। তমলুক মহকুমায় অজয়কুমারের ক্ষমতা প্রশ্নাতীত। সংগঠনের ওপর এই পূর্ণ নিয়ন্ত্রণ না থাকলে অজয়কুমার, সতীশচন্দ্র ও সুশীলকুমারের পক্ষে প্রয়োজনে হিংসাত্মক আন্দোলনের সিদ্ধান্ত নেওয়া সম্ভব হত না।

তমলুকের নেতাদের নিজস্ব সিদ্ধান্ত গ্রহণের পিছনে আর একটি বড় কারণ হল সেই সময় অবিভক্ত বাংলায় রাজনীতির চরম অস্থির অবস্থা। ১৯৩৫ সালের ভারত শাসন আইনের বলে ১৯৩৭ সালে বাংলায় কংগ্রেস দল কৃষক প্রজাপার্টির সঙ্গে মিলেজুলে সরকার গঠন না করায় ১৯৩৭ থেকে ৪১ কৃষক প্রজা পার্টি ও মুসলিম লীগের সরকার তৈরি হয়। আবার ১৯৪১ থেকে কৃষক প্রজাপার্টি ও হিন্দু মহাসভার নেতা শ্যামাপ্রসাদ মুখার্জী মিলিত সরকার চলে ১৯৪৩ সাল পর্যন্ত। যাকে বলা হত শ্যামা-হক মন্ত্রীসভা। তারপর ১৯৪৩ থেকে স্বাধীনতা লাভ পর্যন্ত মুসলিম লীগের দুটি সরকার চলেছে। ১৯৪১ সালে সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান। বাংলার কংগ্রেস দলের মধ্যেও নানা গোষ্ঠী। সুতরাং স্থানীয়ভাবে তমলুকের নেতাদের নিজস্ব সিদ্ধান্ত নেওয়ার কারণও ছিল।

তমলুক মহকুমায় অগাস্ট আন্দোলনের প্রথম স্ফুলিঙ্গ দেখা দিল ৮ সেপ্টেম্বর '৪২। মহিষাদল থানার দনিপুর বাজারে এক চালকল মালিক পুলিশের সাহায্যে নৌকাযোগে ধান বাইরে চালানের সময় গ্রামবাসীরা চালকল ঘিরে ফেললে

পুলিশের গুলিতে তিনজন নিহত হন। '৪২-এর তমলুকে এই প্রথম আত্মবলিদান। এরপর অজয়কুমার, সতীশচন্দ্র, সুশীলকুমারের নেতৃত্বে ক'দিনের দমবন্ধ প্রস্তুতির পর ২৯ সেপ্টেম্বর রাষ্ট্রক্ষমতার প্রতীক তমলুক মহকুমার থানাগুলি ও তমলুক কোর্ট দখলের চেষ্টায় মরন তুচ্ছ করে অগণিত মানুষের প্রাণের আবেগে ধেয়ে যাওয়া, গুলিতে মা মাতঙ্গিনীসহ অনেক দেশপ্রেমিকদের মৃত্যু ও আহত হওয়া দেশের মুক্তি সংগ্রামের ইতিহাসে তমলুক মহকুমাকে গৌরবের আসন দিয়েছে। অগাস্ট আন্দোলনে তমলুক মহকুমায় শহীদের মোট সংখ্যা ৪১ জন। ঘটনা ঘটে চলেছিল দ্রুতগতিতে। ১৬ অক্টোবরে ১৯৪২ সালের দুর্গাপূজার সপ্তমীর দিন তমলুক-কাঁথিতে এল প্রলয়ঙ্কর সাইক্লোন যাকে এখনো পুরোনো দিনের মানুষজন বলেন ঊনপঞ্চাশের ঝড় ও প্লাবন। শুধু সরকারী হিসাবে দশ হাজার মানুষের প্রাণ গিয়েছিল। ক্ষতির পরিমাপ কে করে? মহাযুদ্ধের সংকটে আর ভারতছাড় আন্দোলনের চাপে থাকা সরকার সাম্প্রদায়িক তাস খেলতে যত আগ্রহী, সরকারী ত্রাণে ততটা নয়। মন্ত্রী শ্যামাপ্রসাদ এঁই সময় ব্রিটিশ সরকারের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেছিলেন। ১৯৪৩-এ এল বাংলার ভয়াবহ দুর্ভিক্ষ।

তমলুক মহকুমার বিভিন্ন জায়গায় সরকারী পুলিশের সাহস না থাকায় সামরিক বাহিনির উপস্থিতি ও মদতে পুলিশ মহকুমার বিভিন্ন জায়গায় গৃহলুঠ, অগ্নিসংযোগ ও সর্বোপরি নরপশুর মতো নারীর সম্ভ্রম নষ্ট করেছিল। মেয়েদের ওপর পাশবিক অত্যাচারের বেদনা গভীরভাবে স্পর্শ করেছিল অজয়কুমারদের। তারপরে মানুষের পাশে দাঁড়ানোর জন্য ১৭ ডিসেম্বর ১৯৪২ সালে তমলুক মহকুমার এক বড় অংশ জুড়ে গঠিত হল সমান্তরাল সরকার — তাম্রলিপ্ত জাতীয় সরকার। জাতীয় সরকারের কার্যপ্রণালী ও চালিকাশক্তি বিদ্যুৎবাহিনী অর্থাৎ জাতীয় সমরবাহিনির কথা বহু আলোচিত। সতীশচন্দ্র, অজয়কুমার, সুশীল কুমার ধরাও পড়েন। তাঁদের আত্মগোপনের কাহিনিও চমকপ্রদ।

একুশ মাসের এই সরকারের যাঁরা সমালোচক তাঁরাও এই সরকারের বীরত্বপূর্ণ সংগ্রামকে কুর্নিশ জানিয়েছেন। এই সরকারতো সাধারণ অবস্থার সরকার নয়। প্রতিনিয়ত প্রবল রাষ্ট্রশক্তির আক্রমণ ও হানার সহ্য করে একে কাজ করতে হয়েছে। এদের কতটুকুই বা ছিল আগ্নেয়াস্ত্র! ছিল শুধু জনবল। ব্রিটিশ সরকার ও জাতীয় সরকারের মধ্যে চলেছে এলাকা নিয়ন্ত্রণে রাখার দড়ি টানাটানি। অস্তিত্ব রক্ষার প্রয়োজন কুখ্যাত অপরাধী ও ব্রিটিশের কাছে গোপনে সংবাদ পাচারকারীদের মৃত্যুদন্ড দিয়েছিল এই সরকার। অল্প কিছু সম্পন্ন মানুষের কাছে আদায় করেছিল কিছু অর্থ। বাইরের অর্থ সাহায্য না পাওয়ার মতো। দীর্ঘকাল জাতীয় সরকার

চালিয়ে যাওয়া সম্ভবপর ছিল না। গান্ধীজীর ডাকে সঠিক সময়ে ১৯৪৪ সালের ১ সেপ্টেম্বর জাতীয় সরকারের কাজের সমাপ্তি ঘটানো হল।

কারাবাসের পর ১৯৪৫ সালে বাসুদেবপুর গান্ধী আশ্রমে ফিরে এলেন কুমারচন্দ্র। তাঁর অনুগামীদের অনেকে জাতীয় সরকারের কাজে যুক্ত হয়ে অহিংসা আদর্শ থেকে বিচ্যুত হয়েছে বলে তিরস্কার করেন। এদিকে জাতীয় সরকারের কাজে হিংসার প্রয়োগ হয়েছে এমন অভিযোগ পেয়ে বাপুজী মহিষাদলে ২৫ ডিসেম্বর ১৯৪৫ সালে মহিষাদলে এলেন। নিজের সহকর্মীদের গ্রামে পাঠিয়ে নারীদের ওপর পুলিশ-মিলিটারির নারকীয় ঘটনা সম্বন্ধে নিশ্চিত হয়ে বাপুজী মর্মাহত। জাতীয় সরকারের নেতা সতীশচন্দ্র বাপুজীর বিচার নতমস্তকে গ্রহণ করবেন বলে জানালে বাপুজী বললেন বিচার করার তিনি কে? অহিংসার পথ থেকে সরে গেলেও এই সরকারের কাজকে বীরোচিত বলেন। অহিংসা নিয়ে তাঁর সারাজীবনের পরীক্ষা। সতীশচন্দ্রেরা নতুন করে অহিংসা ব্রতে ব্রতী হলেন। জেলা সভাপতি কুমারচন্দ্র মহিষাদলে বাপুজীর সঙ্গে দেখা করে বাপুজীর কথা মেনে নিলেন। কুমারচন্দ্রের আকুল আহ্বানে বাপুজী ২৯ ডিসেম্বর বিকালবেলায় বাসুদেবপুর গান্ধী আশ্রমে গেলেন এবং ভাষণ দিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৪৬ সালে নোয়াখালিতে সাম্প্রদায়িক দাঙ্গা থামাতে গান্ধীজীর সঙ্গে দুর্গত মানুষদের সেবার জন্য কুমারচন্দ্র সস্ত্রীক ২০ জন সেবককে নিয়ে গিয়েছিলেন।

তমলুক ও কাঁথির মানুষের স্বাধীনতার জন্য সংগ্রামের সামাজিক ভিত্তি নিয়ে আলোচনা করেছেন হিতেশরঞ্জন সান্যাল। অসহযোগ ও আইন অমান্য আন্দোলনে ভাগচাষী, ছোটচাষীরাই ছিল কংগ্রেসের জনবল। কিন্তু জোতদারদের অনেকে এই আন্দোলনগুলি সমর্থন করেছিল। টাকাকড়ি, ধানচালের জন্য জোতদারদের সাহায্যের প্রয়োজন ছিল। লবন সত্যাগ্রহ বা আইন অমান্য আন্দোলনে জোতদার ও ভাগচাষীরা কংগ্রেসের ছত্রছায়ায় একসঙ্গে আন্দোলন করেছিল কিন্তু আন্দোলনের শেষে ধানের ভাগ বাড়ানোর দাবীতে জোতদারদের বিরুদ্ধে ভাগচাষীদের আন্দোলন জোরালো হল। কংগ্রেস নেতারা বিভিন্ন জায়গায় ভাগচাষী-জোতদারদের বিরোধ মেটানোর চেষ্টা করতেন কিন্তু সবক্ষেত্রে মেটানো যেত না। ব্যাপারটি নিয়ে তমলুক মহকুমার কুমারচন্দ্র, অজয়কুমারেরা ভাবছিলেন। ডঃ প্রফুল্ল ঘোষের মতো বড় প্রাদেশিক নেতার পরামর্শ ছিল যে, দেশ স্বাধীনতার পরই ভাগচাষী, ছোটচাষীদের ব্যাপারে নেতারা সিদ্ধান্ত নেবেন। এখন কেবল স্বাধীনতা আন্দোলনকে শক্তিশালী করা দরকার। তমলুক মহকুমার কিছু কংগ্রেসকর্মী বামপন্থী কৃষক সমিতির সংস্পর্শে এসে পাঁশকুড়া ও তমলুক এলাকায়

জমিদার-জোতদার বিরোধী আন্দোলন গড়ে তোলেন। নরঘাটের জালপাই অঞ্চলে কৃষক সমিতির কাজের ফলে সশস্ত্র আন্দোলনে পরিস্থিতি তৈরি হয়েছিল। তমলুক মহকুমার কংগ্রেস নেতারা সহিংস কার্যকলাপের জন্য পরবর্তীকালে স্বনামখ্যাত কম্যুনিষ্ট নেতা ভূপাল পন্ডাসহ কয়েকজনকে বহিষ্কার করেন। এরপর থেকে ভাগচাষী ও দরিদ্র কৃষকদের একটা অংশের ওপর কম্যুনিষ্ট পার্টির প্রভাব বাড়তে থাকে। ১৯৪২-এর ভারতছাড় আন্দোলনের ক্রান্তিলগ্নে কাঁথি ও তমলুকের ব্রিটিশ বিরোধী বিদ্রোহে জোতদার-ভাগচাষী ও গরীব মানুষের ঐক্য প্রতিষ্ঠিত হয়েছিল। হিতেশরঞ্জনের বক্তব্য মেনে সমাজবিজ্ঞানী পার্থ চট্টোপাধ্যায় মনে করেন যে, এই আন্দোলনগুলিতে কৃষক সম্প্রদায়ের মধ্যেকার শ্রেণি বিভাজন পরিষ্কারভাবে অনুভূত হলেও রাষ্ট্রীয় ক্ষমতার বিরুদ্ধে কৃষকদের যৌথ প্রতিরোধের গুরুত্ব পরিলক্ষিত হয়েছে। তবে আমরা দেখছি স্বাধীনতার পর প্রথম সাধারণ নির্বাচনে তমলুক মহকুমায় কংগ্রেস অজয়কুমার মুখোপাধ্যায়ের মত শ্রদ্ধেয় ও শক্তিশালী নেতার প্রভাব সত্ত্বেও কম্যুনিষ্ট পার্টির প্রাপ্ত ভোট লক্ষ্যণীয় ছিল।

স্বাধীনতা আন্দোলনের সময় তমলুক ও কাঁথিতে প্রভাবশালী কৃষিজীবী মাহিষ্যজাতির ভূমিকা নিয়ে ইতিহাসবিদেরা আন্দোলন করেছেন। সামাজিক মর্যাদায় পিছিয়ে থাকা মাহিষ্য জাতির এক অংশের মধ্যে জোতদারি, ব্যবসা-বাণিজ্য ও শিক্ষালাভের সূত্রে জাতির সাংস্কৃতিক উজ্জীবন হয়েছিল এবং জাতীয় আন্দোলনে কংগ্রেসকে নেতৃত্ব দিতেও রাজনীতিতে প্রভাব বিস্তার করতে সমর্থ ছিল। তবে মাহিষ্যদের এক বড় অংশের মানুষ ছিলেন অর্থনৈতিক দিক দিয়ে দুর্বল। শুধু একটি কথা। সংখ্যাগরিষ্ঠতা সত্ত্বেও মাহিষ্যরা ভেদ রাজনীতিকে প্রশ্রয় না দিয়ে অন্য গ্রামীন নিম্নবর্ণের জাতি যথা পৌণ্ড্রক্ষত্রিয় ইত্যাদি জাতি এমন কি মুসলমান মানুষদের মেলবন্ধনে স্বাধীনতা আন্দোলনে ব্রিটিশবিরোধী ঐক্য গড়ে তুলেছিল। এখানে বাপুজীর শিক্ষা নিয়ে ব্রাহ্মণ অজয়কুমার হয়ে উঠেছিলেন কুমারচন্দ্র, সতীশচন্দ্র, রজনীকান্ত, সুশীলকুমারের সোদরপ্রতিম।

দেশভাগের পর পূর্ব পাকিস্তানে সাম্প্রদায়িক হাঙ্গামার প্রতিক্রিয়ায় সুতাহাটাসহ মেদিনীপুরের বিভিন্ন জায়গায় হিংসা ঘটলে সআম্প্রদায়িক সম্প্রীতি ফিরিয়ে আনার জন্য অক্লানত পরিশ্রম করেন কুমারচন্দ্র। পাশাপাশি চলেছে তাঁর খাদি উৎপাদনে উৎসাহ, অস্পৃশ্যতা দূরীকরণ, সর্বোদয় কর্মীদের উৎসাহিত করার কাজ। ১৯৪৭ সালের কুমারচন্দ্রের বিশ্বস্ত কর্মী বিশ্বপদ জানা চৈতন্যপুরে সুতাহাটা থানার প্রথম সাধারণ পাঠাগার প্রতিষ্ঠা করলে উদ্বোধন করেন তমলুকে অজয়কুমার। ১৯৪৮ সালে কুমারচন্দ্র সুতাহাটা থেকে প্রকাশ করেন 'গ্রামসেবা' পত্রিকা।

এরপর একদিকে কুমারচন্দ্র অন্যদিকে অজয়কুমারদের পথ গেল ভাগ হয়ে। গান্ধীজী আর নেই। দেশ পরিচালনার ভার পড়ল নেহেরু, বল্লভভাই প্যাটেলের হাতে। হাজারো সমস্যায় জর্জরিত দেশ। গ্রামে কুটিরশিল্প বিস্তারের গুরুত্ব নয়, গুরুত্ব পেল আধুনিক বিজ্ঞান প্রযুক্তির সাহায্যে দ্রুত উৎপাদন বৃদ্ধি। কংগ্রেস কর্মীদের মধ্যেও ঘটল বিচ্ছেদ। তৈরি হল কৃষক-মজদুর-প্রজাপার্টি অর্থাৎ কৃষক। মজদুর ও সাধারণ মানুষের হাতে ক্ষমতা দিতে হবে। দলের অন্যতম জাতীয় নেতা আচার্য কৃপালনি। পশ্চিমবঙ্গেও পট পরিবর্তন। স্বাধীনতার পর পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী হয়েছিলেন গান্ধীবাদী ড. প্রফুল্ল ঘোষ। তারপর মুখ্যমন্ত্রী হলেন ডা. বিধানচন্দ্র রায়। প্রফুল্ল ঘোষ, চারুচন্দ্র ভাণ্ডারী ও আরও কয়েকজনের সঙ্গে কুমারচন্দ্র কৃষক-মজদুর প্রজা পার্টিতে যোগ দিলেন। ১৯৫২ সালের প্রথম সাধারণ নির্বাচনে সুতাহাটা বিধানসভা কেন্দ্র থেকে কৃষক-মজদুর-প্রজাপার্টি প্রার্থী হিসাবে কংগ্রেস ও হিন্দু মহাসভা প্রার্থীকে হারিয়ে জয়ী হলেন কুমারচন্দ্র। কিন্তু গ্রামগঠন ও বিনোবা ভাবের ভূদানযজ্ঞে কাজ করবেন বলে সকলের নিষেধ সত্ত্বেও কুমারচন্দ্র বিধায়ক পদ ত্যাগ করলেন। আর অন্যদিকে দেশ গড়ার ডাকে অজয়কুমার, সতীশচন্দ্র, রজনীকান্ত ও সুশীলকুমার নেমে পড়লেন রাষ্ট্রপরিচালনার কর্মযজ্ঞে।

আলোচ্য কুশীলবদের সম্বন্ধে একালের কমবয়েসি পাঠকদের জানাই সতীশচন্দ্র সামন্ত সংবিধান রচনার জন্য গঠিত গণপরিষদের সদস্য হয়েছিলেন এবং ১৯৭৭ সাল পর্যন্ত তমলুক লোকসভা কেন্দ্রের সাংসদ থেকেছেন। জরুরী অবস্থার পর তাম্রলিপ্ত জাতীয় সরকারের প্রথম সর্বাধিনায়ক সতীশচন্দ্র ১৯৭৭-এর লোকসভা নির্বাচনে তাঁরই শিষ্য বিদ্যুৎবাহিনির পরিচালক জনতা দলের সুশীলকুমারের কাছে পরাজিত হয়েছিলেন। মৃত্যুর কয়েকবছর আগে শতায়ু সুশীলকুমার ধাড়াকে সাম্মানিক ডক্টরেট উপাধিতে ভূষিত করেছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়। আর অজয়কুমারকে ১৯৬৭ সালে প্রাণপ্রিয় কংগ্রেস দল বহিষ্কার করেছিল এবং তিনিও রাজনীতির ঘূর্ণাবর্তে অল্প সময়ের জন্য পরপর তিনবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হয়েছিলেন। মনে পড়ছে, যুক্তফ্রন্ট সরকারকে সরিয়ে রাষ্ট্রপতি শাসন জারি হলে ১৯৬৮ সালে গর্জে উঠেছিল পশ্চিমবঙ্গ। খবরের কাগজে পাতাজোড়া ছবির সঙ্গে শিরোনাম ছিল — আইন অমান্য '৪২-এর বিদ্রোহী অজয়কুমার। মনে হয়, গান্ধীবাদী জননেতা কুমারচন্দ্র রাজনীতির নানা কোলাহলেও আজও অনেকটা ঢেকে আছেন। এইসব জনসেবক দেশপ্রেমিকদের স্মৃতির উদ্দেশ্যে রইল প্রণাম।

[কুমারচন্দ্র, অজয়কুমার ও অন্যান্যদের সম্বন্ধে তথ্যগুলি পেয়েছিল তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটির প্রকাশিত বইগুলি থেকে]

# ৪২-এর আন্দোলনে তাম্রলিপ্ত জাতীয় সরকার : ফিরে দেখা

মনমোহন গুরু

ভারতের স্বাধীনতা সংগ্রামে ১৯৪২ খ্রীঃ-এর ভারতছাড়ো আন্দোলন বা আগস্ট আন্দোলন ব্রিটিশ ভারতের শেষ গণ-আন্দোলন হিসাবে ইতিহাসে চিরভাস্বর। সাম্রাজ্যবাদী শাসকের শত প্রতিরোধ উপেক্ষা করে জাতীয় নেতৃত্বহীন অবস্থায় সাধারণ ভারতবাসীর মুক্তি সংগ্রাম ছিল অভাবনীয় ঘটনা। এই সংগ্রামে মেদিনীপুর জেলার তমলুক মহকুমাবাসীর অবদান বিশেষভাবে স্মরণীয়। আন্দোলনটির একটি মৌলিক বৈশিষ্ট্য হিসাবে দেশের কিছু স্থানে (যেমন- উত্তরপ্রদেশের বালিয়া, গাজীপুর ইত্যাদি, মধ্যপ্রদেশের নাগপুর, আসামের নওগাঁও জেলা, মহারাষ্ট্রের সাতারা জেলা, বিহারের অধিকাংশ অঞ্চল, উড়িষ্যার বালেশ্বর, কটক, তালচের ইত্যাদি, বাংলার তমলুক ও কাঁথি মহকুমা) সমান্তরাল জাতীয় সরকার স্থাপিত হয়।[১] এগুলির মধ্যে তমলুক মহকুমায় গঠিত 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' (১৭.১২.১৯৪২-৩১.০৮.১৯৪৪ খ্রীঃ) তার গঠন ও কর্মকাণ্ডের নিরিখে ছিল উদ্ভাবনীয় এবং অনন্য। এই 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনার মাধ্যমে ৪২-এর আন্দোলনে তমলুকের অবদানকে ফিরে দেখার চেষ্টাই আমাদের প্রবন্ধের মূখ্য উদ্দেশ্য।

আলোচ্য অঞ্চলে ভারতছাড়ো আন্দোলনের পটভূমি তৈরিতে সরকারী কার্যকলাপের বিশেষ ভূমিকা ছিল বলা যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আবহে সারা দেশের ন্যায় দ্রব্য-মূল্যবৃদ্ধি, নিত্য-নতুন করের বোঝা, যুদ্ধ ও দেশ রক্ষার অজুহাতে জোরপূর্বক অর্থ আদায়[২] ইত্যাদি জোর-জুলুমের সঙ্গে জাপানের সমুদ্রপথে ভারত আক্রমণের সম্ভাবনা দেখা দিলে ব্রিটিশ প্রশাসন সমুদ্র উপকূল ও নদী-তীরবর্তী তমলুক ও কাঁথি মহকুমায় জরুরী অবস্থা ঘোষণা করে। যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করতে এই অঞ্চলের ছোট-বড় সমস্ত নৌকা এবং সমস্ত বাই-সাইকেল সরিয়ে ফেলার নির্দেশ দেয়। ফলত সরকারী কর্মচারী ও পুলিশের উৎপীড়নে আলোচ্য

অঞ্চলে জনজীবন বিপর্যস্ত হয় এবং জনসাধারণকে ক্ষিপ্ত করে তোলে।[৩] এর সঙ্গে সরকারী স্থানীয় প্রশাসনের জনস্বার্থবিরোধী খাদ্যনীতি এবং তার প্রতিবাদে ধরপাকড় সরকার ও জনগণের মধ্যে বিরোধ চরমে তুলে। এমতাবস্থায় স্থানীয় কংগ্রেস নেতৃত্ব পরিস্থিতির মোকাবিলায় ও জনসংযোগ রক্ষায় স্বেচ্ছাসেবক দল গঠনের পরিকল্পনা করে এবং শৃঙ্খলা ও প্রাথমিক রণকৌশল প্রশিক্ষণের জন্য কয়েকটি শিবির খোলা হয়।[৪] এই সময় সরকারের খাদ্যনীতির প্রতিবাদে মহিষাদল থানার দনিপুর গ্রামের জনগণ একটি চালকল থেকে চাল বাইরে পাচারের বিরোধিতা করলে পুলিশের গুলিতে ৩ জন প্রাণ হারায় (৮ সেপ্টেম্বর, ১৯৪২ খ্রীঃ)। শুধু তাই নয়, ঘটনার পরদিন প্রায় ২০০ গ্রামবাসীকে গ্রেপ্তার করা হয় এবং বিচারে ১৩ জনের জেল হয়।[৫] সরকারের এই সকল পদক্ষেপ এবং অত্যাচার জনগণকে ক্ষুব্ধ ও বিচলিত করলে হতোদ্যম করেনি বরং তাদের সাহস ও উদ্দীপনা আরও বৃদ্ধি করে। এই সময় আলোচ্য মহকুমা এবং থানা পর্যায়ে মজবুত সংগঠন গড়ে তোলায় যে সকল কংগ্রেস নেতৃবৃন্দ সক্রিয় ছিলেন তাদের মধ্যে মহেন্দ্রনাথ মাইতি, সতীশচন্দ্র সামন্ত, অজয় কুমার মুখোপাধ্যায়, কুমার চন্দ্র জানা, সুশীল কুমার ধাড়া, অনঙ্গমোহন দাস, রজনীকান্ত প্রামাণিক, রমেশচন্দ্র কর প্রমুখরা ছিলেন উল্লেখযোগ্য।[৬]

সুশীল কুমার ধাড়ার পরিকল্পনা মতো বাছাই স্বেচ্ছাসেবকদের নিয়ে বিদ্যুৎবাহিনী এবং স্বেচ্ছাসেবিকাদের নিয়ে ভগিনীসেনা গঠিত হয়। সুশীলবাবুই হন এই বাহিনীদ্বয়ের একমাত্র সংগঠক, প্রশিক্ষক এবং পরিচালক। বিদ্যুৎবাহিনী যুদ্ধবিভাগ, গোয়েন্দা বিভাগ ও সেবা-শুশ্রূষা বিভাগ নিয়ে গঠিত ছিল এবং সৈন্য সংখ্যা ছিল প্রায় পাঁচ হাজার।[৭] এছাড়া ভবিষ্যৎ আন্দোলনের সময় নিজেদের মধ্যে তথ্য আদান-প্রদান সচল রাখতে স্বদেশী ডাক ব্যবস্থা চালু হয় এবং সরকারী অত্যাচারের কথা তুলে ধরে জনমত গঠনে এবং জনসংগঠনের লক্ষ্যে 'বিপ্লবী' নামে একটি বুলেটিনের প্রকাশনা শুরু হয়। এছাড়া আলোচ্য অঞ্চলের বিভিন্ন থানা থেকেও কিছু বুলেটিন অনিয়মিতভাবে প্রকাশিত হয়।[৮] উল্লেখ্য, এই সমস্ত প্রচারপত্র একদিকে জাতীয় সংহতি বৃদ্ধি সাধন করে এবং অন্যদিকে আন্দোলনে অনুপ্রেরণা জোগায়।

১৯৪২-এর সেপ্টেম্বরের মাঝামাঝি মেদিনীপুর জেলার কংগ্রেস নেতৃত্ব ভারতছাড়ো আন্দোলনের কর্মসূচী স্থির করতে কংগ্রেস অনুরাগী মেদিনীপুরের প্রতিষ্ঠিত আইনজীবি মন্মথনাথ দাসের কলকাতার চেতলার বাড়ীতে এক গোপন বৈঠকে মিলিত হয়। তমলুক মহকুমার প্রতিনিধিত্ব করেন অজয় কুমার মুখোপাধ্যায়

এবং সতীশচন্দ্র সামন্ত। বৈঠকে ২৯ সেপ্টেম্বর, ১৯৪২ খ্রীঃ জেলার সর্বত্র থানা, আদালত ও অন্যান্য সরকারী অফিস আক্রমণের সিদ্ধান্ত গৃহিত হয়।[৯] পরিকল্পনা রূপদানে ২৮ সেপ্টেম্বর রাত্রে রাস্তায় বড় গাছ ফেলে, রাস্তা কেটে, ফেরীঘাটে নৌকা ডুবিয়ে, টেলিগ্রাম টেলিফোনের তার কেটে জনগণ যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দেয়।[১০] ওই রাতেই সরকার আন্দোলনকারীদের এই গোপন প্রস্তুতির কথা জেনে যায় এবং সেইমতো প্রতিরোধের জন্য প্রস্তুত হতে থাকে।

২৯ সেপ্টেম্বর, ১৯৪২ খ্রীঃ পূর্ব পরিকল্পনা মতো জাতি-ধর্ম-বর্ণ এবং নারী-পুরুষ নির্বিশেষে আলোচ্য অঞ্চলের প্রায় লক্ষাধিক সাধারণ মানুষ নিরস্ত্র অবস্থায় আন্দোলনে সামিল হয়।[১১] তমলুক মহকুমার তিনটি থানা-তমলুক, মহিষাদল এবং সুতাহাটা আক্রমণ করা হয়। বিশেষ কারণে পরের দিন (৩০ সেপ্টেম্বর) নন্দীগ্রাম থানা আক্রমণ হয়। শান্তিপূর্ণ ও অহিংসভাবে শোভাযাত্রা সহকারে জনগণ থানা অভিমুখে অগ্রসর হয়। অন্যদিকে সমস্ত প্রতিবন্ধকতা পেরিয়ে মেদিনীপুর সদর থেকে পুলিশ ও সেনাবাহিনী তমলুকে এসে উপস্থিত হয়।[১২] বিভিন্ন স্থানে সরকারী প্রতিরোধ উপেক্ষা করে আন্দোলনকারীরা অগ্রসরের চেষ্টা করলে সিপাহীরা বেপরোয়াভাবে গুলি চালায়। ৭৩ বছরের বৃদ্ধা মাতঙ্গিনী হাজরা (গান্ধীবুড়ী) সহ বহু আন্দোলনকারী শহীদ ও আহত হয়।[১৩]

সরকারের কঠোর প্রতিরোধের মুখে আন্দোলনকারীদের লক্ষ্য সম্পূর্ণ সাধিত না হলেও সরকারী মহলে এই ঘটনার তীব্র প্রতিক্রিয়া দেখা দেয় এবং পুলিশ, সেনা ও গোয়েন্দা নিয়োগ দ্বারা ভবিষ্যৎ আন্দোলনের মেরুদণ্ড ভেঙে দেওয়ার উদ্যোগ গৃহিত হয়। মহকুমার চারিদিকে সেনা-ছাউনি ফেলা হয় এবং দলবদ্ধ সেনাবাহিনী দ্বারা গ্রামের পর গ্রামে তান্ডবলীলা চলে, যাকে সমসাময়িক সংগ্রামী নেতারা নাৎসী বাহিনীর অত্যাচারের সঙ্গে তুলনা করতেও দ্বিধা করেননি।[১৪] যদিও এই পশুসুলভ অমানবিক অত্যাচার আলোচ্য অঞ্চলের জনগণের মনোবলকে বিন্দুমাত্র দমাতে পারেনি বরং কায়েমী অপশাসনের অবসান ঘটিয়ে সুশাসন এবং শান্তি-শৃঙ্খলা স্থাপনের উদ্দেশ্যে স্থানীয় কংগ্রেস কর্মীদের মধ্যে একটি জাতীয় সরকার প্রতিষ্ঠার পরিকল্পনা শুরু হয়।[১৫]

কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই সময়ই ১৬ অক্টোবর, ১৯৪২ খ্রীঃ মেদিনীপুরের বুকে প্রাকৃতিক বিপর্যয় স্বরূপ ভয়াবহ ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসে আলোচ্য অঞ্চলে প্রচুর ক্ষয়ক্ষতি ঘটে। আশ্চর্যের হলেও সত্যি যে মহকুমা শাসক কলকাতা থেকে টেলিগ্রাম মারফত ঘূর্ণিঝড়ের আগাম খবর পেলেও বিপ্লবী তমলুকবাসীকে সমুচিত শাস্তিদানের উদ্দেশ্যে প্রশাসন কোনো সতর্কবার্তা প্রচার করেনি। শুধু তাই নয়

বিপর্যয়ের মোকাবিলায় উদ্ধার, ত্রাণ ও পুনর্বন্টনের অপরিহার্যতা সত্বেও কোন পদক্ষেপ গৃহিত হয়নি। এমনকি বিপর্যয় পূর্বের সমস্ত দমনমূলক ব্যবস্থা বজায় থাকে এবং এত বড় বিপর্যয়ের সংবাদ প্রায় পক্ষকালব্যাপী সরকার গোপন রাখে।[১৬] উল্লেখ্য, মেদিনীপুর জেলাশাসকও মহকুমা প্রশাসনকে সমর্থন জানায়।[১৭] এমতাবস্থায় স্থানীয় কংগ্রেস কর্মীরা বিপ্লবী কাজকর্ম বন্ধ রেখে গ্রেপ্তারী পরোয়ানা উপেক্ষা করে সাধ্যমত জনগনের সেবায় মন দেয়। অন্যদিকে জনমতের চাপে কিছু নামমাত্র সরকারী অনুদান কেন্দ্র খুললেও প্রকৃত আর্ত-দুর্গতরা বঞ্চিতই থাকে। সেইসঙ্গে সরকার চোর, গুন্ডা প্রভৃতি সমাজবিরোধী লুম্পেনদের প্রশ্রয় দিলে জনগণের জীবন অতিষ্ঠ হয়।[১৮] এমতাবস্থায় আলোচ্য অঞ্চলের কংগ্রেস কর্মীদের মধ্যে তাদের পূর্বভাবনা মতো একটি সমান্তরাল সরকার গঠনের বিষয়টি আরও প্রাসঙ্গিক এবং অপরিহার্য হয়ে পড়ে। ১৯৪২ খ্রীঃ ডিসেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে মহকুমার কংগ্রেস নেতৃবৃন্দ তমলুক থানার অন্তর্গত দক্ষিণ নারিকেলদা গ্রামের শ্রী মহেন্দ্রনাথ দোলাই-এর দোকান-ঘরের দোতলায় একত্রিত হয়ে সিদ্ধান্ত নেন যে এই চরম অরাজক অবস্থার মোকাবিলার জন্য অবিলম্বে মহকুমা স্তরে একটি জাতীয় সরকার প্রতিষ্ঠা করা হবে এবং ওই মহকুমার জাতীয় সরকারের অধীনে যে কয়টি থানাতে সম্ভব বিশেষ করে তমলুক, মহিষাদল, সুতাহাটা ও নন্দীগ্রাম থানায় 'থানা জাতীয় সরকার' প্রতিষ্ঠা করা হবে।[১৯]

আলোচ্য প্রেক্ষাপটে ১৭ ডিসেম্বর, ১৯৪২ খ্রীঃ (১লা পৌষ, ১৩৪৯ বঙ্গাব্দ) সারা দেশব্যাপী ভারতছাড়ো আন্দোলন চলাকালীন তমলুক মহকুমায় 'মহাভারতীয় যুক্তরাষ্ট্র-তাম্রলিপ্ত জাতীয় সরকার' প্রতিষ্ঠিত হয়। বলা হয় ভবিষ্যতে ভারতীয় যুক্তরাষ্ট্র গঠিত হলে তার সঙ্গে এই জাতীয় সরকার মিশে যাবে।[২০] ঘোষিত উদ্দেশ্যের মূল কথা ছিল তাম্রলিপ্ত জাতীয় সরকার মহাভারতীয় যুক্তরাষ্ট্রের অংশরূপে স্বাধীন ও সার্বভৌম সরকার হিসাবে মহকুমাবাসীর দুঃখ-দুর্দশা মুক্তি, শান্তি-শৃঙ্খলা স্থাপন, ইংরেজ সহযোগি বিশ্বাসঘাতদের শাস্তিবিধান এবং জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে সচেষ্ট থাকবে। সেইসঙ্গে বলা হয় জাপান ভারত আক্রমণ করলে এই সরকার সর্বশক্তি দিয়ে মোকাবিলা করবে এবং তাকে এই স্বাধীন সার্বভৌম সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরে বাধ্য করবে। এছাড়া বলা হয় নেতাজী সুভাষচন্দ্র বাহিনীসহ ভারতে এলে তাকে স্বাগত জানিয়ে সর্বতোভাবে সহযোগিতা করা হবে।[২১]

তাম্রলিপ্ত জাতীয় সরকারের গঠন সম্পর্কে বলা হয় সবার উপরে থাকবেন সর্বাধিনায়ক (Director)। তার অধীন থাকবেন একজন করে সচিব (Minister)

নিয়ন্ত্রণাধীন কয়েকটি বিভাগ। বিভাগগুলি হল— আইনশৃঙ্খলা (Law and Order), সমর (War) ও প্রতিরক্ষা (Defence), অর্থ (Finance), স্বাস্থ্য (Health), শিক্ষা (Education), বিচার (Administration of Justice), তথ্য ও প্রচার (Propaganda) এবং কৃষি (Agriculture)।[২২] উল্লেখ্য, মহকুমা জাতীয় সরকারের পরিচালনাধীনে তমলুক, মহিষাদল, সুতাহাটা ও নন্দীগ্রামে 'থানা জাতীয় সরকার' স্থাপিত হয়। এখানেও একজন করে অধিনায়ক ও তার অধীন কয়েকজন সচিব নিযুক্ত হন। পররাষ্ট্র ও সমর বিভাগ ব্যতীত সকল বিভাগ থানা জাতীয় সরকারে রাখা হয়।[২৩] আর একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হিসাবে উক্ত দিনেই 'বিদ্যুৎবাহিনী' এবং 'ভগিনীসেনা'-কে একত্রিত করে 'জাতীয় সেনাবাহিনী' (National Army) হিসাবে ঘোষণা করা হয়। উক্ত দুই বাহিনীর একচ্ছত্র অধিনায়ক এবং মহকুমা জাতীয় সরকারের স্বরাষ্ট্র ও সমর (প্রতিরক্ষা) সচিব সুশীল কুমার ধাড়াকেই জাতীয় সৈন্যবাহিনীর প্রধান (Commander-in-chief) নিযুক্ত করা হয়।[২৪]

স্বভাবতই নির্বাচনের পরিবেশ না থাকায় তমলুক মহকুমা কংগ্রেস কমিটি সভাপতি সতীশচন্দ্র সামন্তকে সর্বাধিনায়ক নিযুক্ত করে, অবশ্যই সর্বসম্মতিক্রমে। কংগ্রেস কমিটি নির্ধারিত কার্যক্রম রূপায়নে সর্বাধিনায়ককে অবাধ ক্ষমতা দেওয়া হয়। তিনি তার অধীন সচিব তথা মন্ত্রীদের সাহায্য নিয়ে শাসনকার্য পরিচালনা করতেন।[২৫] মহকুমা জাতীয় সরকারের নির্দেশমতো থানা জাতীয় সরকারগুলিও অনুরূপভাবে কার্য সম্পাদন করত। এছাড়া বিভিন্ন থানার কর্মকর্তাদের নিয়ে একটি পরামর্শদাতা পরিষদ (Advisory Council) গঠিত হয়।[২৬] তাম্রলিপ্ত জাতীয় সরকারের কার্যকালে চারজন সর্বাধিনায়ক নিযুক্ত হন— সতীশচন্দ্র সামন্ত, অজয় কুমার মুখোপাধ্যায়, সতীশচন্দ্র সাহু এবং বরদাকান্ত কুইতি। এরা কেউই কখনও সহকর্মীদের উপর প্রভুত্ব বিস্তারের চেষ্টা করেননি। মন্ত্রীমণ্ডলী, পরামর্শ পরিষদ এবং মহকুমার নেতৃস্থানীয় কর্মীদের সঙ্গে আলোচনা করেই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতেন।[২৭]

তাম্রলিপ্ত জাতীয় সরকারের কার্যাবলী বিশ্লেষণ করলে দেখা যায় আইনশৃঙ্খলা বিভাগ বা স্বরাষ্ট্র বিভাগের দায়িত্ব ছিল শান্তি রক্ষা। ইংরেজ সরকারের প্ররোচনায় সমাজবিরোধিরা অন্যায় ও দুর্নীতি দ্বারা শান্তি-শৃঙ্খলা নষ্ট করত। যার জন্য জাতীয় সরকার এদের কঠোর হাতে দমন করে জনগণের নিরাপত্তা সুনিশ্চিত করতে উদ্যোগী হয় এবং অনেকাংশে সফলও হয়। বিদ্যুৎ বাহিনী ও গুপ্তচরদের সাহায্যে বহু চোর, ডাকাত, খুনী, ছিনতাইবাজ, কালোবাজারী কারবারীদের গ্রেপ্তার করে

জাতীয় সরকারের বিচারালয়ে হাজির করে কঠোর শাস্তিদানের ব্যবস্থা করা হয়। ফলে অরাজক পরিস্থিতির বদলে অনেকাংশে শান্তি-শৃঙ্খলা ফিরে আসে।[২৮] অন্যদিকে ইংরেজ সরকারের অন্যায় অত্যাচারের প্রতিরোধ করা ছিল সমর বিভাগের প্রধান কাজ। গুপ্তচরদের সাহায্যে ব্রিটিশ পুলিশ ও তাদের গুপ্তচরদের উপর বিশেষ নজরদারি রাখা হয়। এছাড়া দুর্যোগের কালে সরকারী উদাসীনতার পরিপ্রেক্ষিতে ত্রাণকার্যে সমরবিভাগ জোর দিতে বাধ্য হয়।[২৯]

জাতীয় সরকারের সবথেকে সক্রিয় এবং জনপ্রিয় বিভাগ ছিল বিচার বিভাগ। এই বিভাগের তিনটি স্তর ছিল যথা— প্রতিটি থানা জাতীয় সরকারের বিচার সচিব, মহকুমা বিচার সচিব এবং সর্বাধিনায়ক। ফৌজদারী ও দেওয়ানী উপয় মামলাই বিচার হত। বিচার প্রার্থীকে নির্দিষ্ট ফি দিয়ে মামলা করতে হত। এই ফি প্রথমে ছিল এক টাকা পরে হয় দু টাকা। থানা বিচার সচিবের রায়ে সন্তুষ্ট না হলে মহকুমা বিচার সচিবের কাছে আপীল করা চলত। তার বিচারেও সন্তুষ্ট না হলে সর্বাধিনায়কের কাছে আবেদন করা যেত। এক্ষেত্রে সর্বাধিনায়ক একটি ট্রাইবুনাল গঠন করে তাদের উপর বিচারের ভার দিতেন, যার রায় ছিল চূড়ান্ত। এর উপরে কোনো আপীল চলত না। তবে ফৌজদারী মামলায় দন্ডপ্রাপ্ত কোনো অপরাধী সর্বাধিনায়কের কাছে ক্ষমা ভিক্ষা করতে পারতেন।[৩০] বিচারালয় ছিল ভ্রামান। জনসাধারনের সুবিধার জন্য থানার বিভিন্ন প্রান্তে ঘুরে ঘুরে বিচারকার্য পরিচালিত হত। অপরাধের গুরুত্ব অনুসারে সতর্কীকরণ, অর্থদণ্ড, আটক, সম্পত্তি ক্রোক ইত্যাদি হত। এমনকি চরম দেশদ্রোহিতার অপরাধে মৃত্যুদণ্ড পর্যন্ত দেওয়ার কথাও ছিল। এই দণ্ড কার্যকর করার দায়িত্ব দেওয়া হয় গরমদলের উপর, যেটি বিদ্যুৎবাহিনীর থেকে বাছাই কর্মীদের নিয়ে গঠিত হয়েছিল। তবে অধিকাংশ ক্ষেত্রে আপস মীমাংসা ঘটত। উল্লেখ্য, তাম্রলিপ্ত জাতীয় সরকারের কার্যকালে সুতাহাটায় ৮৩৬টি মামলা, নন্দীগ্রামে ২২২টি মামলা, মহিষাদলে ১০৫৫টি এবং তমলুকে ৭৯৪টি — মোট ২৯০৭টি মামলা শুরু হয়, যার মধ্যে ১৬৮১ টির বিচার করা সম্ভব হয়।[৩১] কিছু কিছু ভূমি হস্তান্তরের কাজ অর্থাৎ রেজিস্ট্রেশন-এর কাজও হত। এই বিভাগের কাজ এত সুষ্টভাবে হয় যে পরবর্তীকালে ইংরেজ সরকার ওই রায়কে স্বীকৃতি জানায়।[৩২]

জাতীয় সরকারের আর একটি গুরুত্বপূর্ণ বিভাগ ছিল অর্থবিভাগ। প্রতিষ্ঠার প্রথম থেকেই অজয় কুমার মুখোপাধ্যায় ছিলেন অর্থসচিব। তার গ্রেপ্তারীর পর সুশীল কুমার ধাড়া শেষ দিন পর্যন্ত এই গুরুদায়িত্ব পালন করেন।[৩৩] জাতীয় সরকারের কর্মকর্তা এবং কর্মচারীদের কোনো চেতন ছিল না। বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য জনগণের কাছ থেকে স্বেচ্ছায় সাহায্য, কালোবাজারি, মুনাফাখোর

এবং ধনীদের কাছ থেকে বাধ্যতামূলক অর্থ ছিল আয়ের প্রধান উৎস। এছাড়া রেজিস্ট্রেশন এবং বিচার বিভাগ থেকে কিছু অর্থ সংগৃহিত হয়।[৩৪]

খাদ্য ও কৃষিবিভাগ ছিল আর একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের দায়িত্বে ছিলেন প্রাচীন কংগ্রেস কর্মী সতীশ চন্দ্র সাহু। জাতীয় সরকার প্রতিষ্ঠার প্রাক্কালে আলোচ্য অঞ্চলের দুর্যোগ ও দুর্ভিক্ষপীড়িত জনগনের সামনে খাদ্য সমস্যা ছিল অন্যতম বড় সমস্যা। দুর্ভিক্ষের তীব্রতা হ্রাসে কিছু ব্যবস্থা গৃহিত হয়। জনগনের কাছ থেকে যার যতটুকু উদ্বৃত্ত খাদ্যশস্য সংগ্রহ করে আর্ত মানুষজনের মধ্যে ঋণ হিসাবে বিতরণ করা হয় এবং বলা হয় আগামী বছর ধান উঠলে তারা তা সুদ সমেত ফেরত দেবে। এছাড়া ভাত-মুড়ি কম খেয়ে বিকল্প খাদ্যের ব্যবস্থার নির্দেশ দেওয়া হয়। এক্ষেত্রে ছোলা বা মুগ কলাইকে খাদ্য তালিকায় প্রাধান্য দেওয়া হয়। এর সঙ্গে তরি-তরকারী চাষে উৎসাহ দান করা হয়। বলাবাহুল্য জাতীয় সরকারের এই সকল পদক্ষেপ অন্তত কিছুটা হলেও দুর্ভিক্ষগ্রস্ত মানুষের ক্ষুণ্ণিবৃত্তিতে সাহায্য করে।[৩৫]

খাদ্য সমস্যার প্রেক্ষিতে আর্তত্রাণ ব্যবস্থার বিষয়টিও প্রাসঙ্গিক হয়ে পড়ে। এক্ষেত্রে তাম্রলিপ্ত জাতীয় সরকারের স্বাস্থ্য ও ত্রাণ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জাতীয় সরকারের নিজস্ব সংগ্রহ থেকে এবং বেঙ্গল রিলিফ কমিটি, মাড়োয়ারী রিলিফ সোসাইটি ইত্যাদি বেসরকারী সেবা প্রতিষ্ঠানের থেকে পোশাক-পরিচ্ছদ, অর্থ, খাদ্য ও ঔষধপত্র সংগ্রহ করে এই বিভাগ দুটির মাধ্যমে দুঃস্থ-দরিদ্র জনগনকে বিতরণ করা হয়।[৩৬] এইভাবে প্রায় ৭৯০০০ টাকার কাপড়-চোপড়, ঔষধপত্র, খাদ্যদ্রব্য দুর্ভিক্ষ পীড়িতদের হাতে তুলে দেওয়া হয়।[৩৭] আন্দোলনের শেষভাগে অনঙ্গমোহন দাস, প্রহ্লাদ কুমার প্রামাণিক প্রমুখের নেতৃত্বে প্রয়াত নিষ্ঠাবান কংগ্রেস নেতা মহেন্দ্রনাথ মাইতির স্মরণে 'মহেন্দ্র রিলিফ কমিটি' গঠিত হয়। এই কমিটির সংগৃহিত দ্রব্যাদি স্বেচ্ছাসেবকদের মাধ্যমে বিলিবন্টন করা হত। যদিও এই সকল ত্রাণ কার্য দুর্ভিক্ষ পীড়িতদের কাছে জাতীয় সরকারের নিরুপায় কর্মীদের শুভেচ্ছার নিদর্শন বলেই গৃহিত হয়।[৩৮]

জাতীয় সরকারের অন্যতম বিভাগ ছিল শিক্ষা বিভাগ। উল্লেখ্য, শিক্ষাব্যবস্থার মতো একটি গুরুত্বপূর্ণ সামাজিক কর্তব্যকর্মে মৌলিক চিন্তার সময় ও সুযোগ যেমন জাতীয় সরকারের ছিল না তেমনি সামর্থ্যও ছিল না। তথাপি ওই স্বল্প সময়কালের মধ্যে দুর্ভিক্ষ মহামারী সত্বেও যাতে পড়াশুনার ক্ষতি না হয় সে বিষয়ে জাতীয় সরকার যথাসাধ্য চেষ্টা করে। ঝড়-বন্যায় ভীষণভাবে ক্ষতিগ্রস্ত কয়েকটি বিদ্যালয়কে গৃহ নির্মাণের জন্য কিছু কিছু আর্থিক সাহায্য দেওয়া হয় এবং বিশেষভাবে দুর্গত এলাকায় কয়েকটি স্কুলকে নিয়মিত মাসিক সাহায্য দানের ব্যবস্থা

করা হয়।[৩৯]

সচিব প্রহ্লাদ কুমার প্রামাণিকের নেতৃত্বে প্রচার বিভাগের দুটি প্রধান কাজ ছিল জাতীয় সরকারের কাজকর্ম ও চিন্তাভাবনাকে কর্মী ও সাধারণ মানুষের কাছে তুলে ধরা এবং অন্যদিকে জাতীয় সরকারের কার্যকলাপ ও আন্দোলন সম্পর্কে বহির্বিশ্বের জনগণ ও নেতৃবৃন্দকে অবহিত রাখা। এক্ষেত্রে তাম্রলিপ্ত জাতীয় সরকারের মুখপত্র 'বিপ্লবী' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই পত্রিকা মহকুমার সমস্ত অঞ্চলে প্রচারিত হত। এছাড়া প্রচার দপ্তর কেন্দ্রীয় ও প্রাদেশিক নেতৃত্বের সঙ্গে যোগাযোগ রক্ষা করত এবং তাদের নির্দেশ ও উপদেশ সম্বন্ধে মহকুমার নেতৃবৃন্দকে অবহিত করত।[৪০]

তাম্রলিপ্ত জাতীয় সরকারের উপরিউক্ত কার্যাবলী বিশ্লেষণ করে বলা যায়, দেশের এক অস্বাভাবিক অবস্থার মধ্যে এই ধরনের একটি সমান্তরাল সরকার আলোচ্য অঞ্চলে প্রতিষ্ঠিত হলেও এর পরিচালক ও কর্মীদের নিষ্ঠা, পরিশ্রম এবং জনসেবায় নিবেদিত প্রাণ মানসিকতা সমস্ত প্রতিবন্ধকতা জয় করতে সক্ষম হয়েছিল। নিজেদের মধ্যে পারস্পরিক যোগাযোগ রেখে সম্মিলিত দায়িত্বে ও সহযেগিতায় জাতীয় সরকার কাজ করেছিল। জনসাধারণের প্রয়োজন মিটিয়ে জাতীয় সরকারের পূর্ণ মর্যাদা রক্ষাই ছিল মূল উদ্দেশ্য। ফলত জনগণের কাছে এই সরকার যথেষ্ট জনপ্রিয়তা পেয়েছিল এবং তারা একে নিজেদের সরকার বলে মনে করেছিল। এ প্রসঙ্গে তাম্রলিপ্ত জাতীয় সরকারের প্রচার সচিব প্রহ্লাদ কুমার প্রামাণিক বলেছেন— "জনসাধারণ এই সরকারকেই প্রকৃত সরকার বলে মনে করত। ইংরেজ সরকারের অস্তিত্ব ছিল মানুষের কাছে একটি বিভীষিকাময় প্রেতের অস্তিত্বের মতো— যা অতীত, কিন্তু যার অনিষ্টসাধনের ক্ষমতা অপরিমেয়।[৪১] উল্লেখ্য, এই তুমুল জনপ্রিয়তার মধ্যে যথেষ্ট সাফল্যের সঙ্গে পরিচালিত হলেও তাম্রলিপ্ত জাতীয় সরকার সর্বভারতীয় কংগ্রেস নেতৃত্ব তথা মহাত্মা গান্ধীর নির্দেশকে শিরোধার্য করে ইংরেজ সরকারের কাছে আত্মসমর্পণ করেছিল। জাতীয় সরকারের সহিংস কার্যকলাপ গান্ধীজীর মনঃপুত ছিল না। ফলত গান্ধীজীর নির্দেশানুসারে জাতীয় সরকারের চতুর্থ সর্বাধিনায়ক বরদাকান্ত কুইতি ৮ আগস্ট, ১৯৪৪ খ্রীঃ 'তাম্রলিপ্ত জাতীয় সরকার ভেঙে দেওয়ার কথা ঘোষণা করেন। ঘোষণার পরদিনই তাকে গ্রেপ্তার করা হয়। এরপর তমলুক মহকুমা কংগ্রেস কমিটির সম্পাদক তথা জাতীয় সরকারের স্বরাষ্ট্র সচিব ও জাতীয় সেনাবাহিনীর অধিনায়ক সুশীল কুমার ধাড়া ১ সেপ্টেম্বর, ১৯৪৪ খ্রীঃ থেকে 'তাম্রলিপ্ত জাতীয় সরকার'-এর সকল প্রকার কাজকর্ম বন্ধ থাকবে বলে একটি বিবৃতি দেন। সেই সঙ্গে বিদ্যুৎবাহিনীও ভেঙে

দেওয়া হয়। ২৯ সেপ্টেম্বরের মধ্যে ১৫০ জন কংগ্রেস কর্মী ব্রিটিশ সরকারের কাছে আত্মসমর্পণ করে।[৪২]

সবশেষে বলা যায়, বিভিন্ন সময়ে বিভিন্ন দেশে স্বৈরাচারী শাসনের উৎসাদন ঘটিয়ে বিপ্লবীদের দ্বারা সমান্তরাল শাসন প্রতিষ্ঠার প্রচেষ্টায় 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' আপন বৈশিষ্ট্যে সমুজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে। দেশব্যাপী ভারতছাড়ো আন্দোলন শুরুর ঠিক পূর্ব মুহূর্তে ইংরেজ গান্ধীসহ কংগ্রেসের শীর্ষস্থানীয় নেতাদের গ্রেপ্তার করে এবং সমস্ত স্তরের কংগ্রেস কমিটিগুলিকে বেআইনী ঘোষণা করে। ফলে নেতৃত্বহীন অবস্থায় সাধারণ জনগণের দ্বারা সারা দেশে শুরু হয় অসংগঠিত ও সীমাবদ্ধ অহিংস আন্দোলন যা স্থানে স্থানে সহিংসও হয়ে ওঠে। এই অবস্থায় তমলুক মহকুমা কংগ্রেস কমিটির কর্মীরা আত্মগোপন করে আন্দোলনের প্রস্তুতি চালায় এবং পরিকল্পনা মতো আন্দোলন শুরু করে। অন্যত্র ৯ আগস্ট বিচ্ছিন্ন ও অসংহত আন্দোলন শুরু হলেও আলোচ্য অঞ্চলে তা শুরু হয় সেপ্টেম্বরের শেষে। পরিকল্পনাগুলিকে বাস্তব রূপদানে সাংগঠনিক শক্তির উপর সবথেকে গুরুত্বারোপ করা হয়। বিদ্যুৎবাহিনীর গঠন, নিজস্ব ডাক ব্যবস্থা, 'বিপ্লবী' নামক বুলেটিন প্রকাশ যার দৃষ্টান্ত। এছাড়া ভগিনীসেনার সদস্যা হিসাবে এবং আহতদের সেবা-শুশ্রূষা ও বিপ্লবীদের আশ্রয় দানের মাধ্যমে আলোচ্য অঞ্চলের মহিলারা এক অনন্য ও উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করে। সর্বোপরি তাম্রলিপ্ত জাতীয় সরকার আলোচ্য অঞ্চলের জনসাধারণের অকুণ্ঠ সমর্থন লাভ করে। দুর্ভিক্ষের দিনে অমানুষিক অত্যাচার সহ্য করেও তারা সানন্দে প্রায় সহস্রাধিক সেচ্ছাসেবকদের আহার-আশ্রয়ের যোগ দেয় আবার সেই সঙ্গে স্বেচ্ছাসেবকদের আত্মসমর্পণের পর ইংরেজ সরকারের শত প্রলোভন, প্ররোচনা ও ভীতি প্রদর্শন সত্বেও ওই স্বেচ্ছাসেবকদের বিরুদ্ধে সাক্ষী দেওয়ার জন্য একজনও লোক খুঁজে পাওয়া যায়নি। বলা যায়, এর মধ্য দিয়েই ভারতছাড়ো আন্দোলনে তমলুক মহকুমাবাসীর সংগ্রামী চরিত্রের পূর্ণ প্রতিফলন প্রকাশ পায় এবং সেই সঙ্গে তাম্রলিপ্ত জাতীয় সরকারের জনপ্রিয়তা এবং সফলতা প্রমাণিত হয়। ইংরেজ সরকারের দমননীতি এই সরকারকে উচ্ছেদ করতে পারেনি বরং বৃহত্তর জাতীয় স্বার্থে জাতীর জনক গান্ধীজীর আহ্বানে তাম্রলিপ্ত জাতীয় সরকার নিজেকে গুটিয়ে নেয়। তাই পরিশেষে বলা যায় ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' তার প্রায় একুশ মাসের কার্যকালে তমলুক মহকুমার চারটি থানার বিস্তৃত গ্রামাঞ্চলে ইংরেজ শাসনের সমস্ত চিহ্ন মুছে দিয়ে এক সমান্তরাল শাসন পরিচালনায় অনেকাংশেই সফল হয়েছিল এবং দেশমাতৃকার মুক্তি সংগ্রামে তমলুকবাসী তথা জেলার গৌবর বৃদ্ধি করেছিল।

তথ্যসূত্র ঃ


১। R. C. Majumder and A. K. Majumder (eds.), *The History and Culture of the Indian People*, Vol-II, 1988, PP. 664-666

২। Satishchandra Samanta, Shyamadas Bhattacharya, Anangamohan Das, Prahlad Kumar Pramanik, August Revolution and Two Years National Government in Midnapore, Part-I (Tamluk), Calcutta, 1946, PP. 13-14

৩। Narendranath Das, *History of Midnapore*, Part-II, Midnapore Town, 1962, P. 218; Satishchandra Samanta etal., op. cit., PP. 6-7

৪। Satishchandra Samanta et.al., op. cit., PP. 9-10

৫। Ibid., PP. 10-11

৬। হরিপদ মাইতি, *"স্বাধীনতা সংগ্রামে তাম্রলিপ্তের জনগন"*, দ্রষ্টব্য : তাপস মাইতি (সম্পাদিত), তাম্রলিপ্তের কথা, উপত্যকা, মেদিনীপুর, ২০১৪, পৃ. ৪৬১

৭। গোপীনন্দন গোস্বামী, *বাংলার হলিদঘাট তমলুক*, রাজারামপুর, পূর্ব মেদিনীপুর, ১৯৭৩, পৃ. ৩৬-৩৮

৮। Satishchandra Samanta et.al., op.cit., P.16

৯। রাধাকৃষ্ণ বাড়ী, *অবিভক্ত তমলুক মহকুমার জাতীয় সংগ্রাম : তাম্রলিপ্ত জাতীয় সরকার,* কলকাতা, ২০০০, পৃ. ১২৭-১২৮

১০। হরিসাধন সরকার, *তমলুক শহরের ইতিকথা,* তমলুক, পূর্ব মেদিনীপুর, ১৯৭৭, পৃ.২১

১১। Satischandra Samanta et.al., op.cit., P.18

১২। Ibid., P. 19

১৩। Ibid., PP. 20-25 (আন্দোলনের বিস্তৃত বিবরণের জন্য দ্রষ্টব্য)

১৪। Ibid., P. 29

১৫। Ibid.

১৬। Ibid., PP. 30-32

১৭। Narendranath Das, op.c.it., P. 238

১৮। Satishchandra Samanta et.al., op.cit., PP. 32-33

১৯। রাধাকৃষ্ণ বাড়ী, পূর্বোক্ত, পৃ. ১৮১-১৮২

২০। Satishchandra Samanta et.al., op.cit., P. 33

২১। গোপীনন্দন গোস্বামী, "*তাম্রলিপ্ত জাতীয় সরকার*", তাম্রলিপ্ত, ১৩ই ডিসেম্বর, ১৯৭৪, পৃ. ৪, দ্রষ্টব্য : প্রদ্যোৎ কুমার মাইতি, বিয়াল্লিশের তমলুক ও তাম্রলিপ্ত জাতীয় সরকার, তমলুক, পূর্ব মেদিনীপুর, প্রথম প্রকাশ ১৯৮১, সংস্করণ ২০০৩, পৃ - ৫৮

২২। Satishchandra Samanta et.al., op.cit., PP. 33-34
২৩। Ibid., P. 34
২৪। প্রদ্যোৎ কুমার মাইতি, পূর্বোক্ত, পৃ. ৫৯
২৫। তদেব, পৃ. ৩৩-৩৪
২৬। গোপীনন্দন গোস্বামী, *বাংলার হলদিঘাট তমলুক*, পূর্বোক্ত, পৃ. ৪৮
২৭। রাধাকৃষ্ণ বাড়ী, পূর্বোক্ত, পৃ. ১৮৬
২৮। Satishchandra Samanta et.al., op.cit., PP. 39-40
২৯। Ibid., P. 38
৩০। রাধাকৃষ্ণ বাড়ী, পূর্বোক্ত, পৃ. ২১৫
৩১। Satishchandra Samanta et.al., op.cit., PP. 37-38
৩২। প্রদ্যোৎকুমার মাইতি, পূর্বোক্ত, পৃ. ৬১
৩৩। রাধাকৃষ্ণ বাড়ী, পূর্বোক্ত, পৃ ২৩০-২৩১
৩৪। হরিপদ মাইতি, "*স্বাধীনতা সংগ্রামে তাম্রলিপ্তের জনগন*", পূর্বোক্ত, পৃ. ৪৬৭
৩৫। রাধাকৃষ্ণ বাড়ী, পূর্বোক্ত, পৃ. ২২৬-২২৭
৩৬। তদেব, পৃ. ২২৮
৩৭। Satischandra Samanta et.al., op.cit., P. 39
৩৮। রাধাকৃষ্ণ বাড়ী, পূর্বোক্ত, পৃ. ২২৮
৩৯। তদেব, পৃ. ২৩৪-২৩৫
৪০। তদেব, পৃ. ২২৯
৪১। প্রহ্লাদ কুমার প্রামাণিক, *স্বাধীনতা সংগ্রামে মেদিনীপুর, কলকাতা*, ১৩৭৩ বঙ্গাব্দ, দ্রষ্টব্য : প্রদ্যোৎ কুমার মাইতি, পূর্বোক্ত, পৃ. ৭১
৪২। Satischandra Samanta et.al. op.cit., P. 36

# ভারত ছাড়ো আন্দোলনে মেদিনীপুরের নারীদের অংশগ্রহণ

সুনীতা পড়্যা

**সারসংক্ষেপ**

গান্ধীজীর নেতৃত্বে পরিচালিত পূর্বের অসযোগ, আইন অমান্য আন্দোলনের থেকে বিয়াল্লিশের ভারত ছাড়ো আন্দোলনে নারীদের অংশগ্রহণ অত্যধিক মাত্রায় সক্রিয় ছিল। নারীরা আন্দোলনে শুধুমাত্র অংশগ্রহণ করেনি, তারা নেতৃত্ব দানের দায়িত্বও নিজেদের কাঁধে তুলে নিয়েছিল। এক্ষেত্রে মেদিনীপুরের নারীদের বিয়াল্লিশের আন্দোলনে অংশগ্রহণ এক নতুন মাত্রা যোগ করেছিল। তারা সরকারি অফিস, আদালত, থানা, দখল অভিযানে অংশ নিয়ে, ভগিনীসেনা ও গরম দল অংশ নিয়ে, আন্দোলনকারী কর্মীদের আহার-বাসস্থানের ব্যবস্থা করে পুলিশী প্রতিরোধের বাধা অতিক্রম করে স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে যোগদান করেছিল।

**শব্দসূচক**

সরকারী দপ্তর, সাংগঠনিক কর্ম, ভগিনীসেনা, গরম দল, বীরাঙ্গনা, নারী নিগ্রহ, পুরুষতান্ত্রিক।

১৯৩৯ খ্রীঃ সেপ্টেম্বর মাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হলে ভারতীয়দের মতামত বা অনুভূতির কথা চিন্তা না করেই ব্রিটিশ সরকার ভারতকে যুদ্ধরত দেশ বলে ঘোষণা করে। ফ্যাসিবাদের বিরোধিতা করে মানবিক স্বার্থে গান্ধীজী ব্রিটিশ সরকারকে সমর্থন করলেও অচিরেই ভারতের স্বাধীনতা সম্পর্কে কোনো সদিচ্ছা না দেখানোয় গান্ধীজী ও কংগ্রেস স্থির করে তারা সরকারের যুদ্ধ উদ্যোগের সাথে অসহযোগীতা করবে। কংগ্রেসের এই অসহযোগ নীতি ঘোষিত হওয়ার অব্যবহিত পরে সরকার ভারতের জাতীয়তাবাদী কাজকর্ম খর্ব করার প্রতিশ্রুতি নেয়। উল্লেখ্য ঔপনিবেশিক সরকারের বিরুদ্ধে বাংলার মেদিনীপুর জেলার প্রতিরোধের নজির এর দরুন সরকার মেদিনীপুরকে কড়া নজরদারির অধীনে আনে। মেদিনীপুরে ভারত প্রতিরক্ষা আইন জারি হয়। সরকারি অনুমতি ভিন্ন প্রকাশ্যে সভা-সমিতি,

মিছিল নিষিদ্ধ করা হয়েছিল।[১] সরকারি স্থানীয় কর্মকর্তারা যুদ্ধের জন্য চাঁদা আদায়, গরিবদের বন্ড কিনতে বাধ্য করা, জনসাধারণকে ব্রিটিশ ইউনিয়ন জ্যাক অভিবাদনে বাধ্য করা, সরকারি হুকুম না মানলে শাস্তি ও যে কোনো ছুতোয় জনগণকে গ্রেপ্তার করত। ১৯৪১ খ্রীঃ মেদিনীপুর জেলার পূর্বাংশে আমন ধান ক্ষতিগ্রস্থ হলে আর্থিক সংকট দেখা দেয়। তা সত্ত্বেও সরকার মেদিনীপুরকে উদ্বৃত্ত জেলা হিসেবে গণ্য করে এবং সেনাবাহিনীর প্রয়োজনে খাদ্য মজুত করার জন্য শস্য সংগ্রহ শুরু করে এবং এক অরাজক পরিস্থিতির সৃষ্টি করে।

অপরদিকে, ভারতে ব্রিটিশের উপস্থিতি জাপানকে ভারত আক্রমণে প্ররোচিত করবে ভেবে গান্ধীজী ‘হরিজন’ পত্রিকায় ব্রিটিশকে ভারত ছেড়ে যাওয়ার কথা বলেন। ১৯৪২ সালের ৮ই আগস্ট বোম্বাইতে অনুষ্ঠিত ‘নিখিল ভারত কংগ্রেস কমিটি’-র অধিবেশনে বিপুল ভোটে ‘ভারত ছাড়ো’ প্রস্তাব পাশ হয়। ৯ই আগস্ট ভোরে জাতীয় নেতৃবন্দ গ্রেফতারের দরুন ভারতের বিভিন্ন প্রান্তে খোলাখুলি বিদ্রোহ প্রকাশ্যে আসে। যদিও মেদিনীপুরে এর তাৎক্ষণিক প্রভাব পড়েনি কিন্তু খাদ্যশস্য অভিযানের বিরুদ্ধে প্রতিরোধ, প্রকাশ্য জায়গায় মিটিং, বিক্ষোভ প্রভৃতির মাধ্যমে রাজনৈতিক কর্মকাণ্ডের ব্যাপকতা বৃদ্ধি পাচ্ছিল। প্রকৃতপক্ষে মেদিনীপুর জেলায় আনুষ্ঠানিকভাবে ‘ভারত ছাড়ো’ আন্দোলন শুরু হয়েছিল ২৯শে সেপ্টেম্বর ১৯৪২ সালে (‘ভারত ছাড়ো’ প্রস্তাব গৃহীত হবার ৫০ দিন পর)। ৯ই আগস্ট জাতীয় স্তরে আন্দোলনের সূচনা হলেও মেদিনীপুরে বিলম্বের কারণ হয়তো আন্দোলনের পরিকল্পনা সম্পর্কে কংগ্রেস নেতাদের প্রস্তুতি ছিল না।[২] তবে মেদিনীপুরে ভারত ছাড়ো আন্দোলন হয়েছিল তিনটি পর্যায়ে। প্রথম পর্যায় ১৯৪২-র ৮ই আগস্ট থেকে ২৭শে সেপ্টেম্বর, এই পর্ব ছিল প্রচার ও প্রস্তুতির পর্ব। দ্বিতীয় পর্যায় ১৯৪২-র ২৮শে সেপ্টেম্বর থেকে অক্টোবরের শেষ অবধি, এই পর্বে সংঘবদ্ধ হয় ও আক্রমণাত্মক কর্মের সূচনা হয়। তৃতীয় পর্যায় ১৯৪২-র ১লা নভেম্বর থেকে ১৯৪৩-র ৩১শে মার্চ পর্যন্ত সময়, এই পর্বে সরকার বিরোধী গণ আক্রমণ শুরু হয়।

কিষানসভা ও কমিউনিস্ট পার্টির কিছু সদস্য আন্দোলনের বিরোধীতা করে। তবে সাংগঠনিকভাবে ফরওয়ার্ড ব্লক আন্দোলনে যোগ দেয়। আন্দোলনগত কারণে ও রাজনৈতিক জটিলতার সমাধানের জন্য কংগ্রেস জোটবদ্ধ হয়। এইসময় বেশ কয়েকজন কংগ্রেস নেতৃত্ব যেন রাসবিহারী পাল, নিকুঞ্জ বিহারী মাইতি, সুধীর দাস সহ প্রমুখ নেতা গ্রেফতার হন। ফলে কংগ্রেসের দ্বিতীয় শ্রেণীর নেতারা গোপনে সভা-সমিতির মধ্য দিয়ে ‘ভারত ছাড়ো’ প্রস্তাব পাঠ ও ব্যাখ্যা করে জনগণকে উদ্বুদ্ধ

ও সংঘবদ্ধ করার চেষ্টা চালায়। গান্ধীর অনুপ্রেরণায় একেবারে তৃণমূল স্তরে আন্দোলন ছড়িয়ে দেবার চেষ্টা চলে। গান্ধীজীর 'করেঙ্গে ইয়ে মরেঙ্গে' বাণীকে সামনে রেখে মেদিনীপুরে পুরুষদের পাশাপাশি নারীরাও ব্যাপক অংশগ্রহণ করেছিল।

এখন প্রশ্ন হল নারীরা কি প্রথম থেকেই স্বতঃস্ফূর্তভাবে বিয়াল্লিশের আন্দোলনে যোগদান করেছিল অথবা তারা কীভাবে এই আন্দোলনে এসেছিল? উত্তরে বলা যায়, প্রথমদিকে কংগ্রেসী নেতাদের বিভিন্ন সভা-সমিতিতে কিছু নারী অংশগ্রহণ করে স্থানীয় নেতাদের আহ্বানে, তারা গোপনে খবরাখবর আদান-প্রদানের কাজ করে। মেদিনীপুরের বাইরে থেকে বিশিষ্ট নারী কর্মীগণ যেমন জ্যোতির্ময়ী গাঙ্গুলি, বাসন্তী দেবী, সরলা চৌধুরিকে সভা-সমিতিতে আনা হত বক্তৃতার জন্য। সমসাময়িক সংগঠনগুলির বিভিন্ন মুখপত্র (যেমন 'স্বাধীন ভারত', 'বিপ্লবী') নারীদের জাতীয় জাগরণে উৎসাহ উদ্দীপনা সঞ্চার করে। আবার কিছু কিছু ক্ষেত্রে কয়েকজন নারী গান্ধীজীর আদর্শে পরিচালিত পূর্বের জাতীয় আন্দোলনগুলিতে (আইন অমান্য, লবণ সত্যাগ্রহ) অংশ নিয়ে বারবার গ্রেফতার হওয়ায় কারাগারের ভয়কে উপেক্ষা করে ১৯৪২ খ্রিস্টাব্দের ভারত ছাড়ো আন্দোলনে যোগ দেয়। আন্দোলন শহর থেকে গ্রামে ছড়িয়ে পড়ায় সমাজের সর্বস্তরের নারীরা (উচ্চবিত্ত-শিক্ষিত, সাধারণ-দরিদ্র, কর্মরত, নিরক্ষর) সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। তাই আন্দোলনে নারীদের অংশগ্রহণ কতিপয় নারী দিয়ে শুরু হলেও ক্রমশ বহু সংখ্যক নারী স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে এগিয়ে আসে।

মেদিনীপুরের নারীরা ভারত ছাড়ো আন্দোলনে অংশ নেয় বিভিন্নভাবে। নারীরা কংগ্রেস সংগঠনে যুক্ত থেকে,[৩] সরকারি অফিস-আদালত, থানা দখলের অভিযানে অংশ নিয়েছে। 'ভগিনীসেনা' ও 'গরম দল'-এ অংশ নিয়ে নারীরা আন্দোলনকারী কর্মীদের আহার বাসস্থানের ব্যবস্থা করেছে। আবার কখনও পরিবারের পুরুষদের (স্বামী, পুত্র) জাতীয় আন্দোলনে অংশ নিতে উদ্বুদ্ধ করেছে।

মেদিনীপুর জেলার বিভিন্ন প্রান্তের নারীরা বিয়াল্লিশের আন্দোলনে যোগ দিয়েছিল। তমলুক থানার মাতঙ্গিনী হাজরার অংশগ্রহণ বিশেষ প্রভাব ফেলেছিল। সমাজসেবায় অগ্রগণ্য মাতঙ্গিনী হাজরা কংগ্রেস নেতা গুণধর ভৌমিকের সাথে পরিচয় হওয়ার পর ১৯৩২ সালের ২৬শে জানুয়ারি-তে কংগ্রেসের সভ্য হন। গুনধরবাবুর কাছে তিনি পরাধীন ভারতের অসহায় অবস্থার কথা ও গান্ধীজীর দেশপ্রেমের কথা শুনতেন। এই থেকে তার পথপ্রদর্শক গান্ধীজী এবং রাজনৈতিক দীক্ষা গুরু গুণধর ভৌমিক। গান্ধীজীকে তিনি এতই শ্রদ্ধা করতেন যে গান্ধী আদর্শ

গ্রহণ করার পর মাতঙ্গিনী দেবী নিয়মিত চরকা কাটতেন, খদ্দরের কাপড় পরতেন, গান্ধীজীর নামে সিন্নীজল (ঔষধ) খেতেন। মাতঙ্গিনী দেবী তাঁর জীবদ্দশাতে 'গান্ধীবুড়ি' নামে পরিচিত হয়েছিলেন।[৪] ১৯৪২ সালের আগস্ট আন্দোলনে তাঁর মূলমন্ত্র ছিল স্বাধীনতা অর্জন নয় মৃত্যুবরণ। কংগ্রেসের থানা দখলের কর্মসূচিতে বিপ্লবী জনতা মাতঙ্গিনী দেবী সহ বেশ কিছু মহিলা স্বেচ্ছাসেবক তমলুক থানার দেওয়ানী আদালত দখলের জন্য শহরের দিকে অগ্রসর হতে থাকে। শহরের উত্তরদিকে রূপনারায়ণ নদীর তীর ধরে খারুই, সোয়াদিঘি, শিউরি, আলিনাল, মাথুরী অঞ্চলের নরনারীরা 'বন্দেমাতরম' ধ্বনি দিয়ে এগোতে থাকলে তমলুক থানার দ্বিতীয় অফিসার অনিল ভট্টাচার্যের অধীনে একদল পুলিশ ও মিলিটারি সৈন্য বাধা দেয়। শোভাযাত্রা সামনের দিকে এগিয়ে চললে পুলিশ তাদের তাড়া করে। এতে অনেকে বিমূঢ় হয়ে পড়লে মাতঙ্গিনী দেবী সবচেয়ে বড় পতাকাটি স্বেচ্ছাসেবকদের হাত থেকে কেড়ে নিয়ে ঊর্ধ্বশ্বাসে থানার দিকে এগোতে থাকলে পুলিশ বাধা দেয়।[৫] মাতঙ্গিনী দেবী তখন বলেন—"তোমাদের তো কালো চামড়া নিশ্চয় ভারতবাসী। আমরা দেশের জন্য লড়ছি, তোমাদের স্বাধীনতা হবে না।" এরপর পুলিশি বাধা না মেনে 'বন্দেমাতরম' বলে পতাকা হাতে এগোতো শুরু করলে পুলিশ গুলি চালায়। প্রথম গুলিটা লাগে তাঁর বাম হাতে, তা সত্ত্বেও ডান হাতে জাতীয় পতাকা হাতে ছুটে চলেন। দ্বিতীয় গুলি ডানদিকে লাগলে ও পরের গুলি কপালে লাগলে তিনি মাটিতে লুটিয়ে পড়েন। পল্লীগ্রামের ৭৩ বছরের বৃদ্ধার অসম সাহসিকতার বীরত্বের পরিচয় ভারতের শ্রেষ্ঠ বীরাঙ্গনাদের পাশে জায়গা করে দেয় তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু এখানে একটি বিষয় আমাদের ভাবিয়ে তোলে তা হল বৃদ্ধা হওয়া সত্ত্বেও কংগ্রেস নেতাদের বাধা অতিক্রম করে সরকারি থানা দখলের অভিযানের শোভাযাত্রায় মাতঙ্গিনী দেবী কেন অংশ নিয়েছিলেন। হয়তো একদিকে কঠোর গান্ধী প্রেম ও অন্যদিকে ব্রিটিশ কর্মচারীদের প্রতি তীব্র ক্ষোভ তাঁকে এই পদক্ষেপ গ্রহণে সাহায্য করেছিল। তবে পুরুষদের সাথে প্রকাশ্যে নারীদের ব্রিটিশ বিরোধী পদক্ষেপে অংশ নেওয়ার বিষয়টি নারী চেতনার এক স্পষ্ট আভাস পরিলক্ষিত হয়।

তমলুক থানার চারুবালা ঘোষ, জয়ন্তী মাইতি, শরৎকুমারী সামন্ত, সত্যবালা মন্ডল, সিন্ধুবালা খাঁড়া প্রমুখ নারী পতাকা উত্তোলন, হামলা, সরকারি দপ্তর বিভিন্ন পুলিশ ষ্টেশন দখলের কাজে অংশ নিয়েছিল। সাংগঠনিক কার্যক্রমের দ্বারা আন্দোলনকে জোরদার করেন কাদম্বিনী মাইতি, সরলা সুন্দরী মণ্ডল প্রমুখ। স্বাধীনতা আন্দোলনে যোগদানকারী কর্মীদের আশ্রয় ও খাদ্য সরবরাহ করে সহায়তা

করেন কিছু নারী যেমন প্রতিমা মুখার্জী, শাক-সবজির মধ্যে পত্রিকার প্যাকেট তমলুক শহরের গোপন ঘাঁটিতে পৌঁছে দিত সাবিত্রী দেবী। কিছু নারী পুলিশ অত্যাচারের শিকার হয়েছিল যেমন প্রমদাবালা সাঁতরা প্রমুখ।

সুতাহাটা থানার ঈশ্বরীবালা পাত্র, খোকীবালা প্রামাণিক, গঙ্গামণি সাউটা, গায়ত্রীরাণী ধাঁড়া, টুকারাণী বালিদা, তিলোত্তমা মাইতি, নিরোদাময়ী দাস, পাখিবালা মাইতি, পরিবালা মাইতি, প্রতিভা সামন্ত, রাধারানী দিন্দা প্রমুখ নারী সরকারি দপ্তরগুলি আক্রমণে অংশ নেয়। এই থানার সাংগঠনিক কাজে অংশ নিয়েছিল নিরোদাময়ী দাস, পারুলবালা সামন্ত, ভগবতী মহাপাত্র, রাধারানী পাত্র, শোভারানী মকর প্রমুখ। আন্দোলনে যোগদানকারী কর্মীদের আশ্রয় ও খাদ্যের ব্যবস্থা করে চঞ্চলবালা মন্ডল, নিরোদাময়ী দাস, মাখনবালা সিনহা, মাখনবালা মাইতি, যোগমায়া পাল, রমনীরাণী বেরা প্রমুখ। এই থানায় যে সমস্ত নারী পুলিশী নির্যাতনের শিকার হয়েছিল তারা হল ভগিনী সেনার সদস্যা চারুশীলা জানা, সন্ধ্যারাণী সিনহা, কুমুদিনী ডাকুয়া, বিন্দুমুখী বেরা প্রমুখ নারী।

মহিষাদল থানার অমিয়লতা সিনহা, ইন্দুমতি ধাঁড়া, পুঁটিবালা দাস, হেমন্তবালা দাস প্রমুখ নারী সরকারি থানা অফিস-আদালত দখল করে পতাকা উত্তোলনের কাজে অংশ নেয়। সাংগঠনিক কাজে যোগদান করে অন্নপূর্ণা মাইতি, অমিয়ালতা সিনহা, আশালতা জানা, ইন্দুমতি চ্যাটার্জী প্রমুখ। বিদ্রোহী কর্মীদের খাদ্য ও আশ্রয়ের সহায়তা দেন ঈশ্বরীবালা ঘোড়াই, কুমারীবালা মন্ডল, ধীরাবালা বাগ প্রমুখ। সিন্ধুবালা মাইতি, খুদিবালা পণ্ডিত, সুবাসিনী দাস, রাইমণি পাত্র, স্নেহবালা দেবী, বসন্তবালা মপরু প্রমুখ নারী পুলিশী নির্যাতনের শিকার হয়েছিল। মেদিনীপুর জেলার গোয়েন্দা দপ্তরের সংরক্ষিত কাগজপত্র থেকে প্রমাণ পাওয়া যায় লক্ষ্মীণি হাজরা বিভিন্ন স্থানে শোভাযাত্রা করে ব্রিটিশ বিরোধী বক্তব্য রাখেন।[৬]

নন্দীগ্রাম থানার চারুবালা প্রামাণিক, চারুবালা সঙ্কি প্রমুখ নারী সরকারি দপ্তর দখলের অভিযানে অংশ নেয়। বঙ্গবালা পাল, রাজাবালা চক্রবর্ত্তী প্রমুখ নারী সাংগঠনিক কাজে সক্রিয় ভূমিকা নিয়েছিল। ভগিনী সেনা শিবির ও গরম দলের সক্রিয় সদস্য জ্যোৎস্না দাস এবং শৈলবালা দাসী পুলিশ অত্যাচারের শিকার হয়েছিলেন। নন্দীগ্রাম থানার বারবনিতা সত্যবতী দারোগা রুকনুদ্দিন ও তাঁর সহযোগীদের সঙ্গে ছল করে পুলিশের গতিবিধি আগে থেকে জেনে কংগ্রেস কর্মীদের জানিয়ে দিত। পুলিশের কাছে সত্যবতীর দেশপ্রেমের কথা পৌঁছালে পুলিশ তাকে প্রচণ্ড প্রহার করে ও তিন মাস কারাদণ্ড দেয়।[৭]

সদর মেদিনীপুরে কামিনী দেবী, রাজাবালা দেবী, রেখারাণী দেবী, চমৎকারিণী

দেবী প্রমুখ এবং কাঁথি অঞ্চলের সৌদামিনী পাহাড়ি, বিনাপাণী দাস, সুখদাময়ী রায়চৌধুরি, সরস্বতী মিশ্র প্রমুখ নারী সক্রিয়ভাবে ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণ করেন।

কাঁথি, তমলুক অঞ্চলে ১৯৪২ সালের অক্টোবর মাসে ভয়ঙ্কর প্রাকৃতিক দুর্যোগের ফলে মেদিনীপুরের মানুষ চরম দুর্দশায় পড়ে। প্রবল ঝড় ও বন্যা হওয়া সত্ত্বেও পুলিশী অত্যাচার নারী নিগ্রহ, লুঠপাট, গৃহদাহ প্রভৃতি অরাজক পরিস্থিতির সূচনা হলে কংগ্রেস নেতৃবৃন্দ সিদ্ধান্ত নেয় তমলুক, মহিষাদল, সুতাহাটা, নন্দীগ্রাম থানায় 'জাতীয় সরকার' প্রতিষ্ঠা করতে। ১৯৪২ সালের ১৭ই ডিসেম্বর 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' প্রতিষ্ঠা হয়। এই সরকারে একজন করে মহিলা একনায়ক নিযুক্ত ছিলেন। তমলুক মহকুমায় সুহাসিনী দেবী (অজয় কুমার মুখোপাধ্যায়ের বড়দি), ইন্দুমতী ভট্টাচার্য (শ্যামাপ্রসাদ ভট্টাচার্যের মা), লক্ষ্মীমণি মুখোপাধ্যায় (প্রফুল্লকুমার চক্রবর্ত্তীর পিসিমা), সুবোধবালা কুইতি (সুতাহাটার বাসুদেবপুরের কিশোরীমোহন কুইতির স্ত্রী), নিযুক্ত ছিলেন।[৮] প্রতিটি থানায়ও একজন করে মহিলা একনায়ক নিযুক্ত করা হত, তাঁরা ছিলেন রাজলক্ষ্মী সিং (তমলুক), লক্ষ্মীমণি হাজরা (মহিষাদল), প্রভাবতী সিংহ (সুতাহাটা), চিকনবালা জানা (নন্দীগ্রাম), কিরণবালা দেবী (পাঁশকুড়া), প্রভাবতী মাইতি (ময়না)।

তাম্রলিপ্ত জাতীয় সরকার চলাকালীন মহিলা স্বেচ্ছাসেবিকাদের নিয়ে সুতাহাটা ও মহিষাদলে গঠিত হয়েছিল 'ভগিনী সেনা শিবির' ১৯৪২ সালের ডিসেম্বর মাসে। মহিলা তথা ভগিনীদের সম্মান অক্ষুণ্ণ রাখার উদ্দেশ্যে সক্রিয় সদস্যরূপে কাজ করতেন চারুশীলা জানা, গৌরীবালা দলুই, বাসন্তীবালা কর, ভগবতী মহাপাত্র, কুমুদিনী ডাকুয়া প্রমুখ। ভগিনীসেনার সক্রিয় বেশ কিছু সেনানী ব্রিটিশ কর্মচারী থানার দারোগাদের দ্বারা নির্যাতিত ও কারাবরণ হয়েছিলেন। 'জাতীয় সরকারে' নারীদের অংশগ্রহণ সম্পর্কে কুমুদিনী ডাকুয়া লিখেছেন— "তমলুকের সাধারণ মেয়েদের দৃঢ় মনোভাবের কারণে জাতীয় সরকার এতদিন নিরাপদে কাজ করতে পেরেছে ও প্রভাবশালী ব্রিটিশ সরকারকে অচল করে দিতে পেরেছিল।" ভগিনীসেনার মেয়েরা জাতীয় সরকারের মুখপাত্র 'বিপ্লবী' ছাপানোর জায়গা ও নেতাদের লুকিয়ে রাখার বিষয়ে তত্ত্বাবধান করত।

মহিষাদল, সুতাহাটা, তমলুক, নন্দীগ্রাম— এই চারটি থানায় 'গরম দল' গঠিত হয়। জাতীয় সরকারের কর্মীদের মধ্য থেকে প্রতি থানায় দশ-বারো জন কর্মী বাছাই করে নেওয়া হত গরম দলের মূল কর্মী বাহিনীতে। এই দলে প্রথমদিকে নারীদের অংশগ্রহণ না থাকলেও পরে তাদের সক্রিয় আগ্রহের কারণে বহু নারীকে এই দলে

নিয়োগ করা হয়। নন্দীগ্রাম থানার জ্যোৎস্না দাস, মহিষাদল থানার ঊষা চৌধুরি (গিরিবালা দে) মহিষাদল থানার কুমুদিনী ডাকুয়া[৯] সহ মোট পঞ্চাশ জন সেনানী গরম দলে যোগ দেন। সুশীলচন্দ্র ধাড়া ছিলেন 'ভগিনীসেনা' ও গরম দলের প্রধান, তাঁর নির্দেশে ও পরামর্শে কাজকর্ম নিয়ন্ত্রিত হত। গরম দলের সাথে যুক্ত হয়েছিল ভগিনী সেনাবাহনীর মহিলাদের একটি দল তারা নিজেরাই সামরিক শিক্ষাগ্রহণে এগিয়ে আসেন। সুশীলচন্দ্র ধাড়া এই শিক্ষা দানের ভার নিয়েছিলেন। পুলিশী নির্যাতনের হাত থেকে আত্মরক্ষা করতে সেনানীদের হাতে ছোরা তুলে দেওয়া হয়েছিল। ছোরাগুলি বেশীরভাগই তমলুক মহকুমার কামাররা তৈরি করেছিল, যেগুলি খুব ধারালো ছিল।[১০] সেনানীরা প্রথমে তা শিখে গ্রামের মেয়েদের শিখিয়ে দিত। নারীরা শুধু নিজেরাই আত্মরক্ষা করেনি, বিপ্লবী কর্মীদের গোপনে আশ্রয়ও দিয়েছিল। সেনানীরা পুলিশী অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে যথেষ্ট সাহসিকতার পরিচয় দিয়েছেন।

পাশাপাশি নারীদের ওপর ব্রিটিশ পুলিশের পাশবিক অত্যাচার, বহু নারীকে ধর্ষণ, শিশু নির্যাতনের ঘটনা ছিল নির্মম ও লজ্জাজনক। এই ঘটনা ঘটে মহিষাদল থানার মাশুড়িয়া, চণ্ডীপুর, ডিহি মাশুড়িয়া প্রভৃতি গ্রামে দারোগা নলিনী রাহা হানা দিয়ে নানা প্রকার বর্বর অত্যাচারের সাথে ৪২ জন নারীর সতীত্ব নাশ করেছিল। অনেকক্ষেত্রে স্বেচ্ছাসেবকদের গ্রেফতার করতে না পেরে পুলিশ প্রভুরা নিজেদের অক্ষমতা ঢাকতে নারী নির্যাতন করেছে। সু পরিকল্পিতভাবে নারীদের ওপর অত্যাচার ও বিশৃঙ্খল পরিস্থিতির কারণে বাংলার ফজলুল হকের মন্ত্রীসভা থেকে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় পদত্যাগ করেন। একটি সরকারী রিপোর্টে উল্লেখ আছে— "Since his resignation Dr. Mukherjee has devoted himself to exploiting the situation in Midnapore in a manner calculated to discredits. His Excellency the governor and government officials."[১১] ১৯৪৫ সালে ডিসেম্বর মাসে মহাত্মা গান্ধী মহিষাদলে এসে আগস্ট আন্দোলনের সময়কার হিংসাত্মক কাজকর্ম সমন্ধে তাঁর অনুগামী কংগ্রেস কর্মীদের কাছে জানতে চান। সতীশ সামন্তের কাছে মাশুড়িয়া, চণ্ডীপুরের নারী নির্যাতনের ঘটনা শুনে তিনি তাঁর সঙ্গী ডঃ সুশীলা নায়ার ও শ্রীমতী আভা গান্ধীকে নির্যাতিতা মহিলাদের সঙ্গে দেখা করতে গ্রামগুলিতে পাঠান। তাদের কাছে সব শুনে গান্ধীজীর চোখে জল এসে যায়। নারী স্বভাবের বৈশিষ্ট্য হল প্রতিপালন, ভালোবাসা, আত্মত্যাগ, অহিংসা সত্যাগ্রহ প্রভৃতি। কিন্তু এই দুর্বলতাকেই কাজে লাগিয়ে ব্রিটিশ পুলিশ যা করেছে তা সত্যিই দুঃখজনক।

হিন্দু নারীদের পাশাপাশি মুসলিম নারীরাও ভারত ছাড়ো আন্দোলনে যোগ দেয়। পুরুষ শাসিত সমাজে নারীদের রাজনীতিতে অংশগ্রহণ কঠোর হলেও জাবেদান বিবি তাঁর স্বামী নুর মহম্মদের সাথে একত্রে তমলুক মহকুমায় আগস্ট আন্দোলনে অংশ নেন।[১২] সব মিলিয়ে সর্ব শ্রেণীর মহিলারা যে মেদিনীপুরের ভারত ছাড়ো আন্দোলনকে গণমুখীরূপ দিয়েছিল তাতে কোনো সন্দেহ নেই। এখন প্রশ্ন হল ঘরের মেয়েদের প্রকাশ্যে রাজনীতিতে অংশগ্রহণ ও জেলে যাওয়ার ঘটনা পুরুষতান্ত্রিক ভারতীয় সমাজে কতটা কাম্য ছিল? পুলিশী অত্যাচারের হাত থেকে সমস্ত পরিবারই রক্ষা পেত না বলেই হয়তো পুরুষরা মেনে নিতে বাধ্য হয়েছিল, অথবা নারীরা নিজেদের প্রয়োজনে আন্দোলনকে জোরদার করতে চেয়েছিল। বিদ্রোহী কার্যকলাপ চালানোর সময় অন্তর্ঘাতী বাহিনীর সেবা শুশ্রূষা করেছে নারীরা এবং গোপনে বিপ্লবী দেশকর্মীদের আশ্রয় দিয়েছে। এতো গেল পুরুষতান্ত্রিক ব্যাখ্যার দিক। কিন্তু নারীদের আত্ম চেতনায় কি পরিবর্তন এসেছিল? উত্তরে বলা যায় গান্ধী আদর্শে একেবারে তৃণমূল স্তরে আঞ্চলিক সমাবেশগুলিতে নারীদের যোগদান নারী চেতনায় কিছুটা পরিবর্তন নিঃসন্দেহে আনে। পাশাপাশি উচ্চবিত্ত শিক্ষিত মহিলাদের মধ্যে শিক্ষার প্রসার, সমানাধিকারের দাবি সাধারণ নারীদের উদ্বুদ্ধ করেছিল। আর্থিক ক্ষেত্রে তারা পুরুষদের সাথে কায়িক শ্রমে যোগ দিয়ে অর্থ উপার্জন করে সামাজিক ক্ষেত্রে নিজ অধিকার প্রতিষ্ঠা করতে উদ্যোগী হয়েছিল। সর্বোপরি প্রাকৃতিক দুর্যোগ, চালের দাম বৃদ্ধি,[১৩] মানুষ অনাহারের সম্মুখীন, ইংরেজদের অনিয়ন্ত্রিতভাবে খাদ্যশস্য বন্টন, পুলিশী অত্যাচার প্রভৃতি অরাজক পরিস্থিতিতে মহিলারা আর ঘরে বসে থাকতে পারেনি, তারা দলে দলে ভারত ছাড়ো আন্দোলনে যোগ দিয়েছে।

পাশাপাশি মেদিনীপুরের মহিষাদল থানার মাশুড়িয়া, চণ্ডীপুর অঞ্চলে যখন ব্রিটিশ দারোগা কর্তৃক অসংখ্য নারী ধর্ষণ ও তাদের ওপর পাশবিক অত্যাচার চালায় তখন কাপুরুষ স্বামী ও পুত্র তাদেরকে রক্ষা করতে পারেনি বরং অসহায় অবস্থায় ছেড়ে পালিয়েছে। সেক্ষেত্রে নারীর মান নারীকেই রক্ষা করতে হবে— এই প্রতিজ্ঞায় তারা সংকল্পবদ্ধ হয়। 'বিপ্লবী' পত্রিকায় গ্রামের মেয়েদের ছোরা, বঁটি, কাটারী, সাবল যে কোনো অস্ত্র নিয়ে জোটবদ্ধ থাকতে বলা হয়।[১৪] নারীর সতীত্ব রক্ষার জন্য খুব বেশী শারীরিক বলের দরকার হয় না — চাই অসীম মনের বল। এক্ষেত্রে পুরুষদের অহিংসা নীতিকে কাপুরুষতার অর্থপ্রকাশ বোধ হয় সমীচীন হবে না।

এবার আসা যাক আগস্ট আন্দোলনে বাংলার নারীদের অংশগ্রহণ সম্পর্কে। বাংলায় ভারত ছাড়ো আন্দোলন ব্যাপক আকার ধারণ করেছিল ঢাকা, বীরভূম,

পুরুলিয়া, কুমিল্লা, নোয়াখালী, কলিকাতা, দিনাজপুর, মেদিনীপুর জেলায়। নোয়াখালীতে ১৪৪ ধারা জারি হলে সুশীলা মিত্র বিধি লঙ্ঘন করে জাতীয় পতাকা উত্তোলন করে গ্রেফতার হন, কুমিল্লায় স্বর্ণময়ী দেবী বিয়াল্লিশের আন্দোলনে যোগদানকারী কর্মীদের নিরাপদ আশ্রয়দাত্রী। ঢাকা জেলার কমলা দাশগুপ্ত, আশালতা সেন, চব্বিশ পরগণার প্রভানলিনী ভাণ্ডারী, কলকাতার ব্রাহ্ম পরিবারের মালতি চৌধুরি, পুরুলিয়ার লাবণ্যপ্রভা ঘোষ, ফরিদপুর জেলার বনলতা সেন প্রমুখ বঙ্গ নারী ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণ করেন এবং কারাবরণ করেছিলেন।[১৫]

বাংলার অন্যান্য অঞ্চলের তুলনায় মেদিনীপুরের ভারত ছাড়ো আন্দোলনের তীব্রতা অনেক বেশী ছিল। পুলিশী অত্যাচারের বিরুদ্ধে শহর গ্রাম সর্বত্র পুরুষদের পাশাপাশি নারীরা ঐক্যবদ্ধ হয়েছিল। পুলিশী দমন-পীড়নের মাত্রা ক্রমশ বাড়তে থাকলে আন্দোলনে শেষপর্বে সহিংসতা রূপ পেয়েছিল। সেইসঙ্গে নারীদের জীবন সংগ্রামের মানসিকতা ও পুরুষতান্ত্রিক সমাজে নিজেদেরকে পুরুষদের সমকক্ষ করে তোলার দিকটিও প্রকাশ পায়।

প্রসঙ্গত উল্লেখ্য ১৯৪২-র ভারত ছাড়ো আন্দোলন ভারতের বিভিন্ন অঞ্চলে বিশেষত মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, যুক্তপ্রদেশ, উড়িষ্যা, পাঞ্জাব, গুজরাট, বাংলা, আসাম, কেরালা, কর্ণাটক প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়ে। এই অঞ্চলগুলিতে পুরুষদের পাশাপাশি নারীরাও আন্দোলনে যোগদান করেছিল।[১৬] আসামের কলেজ ছাত্রী কনকলতা বড়ুয়া দরাং জেলার গোপুর এলাকায় পাঁচশত কংগ্রেস কর্মীদের নিয়ে থানা আক্রমণের শোভাযাত্রায় অংশ নেয়। জাতীয় পতাকা সহ থানায় প্রবেশের চেষ্টা করলে দারোগা রেবতীমোহন সোম হুঁশিয়ার দেন। তখন কনকলতা বলেন—"এই থানা বর্তমানে জনতারাজের অধীনে, যদি দারোগা ও অধীনস্থ কর্মচারীগণ জনগণের সেবক হিসেবে কাজ করতে অসম্মত হয় তাহলে তারা যেন সরে যায় এবং জনগণ থানা দখল করবে।" এরপর পতাকা হাতে থানার মধ্যে প্রবেশ করলে পুলিশ তাকে গুলি করে। আসামের নওগাঁ জেলার শ্রীমতী ভোগেশ্বরী ফুকোলিনী জাতীয় পতাকার মর্যাদা রক্ষা করতে গিয়ে প্রাণ হারান। প্রমীলা গুপ্ত 'ইডেন গভর্নমেন্ট হোস্টেলে' থাকাকালীন বিপ্লবীদের পিস্তল লুকিয়ে রাখা ও নির্দেশমতো নির্দিষ্ট স্থানে পৌঁছে দেওয়ার কাজ করতেন। আসামে বিয়াল্লিশের আন্দোলন হিংসাত্মক রূপ নিয়েছিল তাতে সন্দেহ নেই।

মহারাষ্ট্রের সাতারা জেলায় যে 'প্রতি সরকার' (১লা জুন ১৯৪৩ সাল) গড়ে উঠেছিল তাতে বেশ কিছু নারী যোগদান করেছিল তারা পুরুষদের সাথে সাথে সরকারি দপ্তর দখলের ও জাতীয় পতাকা উত্তোলনের কাজে অংশ নিয়েছিল।

রাজমতি পাতিল, লীলা পাতিল প্রমুখ নারী আন্দোলনে প্রত্যক্ষভাবে যোগদান করেছিল। ১৯৪২ সালের ৯ই আগস্ট প্রথমে গোয়ালিয়র ট্যাঙ্ক ময়দানে ও পরে শিবাজী পার্কে বিশাল সভায় অরুণা আসফ আলি জাতীয় পতাকা উত্তোলন করেন।

গুজরাটে ঊষা মেহেতা (কলেজ ছাত্রী) একটি রেডিও স্টেশন স্থাপনের ব্যবস্থা করেন। সরকার দেশের বিভিন্ন স্থানের বিদ্রোহের খবর ও নেতাদের গ্রেফতারের খবর প্রকাশ না করায়,[১৭] ঊষা মেহেতা আন্দোলনের নেতৃত্ব ও জনতার কাছে প্রতিরোধ ও গ্রেফতার সংক্রান্ত খবর ও গান্ধীজীর 'করেঙ্গে ইয়া মরেঙ্গে' বার্তা বোম্বাই শহর থেকে গোপনে সম্প্রচার করতেন। তিনি পুলিশী অত্যাচারের ভয়কে তোয়াক্কা না করে গোপনে রেডিও সম্প্রচার চালাতেন। দেশবাসীর কাছে তিনি 'ঊষাবেন' নামে পরিচিত। এছাড়াও কস্তুরবা গান্ধী, হাসান মেহেতা, লীলাবতী লক্ষ্মী প্রমুখ নারী আন্দোলনে যোগদান করেন।

পাঞ্জাবের সুচেতা কৃপালিনী গান্ধীর আদর্শে প্রভাবিত হয়ে ব্যক্তিগত সত্যাগ্রহে যোগ দেন।[১৮] উড়িষ্যার কটকের সরলাদেবী, রমাদেবী, মালতী দেবী শান্তিনিকেতনের ছাত্রী ভারত ছাড়ো আন্দোলনে নিয়ে কারাবরণ করেন। যুক্তপ্রদেশের সুভদ্রা কুমারী চৌহান, লক্ষৌর রাজকুমারী অমৃতা কাউর, অন্ধ্রপ্রদেশের শ্রীমতী সরোজিনী নাইডু, কর্ণাটকের রানী চেন্নামা, কমলাদেবী চট্টোপাধ্যায়, কেরালার আম্মা এ. ভি. কুট্টিমালু ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণ করে আন্দোলনের গতিকে ত্বরাণিত করতে সাহায্য করেন।

আসামের কনকলতা বড়ুয়ার সাথে মেদিনীপুরের মাতঙ্গিনী হাজরার থানা দখলের কর্মসূচিতে অংশ নিয়ে দুর্বার সাহসের পরিচয়ের মিল বা সাদৃশ্য রয়েছে। ভারতের রাজনৈতিক পরিবারের মেয়েরাই বেশী জাতীয় আন্দোলনে অংশ নিয়েছিল। ঐতিহাসিক জ্ঞনেন্দ্র পান্ডে বলেছেন যে, গান্ধী দেশবাসীকে দেন নতুন এক 'মনস্তাত্ত্বিক' জোর এই বলে যে, এখন থেকে প্রত্যেককেরই নিজেকে মনে করা উচিত 'উক্ত পুরুষ বা মহিলা' এবং তারা নিজেরাই নিজেদের আন্দোলনের গতিপথ ঠিক করে নেবে, যদি তাদের নেতারা বন্দি হয়ে যান। জাতীয় নেতৃবৃন্দ গ্রেফতার হওয়া সত্ত্বেও মহিলারা অসীম সাহসিকতার সাথে প্রকাশ্যে আন্দোলনে নেমেছিল তার চিত্র পরিস্ফুট হয়।

সর্ব ভারতীয় স্তরে বিভিন্ন মহিলা সংগঠন গড়ে উঠলে এবং বিভিন্ন প্রাদেশিক স্তরের প্রতিষ্ঠানে কিছু নারীর অংশগ্রহণ, উচ্চবিত্ত পরিবারের মেয়েদের রাজনীতিতে যোগদান প্রভৃতির দ্বারা অনুপ্রাণিত হয়ে বহু নারী ভারত ছাড়ো আন্দোলনে যোগদান করে। গান্ধীর নেতৃত্বে পূর্বের পরিচালিত জাতীয়

আন্দোলনগুলিতে (অসহযোগ, আইন অমান্য) আন্দোলনে নারীদের অংশগ্রহণ বেশিরভাগটাই সংগঠন দ্বারা পরিচালিত হয়েছিল। কিন্তু এই পর্বের জাতীয় আন্দোলনে নারীদের অংশগ্রহণের ক্ষেত্রে এক পরিবর্তন চোখে পড়ে। নারীদের মধ্যে আত্মরক্ষা ও আত্মপ্রতিষ্ঠার চেষ্টা শুরু হয় ও তারা সংগঠনের বাইরেও বিভিন্নভাবে আন্দোলনে অংশ নিয়েছিল। নিজেদের অংশগ্রহণকে এক পৃথক পরিচিতি দেওয়ার চেষ্টা পরিলক্ষিত হয়। তাদের মধ্যে দেশের জন্য নিজেকে উৎসর্গ করার উদ্যোগ দেখা যায়। তাই ভারত ছাড়ো আন্দোলন পর্বে মহিলারা সকল নিষ্ক্রিয়তা সরিয়ে সক্রিয়ভাবে পূর্বের সমস্ত রেকর্ড ছাড়িয়ে আন্দোলনে অংশ নিয়ে পৃথক ভূমিকা পালন করেছে।

কিন্তু আক্ষেপের বিষয় হল জাতীয়তাবাদী আন্দোলনে অগণিত নারীর অংশগ্রহণ আদৌ সামাজিক স্বীকৃতি পায়নি। জেরাল্ডিন ফোবর্স তাঁর 'Women in Modern India' (১৯৯৮) গ্রন্থে বলেছেন, "মহিলা সংগঠনগুলির উদ্যোগ ও কর্মীদের কাজকর্ম সবসময় সামাজিক নারীবাদী ভাবাদর্শের কাঠামোর মধ্যেই সীমাবদ্ধ থাকত। জনসমক্ষে মহিলাদের কিছু নির্দিষ্ট ভূমিকা স্বীকৃত হয়েছিল, তবে নারী ও পুরুষের মধ্যে সামাজিক, শারীরিক ও মানসিক পার্থকগুলি বজায় ছিল।" আর সে কারণেই বোধ হয় মেদিনীপুরের ধনী-দরিদ্র নির্বিশেষে অসংখ্য নারীর ভারত ছাড়ো আন্দোলনে বিভিন্ন ভাবে যোগদান করলেও জাতীয় স্তরের ইতিহাসে প্রতিষ্ঠা পায়নি। তা সত্ত্বেও বলা যায় আঞ্চলিক স্তরে বিয়াল্লিশের আন্দোলনে মেদিনীপুরের নারীদের যোগদান ও স্বতঃস্ফূর্ততার ইতিহাস জানা প্রয়োজন আছে বলে মনে হয়।

তথ্যসূত্র ঃ


১। সতীশচন্দ্র সামন্ত, শ্যামাপ্রসাদ ভট্টাচার্য, অনঙ্গমোহন দাস, প্রহ্লাদকুমার প্রামাণিক, "August revolution and two years national government in Midnapore" (কলিকাতা, ১৯৪৬), পৃষ্ঠা-৪

২। Government of Bengal home department political district officers chronicals of events : Disturbances consequent upon the all India congress committees resolution of eighth august 1942 and the arrent of the congress leaders, thereafter august 1942 to middle of March 1943, পৃষ্ঠা-১৭

৩। ডঃ প্রদ্যোত মাইতি— "স্বাধীনতা আন্দোলনে তমলুক ও হলদিয়া মহকুমার নারী সমাজ," পৃষ্ঠা- ৩৪-৩৫, প্রকাশক ইন্দুভূষণ অধিকারী, তমলুক, পূর্ব মেদিনীপুর, প্রকাশকাল ২৯শে সেপ্টেম্বর, ২০০৪ সাল।

৪। Dr. Rina pal — "women of Midnapore in India freedom struggle" page-19, Ratna parakashana 2/73, Viveknagar, Calcutta-700075, 1996

৫। Bidyut Chakraborty — local politics and Indian nationalism : Midnapore (1919-1949), Calcutta Firma, K. L. page- 112-113.

৬। ভক্ত বঙ্গভূষণ — "নন্দীগ্রামে স্বাধীনতা সংগ্রাম" পৃষ্ঠা-৬৪ ও ১১৯, গোপীনন্দন গোস্বামী, আনন্দম, গোপালপুর, পূর্ব মেদিনীপুর (১৮৮৯)

৭। Weekly confidential report for the weekending on 05/04/41. District Intelligence Branch, Midnapore.

৮। Dr. Niranjan Ghosh – Role of women in the freedom movement in Bengal 1919-1947, Tamralipta prakashani, Midnapore 1988 page - 243-288.

৯। ডাকুয়া কুমুদিনী— ৪২-র 'রক্তঝরা দিনের কথা', 'আপনজন' বীরাঙ্গণা সংখ্যা ১৪০৯ পৃষ্ঠা-৬৭

১০। রাজর্ষি মহাপাত্র— "রক্তস্নাত তাম্রলিপ্তে মুক্তির খোঁজে আত্মত্যাগী নারী সমাজ" 'আপনজন' বীরাঙ্গণা সংখ্যা ১৪০৯ পৃষ্ঠা-৬৭

১১। Government of Bengal, Home (political) confidential, File No- 18/ 12/42. Fortnightly Report for the 2nd half of Nov, 1942 State Archieves, Kolkata.

১২। ইসলাম আমিনউল— "স্বাধীনতার মুক্তি যুদ্ধ, উপেক্ষার অন্ধকারে মুসলিম নারী", বীরাঙ্গণা সংখ্যা ১৪০৯, পৃষ্ঠা- ২৯-৩০, হলদিয়া, পূর্ব মেদিনীপুর ২০০২।

১৩। 'বিপ্লবী' সংখ্যা ন ৪৫ (১৫ই মে ১৯৪৩)

১৪। 'বিপ্লবী' সংখ্যা নং ২৫ (২৫ই জানুয়ারি ১৯৪৩)

১৫। কমলা দাশগুপ্ত— "স্বাধীনতা সংগ্রামে বাংলার নারী" পৃষ্ঠা— ১২৬, জয়শ্রী প্রকাশনা, ২০-এ প্রিন্স গোলাম মহম্মদ রোড, কলকাতা ২৬, প্রকাশকাল ১৩৯৬ বঙ্গাব্দ।

১৬। Suruchi Thapar – Bjortert, women in the Indian national movement 1930-1942, New Delhi, 2006, page - 123-124

১৭। Government of Bengal, Home (political) confidential, File No - 235/42, Civil Disobedience Movement, 1942, procedure for dealing with the appearances of illegal leaflets and Pamphlets in furtherance of the movement. State archieves of West Bengal, Kolkata.

১৮। Goraldine Forbes - women in modern India, Cambridge University Press. Page – 203-208.

# তাম্রলিপ্ত জাতীয় সরকার : প্রসঙ্গ গরম দল

অশ্রুকনা ঘোষ

৪২-এর আন্দোলনের ফলে ভারতের কোন কোন স্থানে স্বাধীন জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়।[১] মেদিনীপুরের কাঁথি ও তমলুক মহকুমাতে জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়। কিন্তু তমলুক মহকুমায় প্রতিষ্ঠিত জাতীয় সরকার ছিল অন্যতম দীর্ঘস্থায়ী (১৭ই ডিসেম্বর ১৯৪২ থেকে ৩০শে আগস্ট, ১৯৪৪) সরকার।[২] তমলুক মহকুমায় প্রতিষ্ঠিত এই সরকারের নাম ছিল 'মহাভারতীয় যুক্তরাষ্ট্র - তাম্রলিপ্ত জাতীয় সরকার'। এই নামকরণের অর্থ হল ভবিষ্যতে যখন ভারতবর্ষে যুক্তরাষ্ট্র গড়ে উঠবে তখন এই জাতীয় সরকার তার সঙ্গে মিশে যাবে। এই তাম্রলিপ্ত জাতীয় সরকারের যথার্থ ও পূর্ণাঙ্গ আলোচনা করতে গেলে 'গরম দল' সম্পর্কে আলোচনা প্রাসঙ্গিক।

জাতীয় সরকার পরিচালনার ক্ষেত্রে সব থেকে বিতর্কের ঝড় উঠেছে 'গরম দল' এর কাজকর্মকে ঘিরে। তাই কোন পরিস্থিতিতে 'গরম দল' গড়ে উঠেছিল বা গরম দলের সংগঠন ও কার্যকলাপ কীরূপ ছিল সেই সম্বন্ধে আলোচনা অপরিহার্য। এক বিশেষ অবস্থায় পড়ে জাতীয় সরকারের কর্নধারগণ আজীবন অহিংসাব্রতী হয়েও সরকার পরিচালনার প্রয়োজনে হিংসা-অহিংসার কূট তর্ক দূরে রেখে হিংসাত্মক ব্যবস্থা গ্রহনের সম্মতি দিতে বাধ্য হয়েছিলেন।[৩] ১৯৪২ খ্রিঃ ২৯শে সেপ্টেম্বরের থানা, সরকারী অফিস, আদালত ইত্যাদি দখল অভিযানের পর থেকেই ব্রিটিশ সরকার তমলুক মহকুমায় আন্দোলনকে স্তব্ধ করে দেওয়ার জন্য গৃহস্থের ধান, চাল, নগদ অর্থ ও অলঙ্কারাদি লুঠ, গৃহদাহ, নারী নির্যাতন ও ধর্ষণ ইত্যাদি চালিয়ে যেতে থাকলে তমলুক মহকুমার কংগ্রেস নেতৃত্ব এসব প্রতিরোধকল্পে ইংরেজ শাসনকে চ্যালেঞ্জ জানিয়ে জাতীয় সরকার বা সমান্তরাল সরকার স্থাপন করেন (১৭ই ডিসেম্বর, ১৯৪২)।[৪] এই জাতীয় সরকার যে যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহন করে তা হল ঃ "সরকার পরিচালনার ক্ষেত্রে হিংসা-

অহিংসার প্রশ্ন তুলে জাতীয় সরকারের স্বাভাবিক কাজকর্ম ব্যাহত করা হবে না। প্রয়োজন হলে জাতীয় সরকারের বিচারালয় দোষী ব্যক্তিদের কারাদণ্ড, সামাজিক ও আর্থিক শাস্তিদান, দৈহিক শাস্তিবিধান - এমনকি চরম দেশদ্রোহিতার অপরাধে মৃত্যুদন্ড পর্যন্ত দিতে পারবেন"। অবশ্য উপায়ান্তর না থাকলে বিচার বিবেচনার পরই চরমদণ্ড দেওয়া যেতে পারবে।[৫] জাতীয় সরকারের বিচারালয় কাদের শাস্তি দেবে এবং কিভাবে দেবে এই চিন্তা থেকে প্রকৃতপক্ষে গরম দলের উদ্ভব হয়।

ব্রিটিশ সরকারের পুলিশ ও গুপ্তচর বাহিনীর মধ্যে কিছুটা বিভ্রান্তি সৃষ্টির জন্য এবং অপরাধীদের মনে একটা আতঙ্ক সৃষ্টির জন্য এই বিশেষ বাহিনীর নাম দেওয়া হয় 'গরম দল'। এই দল মহকুমা এবং থানা স্তরে জাতীয় সরকারের অধীন হলেও একটি স্বতন্ত্র সংগঠন,[৬] তবে ঠিক কবে সৃষ্টি হয়েছিল তা স্বাধীনতা সংগ্রামীদের সঙ্গে সাক্ষাৎকারের ভিত্তিতেও যেমন সঠিকভাবে জানা সম্ভব হয়নি তেমনি ঐ সময়কার স্বাধীনতা সংগ্রামীদের রচিত কোন পুস্তকে এ পর্যন্ত উল্লেখ নেই। ১৯৪৩ খ্রিঃ জানুয়ারির মধ্যে যে এই সংস্থাটি গড়ে ওঠে তা বোঝা যায় ঐ মাসের প্রথম গরমদলের কাজের উল্লেখ থেকে।[৭]

গরমদলের গঠন পদ্ধতি সম্পর্কে যেটুকু জানা যায়, বিদ্যুৎবাহিনীর সর্বাধ্যক্ষ (C-in-C) সুশীল কুমার ধাড়ার উপর এই 'গরম দল' গঠনের ভার পড়ে। উচ্চতম স্তরে তাঁর প্রধান পরামর্শদাতা হলেন অজয় কুমার মুখোপাধ্যায়। সতীশ সামন্ত মশায় উপস্থিত থাকলে তিনি এই সব আলোচনায় অংশগ্রহণ করতেন। সাধারণভাবে বলতে গেলে এই তিনজনেই জাতীয় সরকার তথা গরমদলের নীতি ও পদ্ধতিগত কোন বড় রকমের সিদ্ধান্ত গ্রহনের পূর্বে প্রতিটি থানার নেতৃস্থানীয় কর্মীদের সঙ্গে আলোচনা করে নিতেন।[৮]

অবিভক্ত তমলুক মহকুমার ছটি থানার মধ্যে মহিষাদল, সুতাহাটা, নন্দীগ্রাম ও তমলুক এই চারটি থানায় গরমদল থানাভিত্তিক গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়। বাকী দুটি থানায় যথা পাঁশকুড়া ও ময়নায় গরমদলের সংগঠন গড়ে তোলা সম্ভব হয়নি। দল গঠনের প্রথম কাজ — কর্মী নির্বাচন, উপরোক্ত চারটি থানায় জাতীয় সরকারের মোট কর্মী সংখ্যা তখন পাঁচ হাজারেরও বেশী। এদের মধ্যে বিদ্যুৎবাহিনী ও ভগিনী সেনার সেনানীর সংখ্যা প্রায় একহাজার। এই কর্মীদের বেশীরভাগই নিজেদের বাড়ীতে থেকে কাজ করতেন। আর ঘরবাড়ী ছেড়ে মহকুমার বিভিন্ন স্বেচ্ছাসেবক শিবিরে যে সব সর্বক্ষনের কর্মী বাস করতেন তাদের সংখ্যা পাঁচ শয়েরও বেশী। এই কর্মীদের মধ্য থেকে প্রতি থানায় ১০/১২ জন করে কর্মী বেছে নেওয়া হল। এঁরাই হলেন গরম দলের Action Squad বা মূলকর্মী বাহিনী বা মৃত্যু

বাহিনী। কর্মী নির্বাচনে যে সব বিষয়ের উপর বিশেষভাবে নজর দেওয়া হয়েছিল তা, হল— (১) দৈহিক সামর্থ্য, বিশেষ করে স্নায়ুবল (২) সাহস ও প্রত্যুপন্নমতিত্ব (৩) শৃঙ্খলাবোধ এবং সর্বোপরি (৪) মন্ত্রগুপ্তির ক্ষমতা।[৯]

গরমদলের মোট সদস্যসংখ্যা ছিল প্রায় ৫০ জন। প্রথমে মহিলাদের এই দলের অন্তর্ভূক্ত করা হয় নি। পরে তাঁদের ঐকান্তিক আগ্রহে নির্বাচিত ২/৩ জনকে ঐ দলের অন্তর্ভূক্ত করা হয়। এঁরা হলেন (১) জ্যোৎস্না দাস (২) ঊষা চৌধুরী এবং (৩) কুমুদিনী ডাকুয়া। এই মহিলারা দলের সব রকম কাজকর্মে সক্রিয় অংশগ্রহন করে তাঁদের অন্তর্ভূক্তির যৌক্তিকতা প্রমানে সক্ষম হয়েছিলেন। এই কর্মীদলের নিষ্ঠা, সততা, সাহস, দায়িত্বজ্ঞান এবং কঠিন শৃঙ্খলাবোধের জন্যই দীর্ঘ প্রায় বিশ মাস কাল গরম দলের কাজকর্ম সাফল্যের সঙ্গে উত্তরণ সম্ভব হয়েছিল।[১০]

'গরমদল' সংগঠনের যে তিনজন মহিলা কর্মী তাদের দায়িত্ব এবং কর্তব্য যথাযথভাবে এবং অত্যন্ত যোগ্যতার সঙ্গে পালন করেছিলেন তাদের সম্পর্কে আমাদের জানা প্রয়োজন। 'গরম দলের' বড় সাহেব এর P.A.-এর ভূমিকা যিনি সার্থকভাবে রূপদান করেছিলেন তিনি হলেন শ্রীমতি গিরিবালা দাস। তিনি জাতীয় সরকারের অবলুপ্তি পর্যন্ত বড় সাহেব এর P.A. ছিলেন। আন্দোলনের সময় তাঁর নাম পরিবর্তন করে রাখা হয় জ্যোৎস্না দাস। তাঁর বাড়ি নন্দীগ্রাম থানার দূর্গাপুর গ্রাম। সর্বজন শ্রদ্ধেয় নেতা শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ ভুঁএ্যা ও শ্রীযুক্ত কুমার চন্দ্র জানার চেষ্টায় তিনি ওয়ার্ধায় গান্ধিজী প্রতিষ্ঠিত মহিলাশ্রমে থেকে পড়াশোনা করার সুযোগ পান। অগাষ্ট আন্দোলনে তিনি ওয়ার্ধাতেই গ্রেপ্তার ও কারাদণ্ডে দন্ডিত হন। জেল থেকে ছাড়া পেয়ে তিনি সোজা তমলুকে চলে আসেন এবং ভগিনী সেনাবাহিনীতে যোগদান করেন। তাঁর বুদ্ধি, সাহস ও প্রত্যুৎপন্নমতিত্ব দেখে গরমদলের 'বড় সাহেব' তাঁকে তাঁর P.A. করে নেন এবং ভূমিকায় তিনি প্রায় কিংবদন্তীসুলভ খ্যাতি অর্জন করেন।[১১]

গরমদলের আর একজন মহিলা সেনানীর নামও এই প্রসঙ্গে বিশেষভাবে উল্লেখযোগ্য, তিনি হলেন— শ্রীমতি ঊষা চৌধুরী। বালবিধবা, এই মহিলার সাংসারিক জীবনে নাম ছিল গিরিবালা দে। তাঁদের বাড়ি ছিল পূর্ববঙ্গের নোয়াখালী জেলায়। সেখান থেকে ইনি এঁর দাদার তৎকালীন কর্মস্থল মহিষাদলে আসেন এবং সেখানে মহিষাদলের কংগ্রেস নেতা শ্রীযুক্ত নীলমনি হাজরা ও শ্রীযুক্ত সুশীল ধাড়া এবং সর্বোপরি নীলমণি বাবুর স্ত্রী মহকুমার ছোট বড় সব কংগ্রেস কর্মীদের সর্ববাদি সম্মত 'কাকিমা' - শ্রীমতি লক্ষীমনি হাজরার প্রেরণায় কংগ্রেসের গঠনমূলক কাজে আত্মনিয়োগ করেন। অল্পকিছুদিনের মধ্যেই তিনি কংগ্রেসের সর্বক্ষনের কর্মী

হিসেবে মহিষাদলের কংগ্রেস ক্যাম্পে কাকিমার সহকারীরূপে যোগ দেন। বিয়াল্লিশের আন্দোলন চলাকালীন তাঁর নাম দেওয়া হয় ঊষাচৌধুরী। সুস্বাস্থ্য ও সুকণ্ঠের অধিকারিনী, কোমল স্বভাবা এই সুরূপা মহিলার অন্তরটি ছিল অত্যন্ত স্নেহপ্রবন। ৪২-এর আন্দোলনের প্রথ যুগে তিনি এবং কুমুদিনী ডাকুয়া পুলিশের হাতে গ্রেপ্তার হন। বিচারাধীন বন্দীরূপে প্রায় তিনমাস জেলে কাটিয়ে তিনি ছাড়া পান। কিন্তু কিছুদিন পরে আবার গ্রেপ্তার হন। পরে জুলাই মাসে মুক্ত হয়ে সরাসরি আন্দোলনে যোগ দেন। 'গরমদল' এর কাজকর্মের সঙ্গে যুক্ত হয়ে তিনি যথেষ্ট সাহসিকতা ও আত্মবিশ্বাসের পরিচয় দেন। কয়েকটি কারাদন্ডের ক্ষেত্রে তাঁকে 'জেলার' এর ভূমিকা গ্রহন করতে হয়েছিল।[১২] তিনি 'জেলার পিসিমা' নামে পরিচিত ছিলেন।

গরমদল এ জ্যোৎস্না দাশ ছাড়াও আর এক জন যে মহিলা প্রত্যক্ষভাবে অংশগ্রহন করেছিলেন। তিনি হলেন কুমুদিনী ডাকুয়া গোপন নাম মানসী (ছদ্মনাম মানু)[১৩] ১৯৪৪-এর ফেব্রুয়ারী মাসে জেল থেকে বেরিয়ে এসে তিনিও গরমদলের কাজকর্মের সঙ্গে নিজেকে যুক্ত করেন।

গরম দলের উপর ন্যস্ত দায়িত্ব এবং কাজকর্মের গতিপ্রকৃতি দেখে নীতিগতভাবে এটা স্থির করে নেওয়া হয়েছিল যে, গরম দলের সংগঠন হবে কিছুটা autocratic - স্বৈরতান্ত্রিক। একজন প্রধান পরিচালক থাকবেন- যার নির্দেশ এবং পরামর্শ অনুসারে প্রতিটি থানায় গরমদলের কাজকর্ম নিয়ন্ত্রিত হবে। খুব স্বাভাবিকভাবে সুশীল কুমারের উপর সেই দায়িত্ব এসে পড়েছিল। একথা বললে বোধ হয় অত্যুক্তি হবে না যে-কেবল বিদ্যুবাহিনী বা ভগিনীসেনা স্বেচ্ছাসেবক সংগঠনগুলিই নয়, 'গরম দল' এরও তিনিই ছিলেন প্রান পুরুষ। গরম দলের কর্মীদের কাছে তিনি "বড় সাহেব" নামে পরিচিত ছিলেন। কিছুটা গোপনীয়তার প্রয়োজনে এবং কিছুটা শত্রুপক্ষের মনে বিভ্রান্তি সৃষ্টির জন্য গরমদলের সর্বাধ্যক্ষের ঐ 'বড় সাহেব' নামটাই স্থায়ী হয়ে যায়। অপরাধীদের সামনে যে 'বড় সাহেব' কে দেখা যেত তাঁর লম্বা চাপদাঁড়ি, পরিধানে পাজামা পাঞ্জাবি। তিনি আবার হিন্দী বা ইংরেজী ছাড়া কিছু বোঝেন না। কখনও শোনা যায় তাঁর নাম হীরা সিং; আবার কেউ কেউ বলেন তিনি পেশোয়ারী মুসলমান।[১৪]

গরমদলের সৃষ্টির কথা জনগনের কাছে অজ্ঞাত ছিল। লক্ষনীয় এই যে, কারা এই গরমদলের সেনানী, আবার কেই বা পরিচালক - কেউই তা সুনির্দিষ্টভাবে জানত না। যাদের শাস্তি দেওয়ার জন্য এই দলটি গড়ে ওঠে, তাদের বা তাদের ছেলেদের গ্রেপ্তার করে অর্থ আদায়েরও চেষ্টা করা হত। অবশ্য গুরুতর অপরাধের ক্ষেত্রে শাস্তিস্বরূপ প্রানদণ্ডও দেওয়া হয়েছে।[১৫]

মহকুমায় যে চারটি থানায় জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়েছিল সেই তমলুক, মহিষাদল, সুতাহাটা, নন্দীগ্রাম এই চারটি থানাতেই গরমদলের নিজস্ব শাখা সংগঠন ছিল, গরম দলের 'বড় সাহেবের' উপর এই দলের সর্বময় কর্তৃত্ব অর্পিত ছিল। তার অধীনে থানাগুলির দায়িত্বে ছিলেন মহিষাদল থানায়— সতীশ দত্ত, তমলুক থানার নরেন্দ্র নাথ জানা, সুতাহাটায় বিধুভূষণ কুইতি এবং নন্দীগ্রাম থানায় বঙ্গাভূষন ভক্ত। নিজ নিজ থানার গরমদলের কাজের জন্য থানার দলনায়কগন সরাসরি 'বড় সাহেব' অর্থাৎ সুশীল বাবুর সঙ্গে যোগাযোগ করতেন এবং তাঁরই নির্দেশ ও উপদেশ মত প্রতিটি থানায় গরমদলের কাজকর্ম পরিচালিত হত। অজয়বাবু যতদিন বাইরে ছিলেন বড় ধরনের কোন কাজে হাত দেওয়ার আগে সুশীলবাবু অজয়বাবুর সঙ্গে পরামর্শ করে নিতেন।[১৬]

জাতীয় সরকারের সুসংহত এবং সুনির্বাচিত একটি গুপ্তচর বাহিনী ছিল। বিদেশী সরকারের সাহায্যকারী গুপ্তচর এবং সমাজবিরোধীদের সম্বন্ধে বিস্তারিত খবর সংগ্রহ করে তাঁরা জাতীয় সরকারের নেতৃবর্গের কাছে পাঠিয়ে দিতেন। প্রায় কোন ক্ষেত্রেই তাঁরা নিজেরা নেতাদের সঙ্গে দেখা করতেন না। তাঁদের কাছ থেকে প্রাপ্ত সূত্রের ভিত্তিতে অপরাধীদের বিচার হত। জাতীয় সরকারের এই গুপ্তচর বাহিনী ছাড়াও গরমদলের নিজস্ব বিশ্বস্ত গুপ্তচরবাহিনী ছিল। জাতীয় সরকারের গুপ্তচর বাহিনী দেওয়া তথ্য এবং অন্যান্য সূত্র থেকে পাওয়া তথ্যাদি আবার একবার যাচাই করে নেওয়া হত। তারপর অপরাধীর শাস্তি বিধান করা হত।[১৭]

এরপর আসা যাক গরমদলের বিচার ব্যবস্থা ও শাস্তি প্রদানের আলোচনায়। গরমদলের বিচারব্যবস্থা সম্বন্ধে গরমদলের সর্বাধ্যক্ষ শ্রী সুশীল কুমার ধাড়া তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'প্রবাহ'তে লিখেছেন—

"প্রতি থানায় আমি একটি করে গোপন বিচার বোর্ড নিয়োগ করলাম — বাহিনীর প্রধানদের নিয়ে। তারাই স্থির করবে কার জন্য কি জাতীয় শাস্তি প্রয়োজন, মৃত্যুদন্ডও এই শাস্তির অন্তর্ভুক্ত হল। এই বোর্ড অপরাধী ধৃত বা ধৃত না হলেও তার বিচার করে যে রায় দেবে তাকে পুনর্বিচার করবে সংশ্লিষ্ট থানার G.O.C এবং তৃতীয় ও শেষ বিচার করব আমি C-in-C হিসেবে। এই তিনবারই বা যে কোন দু বারই যে অপরাধী সাব্যস্ত হবে- তার জন্য যে দণ্ডবিধান থাকবে সেই অনুসারে আমাকে চূড়ান্ত রায় দিতে হবে অর্থাৎ কোনভাবেই যেন আমাদের ভুল না হয়— তার জন্যই ঐ যুদ্ধকালের শত্রুচর বা সহায়কদের জন্য এত গণতান্ত্রিক বা ছাঁকাই করার ব্যবস্থা। আমাদের কারও কোন ব্যক্তিগত ঈর্ষা বা ক্রোধ বা অনুকম্পা যাতে এর কোন ছিদ্রপথে অন্যায় বা ভুল করার সুযোগ না পায় তারই জন্য এই ব্যবস্থা

ও এত সতর্কতা। হ্যাঁ, এখানে বলে রাখা প্রাসঙ্গিক হবে যে আমাদের সরকারের স্বাভাবিক যে আইন ও বিচার বিভাগ ছিল এই জাতীয় কেস তাঁদের আওতার বাইরে। তাঁরা সাধারন আইন শৃঙ্খলা বা ফৌজদারি ও দেওয়ানী মামলার বিচার করতেন প্রায় প্রকাশ্যে। কিন্তু আমাদের এই বিচার হত অতি নিভৃতে। পূর্বোক্ত বিচারের দণ্ড মীমাংসা হত সকলের জ্ঞাতসারে — আমরা দণ্ড বিধান করতাম অতি নিভৃতে। দুটি সম্পূর্ণ পৃথক ধরনের কাজ বলে এবং আমাদের মধ্যে ঐকান্তিক সহযোগীতা ছিল বলে এই দুই প্রকারের বিচারের কখনও কোন বিরোধ তো হয়ই নি, বরং একটি অপরটির পরিপূরক হয়েছে"।[১৮]

অপরাধের বিভিন্ন অনুযায়ী গরমদল ভিন্ন ভিন্ন শাস্তি প্রদান করত। বিদেশী সরকারের স্থানীয় গুপ্তচরদের ক্ষেত্রে শাস্তি ছিল মৃত্যুদণ্ড। সেখানে কোন ক্ষমা নাই। কয়েকটি বিশেষ ক্ষেত্রে সংশোধনের অতীত কিছু কুখ্যাত সমাজ বিরোধীদের ক্ষেত্রেও মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। উল্লেখ্য, জাতীয় স্বেচ্ছাসেবকদের সম্বন্ধে খোঁজ খবর দিয়ে তাদের ধরিয়ে দিতে পুলিশকে সব রকম সাহায্য করার শর্তে ব্রিটিশ সরকার বেশ কয়েকজন কুখ্যাত ডাকাত ও সমাজবিরোধীদের জেল থেকে ছেড়ে দেয়। পুলিশের প্রত্যক্ষ সহায়তা পেয়ে এই গুণ্ডা, বদমাশ ও ডাকাত দল দেশের মধ্যে যথেচ্ছাচার করে বেড়াতে থাকে। গ্রামাঞ্চলে শান্তিরক্ষার জন্য এবং অধিবাসীদের ব্যক্তিগত নিরাপত্তা ও সম্পত্তি রক্ষার প্রয়োজনে এই স্বভাব অপরাধীদের কঠোর হস্তে দমন করা বিশেষভাবে প্রয়োজন হয়ে পড়েছিল। এদের মধ্যে আবার যারা পুলিশের পক্ষে গুপ্তচরবৃত্তি করত বা পুলিশের সঙ্গে হাত মিলিয়ে দেশ সেবকদের বাড়ি খানাতল্লাশির নামে সম্পত্তি লুঠ করত এবং সুযোগ পেলেই নারী নির্যাতন করত— তাদের কয়েকজনকে মৃত্যুদন্ড দেওয়া হয় এবং কয়েকটি ক্ষেত্রে দৃষ্টান্তমূলক দৈহিক শাস্তির ব্যবস্থা করা হয়।[১৯]

বিদেশী সরকারের সাহায্যকারী এবং সমাজবিরোধীদের ক্ষেত্রে প্রধানতঃ অর্থদণ্ডর বিধান দেওয়া হত। সেই সময়টা (১৯৪৩-৪৪) ছিল — দুর্ভিক্ষের বছর। গ্রামাঞ্চলে তখন শ্মশানভূমির নিস্তব্ধতা। মানুষ মরছে শ'য়ে শ'য়ে, হাজারে হাজারে - মরছে অনাহারে এবং অনাহারজনিত রোগে। বিদেশী সরকার মাঝে মাঝে লঙ্গরখানা খুলে রিলিফের নামে যে প্রহসন শুরু করছে প্রয়োজনের তুলনায় তা নিতান্তই অকিঞ্চিৎকর। আবার কিছু কিছু লোভী মানুষ অসাধু সরকারি কর্মচারী ও পুলিশের সহায়তায় এই সব লঙ্গরখানার জন্য প্রেরিত সামগ্রীর সিংহভাগটাই আত্মসাৎ করে নিয়েছিলেন। সমাজের এইসব নিকৃষ্টতম অপরাধীদের ক্ষেত্রেও প্রধানতঃ অর্থদণ্ড করা হত।[২০]

মহকুমা দক্ষিণ পূর্ব অঞ্চলে বেশ কিছু বড়ো জোতদার ছিলেন যারা ছিলেন প্রভূত ভূসম্পত্তি মালিক। সেই সময়ে কংগ্রেস কর্মীদের সঙ্গে চাষি এবং জোতদার উভয় পক্ষের সঙ্গেই খুব ভালো সম্পর্ক ছিল। কিন্তু কিছু কিছু জমিদার ছিলেন যারা নিজেদের স্বার্থে পুলিশ বিভাগের সঙ্গে খুব হৃদ্য সম্পর্ক গড়ে তুলেছিলেন। পুলিশ এবং সরকারি কর্মচারীরা প্রায় তাঁদের আতিথ্য এবং দাক্ষিণ্য গ্রহণ করতেন। প্রত্যক্ষভাবে গোয়েন্দাগিরিতে লিপ্ত না থাকলেও জাতীয় আন্দোলনের প্রতি তাঁরা বিরূপ মনোভাব পোষণ করতেন এবং স্বেচ্ছাসেবকদের সঙ্গে দুর্ব্যবহার করতেন। এইসব ব্যক্তিদের ক্ষেত্রেও তাঁদের অপরাধের গুরুত্ব অনুসারে অর্থদণ্ডের ব্যবস্থা হত।

জাতীয় সরকারের কাজকর্ম পরিচালনা জন্য বেশ কিছু অর্থের প্রয়োজন ছিল। অর্থদণ্ড হিসাবে প্রাপ্ত অর্থ এই দুঃসময়ে জাতীয় সরকারকে স্থায়িত্ব দিতে বিশেষ সহায়ক হয়েছিল।[২১]

গরমদলে যে সব অপরাধের শাস্তি বিধান করত তাঁর সব ক্ষেত্রেই সেই শাস্তি কার্যকর করা সহজ ছিল না। সাধারণ অপরাধীরা যথেষ্ট সাবধান থাকতেন, পুলিশের সহায়তাও তাদের পেছন থাকত। তাছাড়া চরমদণ্ড কার্যকর করার পূর্বে অপরাধীর অপরাধ সম্বন্ধে নিঃসন্দেহে হওয়ারও প্রয়োজন ছিল। গরমদল কর্তৃক প্রদেয় কয়েকটি মৃত্যুদন্ড ও অর্থদণ্ডের ঘটনা আলোচিত হল।

প্রথমেই আসি মৃত্যুদণ্ডর উদাহরণ প্রসঙ্গে (১) ব্রিটিশ সরকারের পক্ষে গোয়েন্দাগিরি করার জন্য প্রথম যে ব্যক্তিটির মৃত্যুদন্ড দেওয়া হয়েছিল তিনি ছিলেন মহিষাদল থানার এক স্কুল শিক্ষক। ঐ গ্রামের অধিকাংশ অধিবাসীই জাতীয় সরকারের পূর্ণ সমর্থক ছিলেন। সেই লবণ সত্যাগ্রহের সময় থেকেই ঐ গ্রামের নামাঙ্কিত বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রবৃন্দ প্রতিটি জাতীয় সংগ্রামে বিশেষ অবদান রেখেছেন। আগষ্ট আন্দোলনেও এই বিদ্যালয়ের বেশ কিছু ছাত্র সক্রিয় অংশগ্রহণ করেছিলেন। এঁদের মধ্যে তিনজন মহিষাদল থানা আক্রমন করতে গিয়ে প্রাণ বিসর্জন দেন এবং অন্য দুজন গুরুতর রূপে আহত হন।[২২]

কিন্তু এঁই শিক্ষক তাঁর গ্রামের এই মহান ঐতিহ্য বিস্মৃত হয়ে প্রলোভনে পড়ে ব্রিটিশ পুলিশের পক্ষে গোয়েন্দাগিরির পথ বেছে নিয়েছিলেন। জাতীয় সরকারের গোয়েন্দা বিভাগের খবর ছিল যে, ঐ ব্যক্তি নিজের গ্রামে এবং আশেপাশের গ্রামে জাতীয় সরকারের নেতৃবৃন্দ ও কর্মীদের গতিবিধি সম্বন্ধে পুলিশকে নিয়মিত খবর পাঠাতেন এবং পুলিশ বাহিনী তাঁর এলাকায় হানা দিতে এলে তিনি প্রচ্ছন্ন থেকে তাদের পথ প্রদর্শকের কাজ করতেন। তাঁরই রিপোর্টের ভিত্তিতে পুলিশ ঐ গ্রামের

কয়েকজন আত্মগোপনকারী দেশপ্রেমিকের পরিবারবর্গের উপর অকথ্য অত্যাচার চালাতে থাকে। গরমদলের পক্ষে থেকে তাঁকে একটা সতর্ক চিঠি দেওয়া হল। তাসত্বেও তিনি তাঁর গোয়েন্দাগিরি সমানে চালিয়ে যেতে থাকলেন। গরম দলের উচ্চতম পর্যায়ে তখন স্থির হল যে, এই শিক্ষকের ক্ষেত্রে দৃষ্টান্তমূলক শাস্তি হিসাবে প্রাণদণ্ডের বিধান কার্যকর করা হবে।

নির্দিষ্টদিনে রাত্রি প্রায় ১১টার সময় গরমদলের ৩০/৩৫ জনের একটি বাহিনী চুপিসারে ঐ শিক্ষকের বাড়ী ঘিরে ফেলল। শীতের রাত। বাড়ির সবাই নিদ্রিত। পুলিশ কনেষ্টবলের পোষাক পরা, লাঠি হাতে গরমদলের এক সৈনিক ঐ ভদ্রলোককে জাগিয়ে ভাঙা হিন্দিতে বললেন যে, "বড়বাবু" হত দূরে খেলার মাঠে অপেক্ষা করছেন। ঐ গ্রামের এক কংগ্রেস নেতাকে গ্রেপ্তার করতে যেতে হবে।[২৩] শিক্ষক মশায় সে কথা শুনে জামা কাপড় পড়ে বেরিয়ে এসে ঐ কনেষ্টবলের সঙ্গী হলেন।

তাঁর অপরাধ সম্বন্ধে তখন আর কারও কোন সন্দেহ রইল না। দলের সকলেই বুঝলেন যে, সঙ্গত কারনেই তাঁর শাস্তি বিধান দেওয়া হয়েছে। কিছুক্ষণ চলার পর ভদ্রলোক বোধ হয় নিজের অবস্থা বুঝতে পেরে চিৎকার করে ওঠেন। গরমদলের বাহিনী তাঁকে ধরে নিয়ে দ্রুতপদে ৩/৪ মাইল দূরে হলদি নদীর তীরে চলে যান। সেখানে নির্জনে তাঁর প্রানদন্ডাদেশ কার্যকর করা হয় এবং মৃতদেহ টুকরো টুকরো করে নদীর জলে ভাসিয়ে দেওয়া হয়।[২৪]

(২) ২৫ শে মার্চ, ১৯৪৩ তারিখে প্রকাশিত 'বিপ্লবীর' ৩৪শ সংখ্যায় একটি খবর বেরোল ঃ

মহিষাদল থানা ৪নং ইউনিয়নের পুয়াদা গ্রামের মতি সেখ একজন ডাকাতের সর্দার। সেইজন্য থানার বড় দারোগাবাবু সঙ্গে (ইংরাজের) তাঁর খুব দহরম মহরম। মাইল দুই দূরে দারোগাবাবু সিপাহি, বন্দুক নিয়ে কয়েক মাস ধরে ব্যবত্তার হাটে ঘাঁটি করে বসে আছেন- ভলান্টিয়ার ধরতে, আর তাঁর আশেপাশে শেখের পো ডাকাতি করে বেড়াচ্ছিল। গত ২১/৩/৪৩ রাত্রি ৮/৯ টার সময় পুলিশের পোশাক পরে লাঠি বন্দুক নিয়ে কারা তাকে দারোগাবাবু নাম করে ডাকতে আসে সে যেতে রাজধানী না হলে ধরে নিয়ে যায়। পাড়ার লোক লাঠি সোঁটা নিয়ে তাড়া করেছিল। মাঠের মাঝে মতিকে মৃত অবস্থায় পাওয়া যায়। তাঁর গায়ে নাকি লাঠি, ছোরা ও গুলির দাগ আছে। তার প্রতিবেশী ও দলের ডাকাত কচি শেখ নাকি উধাও হয়েছে। জোর গুজব যে ডাকাতির ভাগাভাগি নিয়ে নাকি ঝগড়া হয়েছিল এবং দলের অন্য লোকের নাকি কচির সাহায্যে এই ভীষণ প্রতিশোধ নিয়েছে।[২৫] প্রকৃত ঘটনা অবশ্য

একটু অন্যরকম। বলাবাহুল্য যে, কচি ও মতির সাকরেদদের এবং তাদের প্রশ্রয়দাতা পুলিশ কর্মচারীদের বিভ্রান্ত করার উদ্দেশ্যেই এইভাবে সংবাদ পরিবেশিত হয়েছিল।

এবার আসি অর্থদণ্ডের আলোচনা প্রসঙ্গে। অপেক্ষাকৃত লঘু অপরাধের জন্য সাধারণতঃ অর্থদন্ড করা হত। অপরাধের গুরুত্ব এবং অপরাধীর সামর্থ্য অনুযায়ী এই অর্থদণ্ডের পরিমাণ নির্ধারন করা হত এবং এইভাবে রপ্ত অর্থ জাতীয় সরকারের বিভিন্ন বিভাগের কাজকর্ম নির্বাহের জন্য ব্যয় করা হত।[২৬]

সুশীলবাবু লিখেছেন যে, মহকুমার মধ্যে "এরূপ অর্থদণ্ডের পরিমান মাত্র একটি ক্ষেত্রেই কুড়ি হাজার টাকা আদায় করা হয়েছিল গরমদলের সুতাহাটা শাখার মাধ্যমে আজ যার অর্থমূল্য অন্ততঃ ত্রিশগুন ধরলেও ছ'লাখ টাকা"।[২৭]

অর্থদণ্ডের সর্বাধিক উল্লেখযোগ্য ঘটনা হল-অমলেশ ত্রিপাঠীর গ্রেপ্তার ও জরিমানা আদায়। এঁর নিজের কোনো অপরাধে ইনি গ্রেপ্তার হয়নি। এঁর পিতা সূর্যকান্ত ত্রিপাঠী ব্রিঠিশ সরকারের পৃষ্ঠপোষক ও জমিদার ব্যক্তি। বর্তমান হলদিয়ার কাছে দেভোগের জমিদার ছিলেন। ভাগচাষীদের সঙ্গে দুর্ব্যবহারের জন্য ঐ পরিবারের বিশেষ দুর্নাম ছিল। জাতীয় আন্দোলনেও ঐ পরিবার কোনদিন কোনভাবে সাহায্য করেন নি। বরাবরই সাহায্যের আবেদন অবজ্ঞার সঙ্গে ফিরিয়ে দিয়েছেন। অথচ পুলিশ বাহিনী ও সরকারি কর্মচারীদের জন্য তাঁদের বাড়িতে ছিল অবারিত দ্বার। পরম সমাদর এবং পর্যাপ্ত আপ্যায়নে তৃপ্ত হয়ে পুলিশ বাহিনি ঐ অঞ্চলে স্বেচ্ছাসেবকদের খোঁজে বেরিয়ে অত্যাচার করে বেড়াত।[২৮]

সুতাহাটা থানা জাতীয় সরকার স্থির করেন যে, ত্রিপাঠী পরিবারের এই জাতীয়তা বিরোধী কাজের জন্য তাদের উপর জরিমানা ধার্য্য উচিত। সেই অনুসারে পাঁচ হাজার টাকা জরিমানা ধার্য্য করে তাঁদের কাছে নোটিশ পাঠানো হয়। অত্যন্ত অপমান সূচক মন্তব্য করে তাঁরা ঐ নোটিশ অগ্রাহ্য করেন। তিন তিনবার নোটিশ পেয়েও তিনি হাজির হন না। তখন জাতীয় সরকারের আদেশে গৃহস্বামীর কনিষ্ঠ পুত্র, বিশ্ববিদ্যালয়ের এক কৃতী ছাত্র অমলেশ ত্রিপাঠী, গরমদলের হাতে গ্রেপ্তার হন এবং চল্লিশ হাজার টাকা অর্থদণ্ড আদায় দাওয়ার জন্য গৃহস্বামীর কাছে নোটিশ পাঠানো হয়।

কিন্তু ৫/৬ দিন কেটে যাওয়ার পরেও গরমদলের গোয়েন্দারা খবর নিয়ে এলেন যে, পুত্রের জন্য আহার নিদ্রা ত্যাগ করলেও পুত্রের পিতা ঐ অর্থদণ্ড আদায় দিতে চাইছে না। তখন তমলুক কোর্টের উকিল তাঁর জ্যেষ্ঠ পুত্রকে একদিন তমলুক থেকে বাড়ি ফেরার পথে গ্রেপ্তার করা হল এবং তাঁর অজ্ঞাতে তাঁর কনিষ্ঠ ভ্রাতাকে বাড়ী পৌঁছে দেওয়া হল। জ্যেষ্ঠ পুত্র 'গরমদল' এর 'বড় সাহেব' কে অনুরোধ করে

দণ্ডের পরিমান হ্রাস করিয়ে অর্ধেকে নামিয়ে আনলেন এবং বিশ হাজার টাকা আদায় দেওয়ার জন্য তাঁর পিতার কাছে চিঠি লিখে পাঠালেন। তৃতীয় দিনে পূর্ব নির্দিষ্ট স্থানে এই পরিমাণ অর্থ পাওয়া গেল এবং তারপরে জ্যেষ্ঠপুত্র ও মুক্ত হয়ে বাড়ি ফিরে গেলেন।[২৯]

সমগ্র মহকুমায় এরূপ শতাধিক শাস্তি গরমদল মাধ্যমে দেওয়া হয়েছিল। সুশীলবাবু লিখেছেন, "এইরূপ একশতটিরও বেশি হত্যা ও চরম কায়িক শাস্তিদান সংঘটিত হয়েছে গরমদলের হাতে, যার ৯০-৯৫টি আমার হাতে বা আমারই পরিচালনায় ও আমারই উপস্থিতিতেই হয়েছে এটা স্বীকার করতে আজ আর আমার দ্বিধা নেই"।[৩০]

গরমদলের কাজকর্ম সম্পর্কে সুশীলবাবু লিখেছেন ঃ "মজার কথা এই যে, ব্রিটিশের গোয়েন্দা সম্পূর্ণ অক্ষমতার পরিচয় দিয়েছে মৃত্যুদণ্ডপ্রাপ্ত দেশদ্রোহীদের সন্ধান করতে বা আমাদের কারাগারে বন্দী একজনকেও উদ্ধার করতে বা কোন কারাগারের সন্ধানও করে উঠতে পারেনি।... জাতীয় সরকারের নিয়মশৃঙ্খলা ও গোপনীয়তা ছিল দুর্ভেদ্য বর্মে মোড়া এটা তার প্রমান। প্রেম, প্রীতি, স্নেহ ও ভালবাসার অবিচ্ছেদ্য বন্ধনে কয়েক সহস্র সেনানী ও সরকারের পরিচালকবৃন্দ এমনভাবে আবদ্ধ ছিল যে, এই সুকঠিন শৃঙ্খলা কোন সময় তাদের কাছে শৃঙ্খল বা বন্ধন হয়ে ওঠেনি"[৩১]

এই গরমদলের কাজকর্ম সম্বন্ধে বহু আলোচনা, বিচার বিবেচনা পূর্বেও বহুবার হয়েছে, এখনও চলেছে, ভবিষ্যতেও নিশ্চয় হবে। গরমদলের কাজকর্ম দেখে হয়ত মনে হবে - গরম দল প্রদত্ত শাস্তি ছিল বড় বেশী কঠোর, বড় বেশী হৃদয়হীন। এ সম্পর্কে তদন্তের জন্য গান্ধিজি স্বয়ং মেদিনীপুরে আসেন। এই বিচার করার আগে দেশের সমকালীন অস্বাভাবিক অবস্থার কথা আগে বিবেচনা করা দরকার। পূর্ব দেশে তাদের অস্তিত্ব বজায় রাখার জন্য ইংরেজ সরকার তখন মরিয়া হয়ে লড়ছে। সরকার বিপ্লবীদলকে শায়েস্তা করার কাজে পুলিশকে সাহায্য করার জন্য কুখ্যাত চোর ডাকাতদের জেল থেকে ছেড়ে দিয়েছেন। তাদের অত্যাচারে গ্রামাঞ্চলে বিভীষিকার রাজত্ব চলেছে। মুষ্টিমেয় কিছু দেশদ্রোহী পুলিশের পক্ষে গোয়েন্দাগিরি এবং প্রচ্ছন্নভাবে পুলিশকে সাহায্য করে দেশসেবকদের ঘরবাড়ি, খানাতল্লাশের নামে অবাধ লুণ্ঠনে সাহায্য করেছে। আর এই ঘোলাজলে মাছ ধরার জন্য একদল স্বার্থান্বেষী লোক অসাধু রাজকর্মচারী ও পুলিশের সহায়তায় সেই চরম দুর্ভিক্ষের দিনেও ক্ষুধার্ত, মৃত্যু পথযাত্রী মানুষের মুখের গ্রাস কেড়ে নিয়ে নিজেদের উদর স্ফীত করে চলেছে।[৩২]

এই চরম অরাজক অবস্থার অবসানকল্পেই জাতীয় সরকারের প্রতিষ্ঠা হয়েছিল। কঠোর হস্তে এই অবস্থার মোকাবিলা করতে না পারলে জাতীয় সরকারের পক্ষে দেশের মধ্যে শান্তিশৃঙ্খলা রক্ষা করা সম্ভব হত না, সরকারের অস্তিত্বই বিপন্ন হয়ে পড়ত। অপরপক্ষে এই সব সাংঘাতিক চোর ডাকাত বা অপরাধীদের দীর্ঘদিন কারাগারে আটকে রাখার মত উপযুক্ত কারাগার বা আর্থিক সঙ্গতি জাতীয় সরকারের ছিল না। বাধ্য হয়ে বিচারকগনকে তাৎক্ষনিক দণ্ডদানের পথকেই বেছে নিতে হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ জাতীয় সরকারের বিচারালয় এবং গরমদল কর্তৃক প্রদত্ত এই সব কঠোর শাস্তিদানের ফলে ঐ মহামন্বন্তরের দিনেও দেশের মধ্যে চুরি ডাকাতি প্রায় ছিলই না।

তথ্যসূত্র ঃ

১। আর. সি. মজুমদার, হিস্ট্রি অব ফ্রিডাম মুভমেন্ট, ভলিউম-৩, পৃ. ৬৮৭
২। ড. প্রদ্যোত কুমার মাইতি, বিয়াল্লিশের তমলুক ও তাম্রলিপ্ত জাতীয় সরকার, পূর্বাদ্রি তমলুক, ২০০৩, পৃ-৫৮
৩। রাধাকৃষ্ণ বাড়ী, তাম্রলিপ্ত জাতীয় সরকার, তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি, তাম্রলিপ্ত জন কল্যাণ সমিতি ও তাম্রলিপ্ত জাতীয় সরকার স্মারক কমিটির যৌথ উদ্যোগে, ২০০০, পৃঃ ২৬৯
৪। মাইতি, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ৭৪
৫। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ১৯২
৬। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৬৯
৭। সুশীল কুমার ধাড়া, প্রবাহ, ১ম খণ্ড, ২য় মুদ্রন, বাং সন ১৩৯০, পৃঃ ১৩৯
৮। বাড়ী, প্রগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭০
৯। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭০, ২৭১
১০। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭১
১১। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭১, ২৭২
১২। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭২
১৩। প্রদ্যোৎকুমার মাইতি, পূর্ব মেদিনীপুর জেলার স্বাধীনতা সংগ্রাম ও সংগ্রামীদের কথা (১ম খণ্ড), তমলুক, ২০১২, পৃঃ ৪৪১
১৪। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭১
১৫। গোপীনন্দন গোস্বামী, "তাম্রলিপ্ত জাতীয় সরকারের আমলে বৈপ্লবিক কর্মকাণ্ড", তাম্রলিপ্ত, ১৯৭৭, পৃঃ ৩-৫
১৬। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৪
১৭। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৪

১৮। ধাড়া, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ১৩৮
১৯। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৫
২০। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৫
২১। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৬
২২। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৬
২৩। পুলিশ থানার O.C. বা Officer in-Charge কে সাধারণতঃ 'বড়বাবু' বলা হত। এখনও নিজস্ব মহলে ঐ নামেই তিনি পরিচিত।
২৪। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৭৭
২৫। ২৫শে মার্চ, ১৯৪৩, বিপ্লবী, ৩৪শ সংখ্যা
২৬। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৮২
২৭। আনন্দবাজার পত্রিকা ৩০শে ডিসেম্বর, ১৯৪৫
২৮। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৮২
২৯। বাড়ী, প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৮৩
৩০। ধাড়া, প্রবাহ, ১ম খণ্ড পৃঃ ১৪০
৩১। পূর্বাদ্রি, পঞ্চমবর্ষ, ১ম সংখ্যা, বাং সন ১৩৯০, পৃঃ ৩০-৩১
৩২। বাড়ী প্রাগুক্ত গ্রন্থ, পৃঃ ২৮৫

# উপজাতি ও দলিত কৃষক শ্রেণীর দৃষ্টিতে ভারত ছাড়ো আন্দোলন : একটি পর্যালোচনা

সম্পা বিশ্বাস

স্বাধীনতা পূর্ব ভারতবর্ষের ইতিহাসে উপজাতি ও দলিত কৃষক বিদ্রোহের বহু নিদর্শন আমরা পাই। এই প্রসঙ্গে সাওতাঁল বিদ্রোহ (১৮৫৫ খ্রীষ্টাব্দ), চুয়াড় বিদ্রোহ (১৭৯৯ খ্রীষ্টাব্দ), কোল বিদ্রোহ ইত্যাদি বিদ্রোহের কথা বলা যেতে পারে। আদিবাসী বা উপজাতি সম্প্রদায় হল ভারতের প্রাচীন বাসিন্দা, তারা অরণ্যে নানাবিধ সম্পদ আহরণ, পাথুরে অনুর্বর পতিত জমিতে চাষবাস প্রভৃতির দ্বারা কোন রকমে জীবিকা নির্বাহ করতেন। কিন্তু ভারতে ব্রিটিশ শাসন প্রতিষ্ঠার পর তাদের ওপর নেমে আসে সীমাহীন অর্থনৈতিক শোষণ। নানা বাধা নিষেধ-এর মাধ্যমে সরকার উপজাতি মানুষদের বনজ সম্পদের অধিকার কেড়ে নেয়। নিজ পরিশ্রমে যে কৃষি জমি তারা উদ্ধার করেন, তার ওপর সরকার খাজনা বসায়। অর্থাৎ সরকারের বিরুদ্ধে তাদের বিদ্রোহগুলি যে কয়েকটি নির্দিষ্ট উদ্দেশ্য দ্বারা পরিচালিত হত তা বলার অপেক্ষা রাখে না। ভারতবর্ষের জাতীয় সংগ্রামের ইতিহাসে ভারত ছাড়ো আন্দোলন একটি তাৎপর্যপূর্ণ অধ্যায় হিসেবে স্বীকৃত। জাতীয়তাবাদী এই সংগ্রামে কৃষক শ্রেণী থেকে শুরু করে ছাত্রছাত্রী, শ্রমিক শ্রেণী সমগ্র ভারতবাসীর স্বতঃস্ফূর্ত যোগদান লক্ষ্য করা যায়। এক্ষেত্রে উপজাতি ও দলিত কৃষক শ্রেণীর যোগদানের নজির আমাদের দৃষ্টিগোচর হয়। তবে আন্দোলনে যোগদানের নজির যেমন পাওয়া যায় তেমনি আন্দোলনের বিরোধীতার চিত্র ও তেমন স্পষ্ট। আলোচ্য প্রবন্ধের মাধ্যমে ভারত ছাড়ো আন্দোলনে উপজাতীয় ও দলিত কৃষক শ্রেণীর সক্রিয় ভূমিকা ও তাদের দৃষ্টিভঙ্গি সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করা হবে।

জন্ম ও পেশাগত কারণে বৈষম্য এবং বঞ্চনার শিকার মানুষেরা আন্তর্জাতিক পরিসরে, বিশেষ করে পন্ডিতদের কাছে দলিত নামে পরিচিত। দলিত শব্দের

অভিধানিক অর্থ হল মর্দিত। ইতিহাসবিদ শেখর বন্দ্যোপাধ্যায়-এর মতে, ব্রিটিশ শাসনাধীনে ভারতবর্ষে মুসলমান ছাড়াও যেসব সামাজিক গোষ্ঠী কংগ্রেসী জাতীয়তাবদী আন্দোলন থেকে নিজেদের অনেকটাই সরিয়ে রেখেছিল, তারা হল অব্রাহ্মন ও অস্পৃশ্য। হিন্দু সংখ্যাগরিষ্ঠ ভারতবর্ষে এদের অর্থনৈতিক ও সামাজিক অবস্থাকে বোঝাবার জন্য 'দলিত' শব্দটি বেশ তাৎপর্যপূর্ণ। ক্রমবর্ধমান শোষণ একদিন এই আর্থ-সামাজিক এবং ধর্মীয় অবিচারের বিরুদ্ধ উপজাতি শ্রেণীর মধ্যে জেগে ওঠে প্রতিবাদ, দাসত্ব মুক্তির সংগ্রাম এবং বিরামহীন আন্দোলন। "Dalit vision of a just society in India"- নামক প্রবন্ধে S.M Michael লিখেছেন, "The ideology of the Dalits for a just society has mainly been developed by eminent personalities like Mahatma Jyotiba Phule (1826-1890), E. V Ramaswamy periyar (18791-973), Babasaheb Ambedkar (1891-1956), with many other throughout India (Narayan Swami Guru in Kerala, Acchutanand in U.P and Mangoo Ram is in Punjab) they attacked the system of exploitation at all levels-cultural, economical and political. They developed their vision of Indian society as an alternative to the upper caste understanding of India. Hence it is important to pay some attention to this historical context in which the Dalit idelogy has been develped.". Timothy Fitzerald 'Ambedkar, Buddhism and the concept of religion'— নামক প্রবন্ধে মতামত প্রকাশ করেছেন যে, 'The leader of the untoucable movement from the 1920's until his death in 1956 was not Gandhi but Ambedkar, himself an untoucbale and one of the great men of modern world history, though one would rarely find his name mentioned in religious studies books.

নতুন ভোটাধিকার প্রাপ্ত কৃষক সম্প্রদায় ও দলিতদের কিছু ভোট নিয়ে ১৯৩৭ খ্রীষ্টাব্দে কংগ্রেস নির্বাচনে জয়ী হয়। কিন্তু পরের দু'বছরে এই সব গোষ্ঠী হতাশ হয়ে পড়ে। দলিতেরা ও তাদের নেতারা জাতিগত অক্ষমতা দূরীকরণ ও মন্দিরে প্রবেশ সংক্রান্ত বিলগুলিতে আশ্বস্ত হননি। নির্বাচনী লড়াই জেতার জন্য কংগ্রেস কৃষকদের উগ্রতাকে কাজে লাগিয়েছিল। কৃষকেরা প্রচলিত কৃষি সম্পর্কে কিছু প্রগতিশীল পরিবর্তন আশা করেছিলেন। এই সব আশা আকাঙ্ক্ষা নিয়েই কিষান সভা আন্দোলন শুরু হয়। কৃষকদের প্রজা সত্বাধিকারের উপরে জমিদারি আক্রমণের বিরুদ্ধে কৃষকদের অভিযোগগুলিকে সংগঠিত করার উদ্দেশ্য নিয়ে বিভিন্ন কিষান সভা গঠন করা হয়। অন্যদিকে দলিতদের নেতা ডঃ বি. আর আম্বেদকর যিনি এই আন্দোলন শুরু হওয়ার ঠিক আগে ভাইসরয়ের কার্যনির্বাহী পরিষদে শ্রম সদস্য

হিসেবে যোগদান করেন, ভারত ছাড়ো আন্দোলনকে তিনি সমর্থন করেননি এবং তাঁর অনেক অনুগামী এই আন্দোলনে অংশ নেননি। তবুও ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে এই আন্দোলনে দলিত ও উপজাতীয় কৃষক শ্রেণীর অংশগ্রহণ উল্লেখনীয়। তাদের দ্বারা সমান্তরাল সরকার গঠন করা হয়েছিল। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে, নিম্নতর জাতি গোপ ও দুষাধেরা বারহ অঞ্চলে সমান্তরাল সরকার গঠন করেছিল। তারা নিজেদের 'রাজ' প্রতিষ্ঠা করে কর আদায় করত।

নীলগিরি ও ঢেনকানল নামক দেশীয় রাজ্যে উপজাতীয় ও দলিত কৃষকেরা যোগদান করে ও বন আইন লঙ্ঘন করে। ঢেনকানল রাজ্যের প্রজা আন্দোলন এক নতুন ইতিহাস রচনা করেছিল। ঢেনকানল উড়িষ্যার একটি ছোট দেশীয় রাজ্য। ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলন শুরু হলে গত ২৬শে আগষ্ট ঢেনকানলে ১৯ জন বিপ্লবী মনোভাবাপন্ন যুবকের নেতৃত্বাধীন হাজার হাজার ভাঙ্গী কৃষক ঢেনকানলের মহকুমা শহর মঢ়ীতে এসে জমা হয়। প্রজা মণ্ডলের গ্রেপ্তারের সংবাদ পাওয়া মাত্র জনসাধারন সংগ্রাম শুরু করে দেয়। জনতা নিকটবর্তী সরকারি শস্যগোলা দখল করে সকল শস্য গরিবদের মধ্যে ভাগ করে দেয়। প্রজামন্ডল নেতারা উপজাতি ও দলিত কৃষকদের বিশাল বিক্ষোভে সামিল করেন।

উড়িষ্যার কোরাপুট জেলায় এক পয়সা "বাজার তোলা" উপলক্ষ্য করে প্রথমে আন্দোলন শুরু হয়। যে সব লোক বাজারে জিনিসপত্র বিক্রি করতে আসত তাদের প্রত্যেকের থেকে জমিদারগণ প্রতিনিয়ত এক পয়সা করে ট্যাক্স আদায় করত। অনেক আগে থেকেই এই ব্যবস্থা জেলার সর্বত্র প্রচলিত ছিল। জনসাধারণ বিশেষ করে কৃষক শ্রেণী এই ট্যাক্স বন্ধ করার জন্য সংগ্রাম আরম্ভ করে এবং সেই সংগ্রাম জেলার সর্বত্র ছড়িয়ে পড়ে। জমিদারগণ কড়া হাতে এই আন্দোলন দমন করার চেষ্টা করেন।

তালচের রাজ্যের সংগ্রাম ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এক বিশিষ্ট স্থান অধিকার করে আছে। এখানে স্থানীয় প্রজামন্ডল নেতারা, স্থানীয় রাজা ও তার পৃষ্ঠপোষকেরা ব্রিটিশ রাজের শাসন উচ্ছেদ করার জন্য "চাষী মূলীয়া রাজ" প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নেন। যে কর্মসূচীর মধ্যে অন্যতম প্রধান ছিল কৃষকদের জনপ্রিয় রাজ্য প্রতিষ্ঠা করা।

বিকল্প রাজ্যের স্বপ্ন মালকানগিরি ও নওরঙপুরের মানুষের মনেও ছিল। সেখানকার প্রেরনা সঞ্চারকারী নেতা লক্ষণ নাইকো উপজাতীয় ও অনুপজাতীয় কৃষকদের একত্র করে মদ ও আফিমের দোকান আক্রমণ করে এবং গর্বের সঙ্গে জনবহুল সভায় ঘোষণা করে যে ব্রিটিশ রাজ্যের শেষ হয়েছে, কাজেই 'শ্যান্ডি' ও বনকর দেবার প্রয়োজন নেই। সেপ্টেম্বরের শেষের দিকে পাশ্ববর্তী বস্তার রাজ্য থেকে বাহিনী ডেকে এনে এই আন্দোলনকে দমন করা হয়।

বিকল্প জাতীয় সরকার প্রতিষ্ঠার পরীক্ষামূলক উদ্যোগ বস্তুত সব চাইতে সফল হয়েছিল মহারাষ্ট্রে যেখানে অব্রাহ্মণ আন্দোলনের সাংগঠনিক ক্ষেত্র থেকেই প্রতিষ্ঠিত হয় সাতারা "প্রতিসরকার" (সমান্তরাল সরকার)। এই প্রতি সরকারের মধ্যস্তরীয় কুনবি কৃষকদের প্রাধান্য ছিল, এই সরকারের সামন্তবিরোধী চরিত্র থাকার কারনে দরিদ্রতর উপজাতীয় ও দলিত কৃষকেরা লক্ষণীয়ভাবে ওই সরকারে অংশ নেয় এবং একে সমর্থন করে।

বাংলার ভারতছাড়ো আন্দোলন কলকাতা, দিনাজপুর, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া ও হুগলী জেলাতে ছড়িয়ে পড়ে। দিনাজপুরে পালিয়া রাজবংশীদের মত দলিত ও উপজাতি কৃষক গোষ্ঠী আন্দোলনে অংশ নিয়েছিল। এই আন্দোলনের প্রেক্ষাপটে বীরভূমের সাঁওতাল বিদ্রোহের কথা উল্লেখ করা যেতে পারে। কংগ্রেস নেতৃবৃন্দের গ্রেপ্তারের সংবাদে বীরভূমের সাঁওতালদের মধ্যে চাঞ্চল্য দেখা দেয়। সাঁওতালদের বিদ্রোহ দেখা মাত্রই তা অঙ্কুরে বিনাশ করার জন্য বহু সৈন্য ও শাস্ত্র পুলিশ এসে জেলার বিভিন্ন স্থানে ঘাঁটি স্থাপন করে। যে সকল ব্যবস্থা সত্বেও প্রথমে বীরভূম জেলার ছাত্রগণ নেতৃবৃন্দের গ্রেপ্তারের প্রতিবাদে একদিন সাধারন ধর্মঘট পালন করে এবং সব জায়গায় বড়ো বড়ো শোভাযাত্রা পালন করা হয়। এইভাবে বীরভূমের বিভিন্ন অঞ্চলে ক্রমশ উত্তেজনা বৃদ্ধি পায় এবং অবশেষে ২৯শে আগষ্ট বীরভূমের সাঁওতাল, হিন্দু, মুসলমান জনসাধারনের এক বিরাট অংশ একত্রে বিদ্রোহ ঘোষণা করে। বিদ্রোহীরা ঐদিন বোলপুরের রেলস্টেশনে অনশন করে, স্টেশনের যাবতীয় কাগজপত্র ও সম্পত্তি নষ্ট করে ফেলে। এই সংবাদ পাওয়া মাত্র বর্ধমান থেকে একটি সশস্ত্র পুলিশদল বোলপুরে উপস্থিত হলে তাদের সাথে জনতার যুদ্ধ শুরু হয়ে যায়। পুলিশ রাইফেল ও সাঁওতালগণ তীর ধনুকের দ্বারা উভয়ের মধ্যে কয়েকঘন্টা ধরে যুদ্ধ চলতে থাকে। এই যুদ্ধে সাতজন সাঁওতাল ও কয়েকজন পুলিশ গুরুতর রূপে আহত হয়। পরবর্তীকালে সাঁওতালগণ ছোট ছোট দলে ভাগ হয়ে যায়। এবং বিভিন্ন জায়গায় টেলিফোন ও টেলিগ্রাফের তার কেটে দেয়। এই ঘটনার পর পুলিশ তিনশো এর বেশি নেতৃস্থানীয় ব্যক্তিকে গ্রেপ্তার করে। ১৪ই ডিসেম্বর এক বিরাট জনতা জাজিগ্রামের কংগ্রেস অফিসে অবস্থিত পুলিশ দলকে বিতাড়িত করে অফিস পুনর্দখল করে নেয়।

বাংলার মেদিনীপুর জেলার তমলুক ও কাঁথি অঞ্চলে ভারতছাড়ো আন্দোলন নিঃসন্দেহে সবচাইতে শক্তিশালী হয়েছিল। হিতেশ রঞ্জন সান্যাল মন্তব্য করেছেন যে, জাতীয় আন্দোলন কৃষকদের মধ্যে লোকসংস্কৃতির অংশ হয়ে উঠেছিল। হিতেশ রঞ্জন সান্যাল, বিদ্যুৎ চক্রবর্তী, রজত কান্ত রায়, স্বপন দাশগুপ্ত ও সুধাংশু ভুঁইয়া

প্রমুখা মেদিনীপুরের স্বতন্ত্র পূর্ণ স্বাধীনতা সংগ্রামের ইতিহাস আর্থ-সামাজিক দৃষ্টিকোণ থেকে আলোচনা করেছেন। তাদের মূল বক্তব্য হল মেদিনীপুরের স্বাধীনতা সংগ্রামের স্বতন্ত্রের মূলে আর্থ-সামাজিক ভিত্তির অপরিমেয় প্রভাব ছিল। হিতেশ রঞ্জন সান্যাল তার "স্বরাজের পথে" গ্রন্থে এবং বিদ্যুৎ চক্রবর্তী তাঁর "Local politics and Indian nationalism : Midnapur : 1914-1944 গ্রন্থে দেখিয়েছেন, মেদিনীপুরে ঔপনিবেশিক শাসন বিরোধী আন্দোলন গড়ে ওঠার মূলে আর্থনীতিক রূপান্তর ও সমাজ বিন্যাসের নবতর গড়ন ভিন্ন ভিন্ন ভাবে ক্রিয়াশীল ছিল। মেদিনীপুরে জেলার পাঁচটি মহকুমার মধ্যে ঝাড়গ্রাম, ঘাটাল ও সদর মেদিনীপুর এই তিনটি মহকুমায় কংগ্রেস সংগঠন মজবুত ছিল না। শুধুমাত্র কাঁথি ও তমলুক মহকুমা এ সময়ে একেবারে অগ্নিগর্ভ হয়ে উঠেছিল। ১৯৪২ সালের এপ্রিল মাস থেকে মেদিনীপুরের উপকূলবর্তী এলাকায় সরকার তার "অস্বীকার নীতি" অনুসরনে প্রায় ১৮০০০ নৌকা ধ্বংস করে দেয় এবং এর ফলে কৃষকেরা কেবলমাত্র তাদের বহু প্রয়োজনীয় যোগাযোগ ব্যবস্থা থেকেই বঞ্চিত হয়নি অর্থনীতির ওপরে ও এর ভীষণ প্রভাব পড়ে। খাদ্যশস্যের ক্ষেত্রে কঠোর সংগ্রহ নীতির ও জিনিসপত্রের মূল্যবৃদ্ধির কারনে সমস্যা আরো জটিল আকার ধারণ করে। কাজেই আগস্ট মাসে স্থানীয় কংগ্রেসি স্বেচ্ছাসেবী ছাত্রেরা যখন কৃষকদের সংগঠিত করতে শুরু করে তখন তারা এখানে বিদ্রোহের এক উর্বর ক্ষেত্র পেয়ে যায়। মেদিনীপুরে ভারতছাড়ো আন্দোলন ৮ই সেপ্টেম্বর শুরু হয়। বাংলা, বিহারে আগস্ট আন্দোলনের যখন ডাক এসে যাওয়ায় সকল সাঁওতাল পরগণা উদ্বেল হয়ে ওঠে ও সেই সঙ্গে সঙ্গে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম, শিলদা, চন্দ্রকোনা ও গড়বেতার সাঁওতাল জনগোষ্ঠীর মানুষজন আন্দোলনমুখী হয়ে পড়ে। অনেকদিন ধরেই এই উপজাতীয় কৃষকগোষ্ঠী অরন্য আইন, মহাজনী-জমিদারী শোষণ এবং ব্রিটিশ পুলিশের বিবিধ অমর্যাদাকর আচরণের জন্য ক্ষুব্ধ হয়েছিল। তাই আগস্ট আন্দোলন শুরু হওয়ায় হাজার হাজার উপজাতি কৃষকশ্রেণী তীর-ধনুক, ধামসা-মাদল, বাঁশি সহ আন্দোলনে নেমে পড়ে। তারা শুনতে পায় টেলিফোন ও টেলিগ্রাফের লাইন উড়ে যাচ্ছে, ডাকঘর ও সরকারি অফিস সব দখল হয়ে যাচ্ছে। এই সকল কারনে উপজাতীয় কৃষকগোষ্ঠী আর থেমে থাকেনি। তারা সাধু রামচাঁদ মুর্মর গান গেয়ে সরকারের বিরুদ্ধে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে। সরকারের বিরুদ্ধে তাদের কথা হল— "সরকারের পোষা মহাজনেরা মিথ্যে দেনার দায়ে তাদের জমি জমা কেড়ে নেয়, তাদের স্ত্রী, পুত্রের ওপর নিদারুণ অত্যাচার করে ও তাদের বেগারে পরিণত করেছে— ইংরেজকে ভারত ছাড়তেই হবে"। তাদের শ্লোগান

ছিল— "ইংরেজ ভারত দিশম বাগিমে" অর্থাৎ ইংরেজ ভারতছাড়ো। বারমাসিয়া অঞ্চলের সরাইদহ গ্রামের লাল হেমব্রম বিয়াল্লিশের আন্দোলনে নেতৃত্ব দিতে এগিয়ে আসে। তাদের কথা হল— "মারব না হয় মরব"। এক্ষেত্রে সাধু রামচাঁদ মুর্মুর গানের কথায় বলা যেতে পারে —

"বৌইরী হেলেচকাতে মাবোন
দুক দ মাবোন ঞেৎ ঞির
দেবোন তেঙ্গোন আদিবাসী বীর।

অর্থাৎ

"শত্রুকে সাবাড় করে
দুঃখকে জয় করে
উঠে দাঁড়াও
আদিবাসী বীর।

এছাড়া ভারতছাড়ো আন্দোলনে মেদিনীপুরে উপজাতি কৃষক শহীদদের কথা ও আমরা জানতে পারি। এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে শম্ভুনাথ সাঁওতাল এর নাম, যিনি ১৯৪৩ সালে কারারুদ্ধ অবস্থায় মৃত্যুবরণ করে। ৪২'এর আন্দোলনে স্বতঃস্ফূর্ততার প্রসঙ্গে Stephen Henningham তাঁর "Quit India movement in Bihar and Eastern United Provinces : The dual revolt" প্রবন্ধে লিখেছেন— যুদ্ধকালীন অর্থনৈতিক সংকটের কারণে কৃষকেরা সরকার বিরোধী হয়ে উঠেছিল"। রাজমহল দুমকা ও ঝিলিডাবরা প্রভৃতি সাঁওতাল ও অন্যান্য উপজাতীয় মানুষ মুখ্যতঃ নাশকতাবাদী আন্দোলন চালায়।

ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের মতো আসামে ও গণসংগ্রাম প্রবল আকার ধারন করে। এই অঞ্চলের সংগ্রামের একটি বৈশিষ্ট্য বিশেষভাবে উল্লেখযোগ্য, তা হল এই অঞ্চলের জেলাগুলিতে প্রতিরোধমূলক ও গঠনমূলক-এই উভয় ধরনের সংগ্রামই চলেছিল। আসামে ভারতছাড়ো আন্দোলনে কোশল কানোয়ার ও কমলা মিরির আত্মবলিদান অবিস্মরণীয়। কোশাল কানোয়ার ছিল অহোম ও কমলা মিরি ছিল মিরি উপজাতীয়। কোশাল সারুপাথার নামক স্থানে ট্রেন লাইনচ্যুত করা সম্পর্কে একজন রাজসাক্ষীর সাক্ষ্য অনুসারে তিনি গ্রেপ্তার হন। মামলার বিচারে তিনি ফাঁসি কাষ্ঠে প্রাণ বিসর্জন দেন। কমলা মিরি ও এই ধরনের অপর একটি বিচারে মৃত্যুদন্ড লাভ করে।

আবার ভারতছাড়ো আন্দোলনে উপজাতি ও দলিত কৃষক শ্রেণীর বিরোধীতার চিত্র ও স্পষ্ট। উদাহরণ স্বরূপ বলা যায়, বারাইয়া ও পত্তনবাদিয়া কৃষকেরা পাতিদার

প্রধান কংগ্রেস মন্ত্রী সভার ওপরে অসন্তুষ্ট ছিল এবং খেনা ও মেহ্সানা জেলায় তারা সক্রিয়ভাবে ভারতছাড়ো আন্দোলনের তীব্র বিরোধীতা করে।

যে কোনো আন্দোলনে অংশগ্রহণের অর্থৎ হল কৃষক অভ্যুত্থান, কারণ অর্থনৈতিক শ্রেণী বিচারে কৃষক সম্প্রদায় ছিল প্রধান শক্তি। কিন্তু এই আন্দোলনে কৃষক বিদ্রোহের পৃথক কোনো স্থান ছিল না, এই কারণে আদতে ঘটে যাওয়া কৃষক বিদ্রোহের মূল্য ছিল তুলনামূলক কম। এই আন্দোলনের প্রাককাল থেকেই কৃষকরা সরকারের পাশাপাশি বড়ো ও ছোটো জমিদার, নায়েব এবং গোমস্তাদের অকথ্য অত্যাচার সহ্য করেছিল। তার প্রতিক্রিয়া স্বরূপ ভারতছাড়ো আন্দোলনকে তারা কৃষক বিদ্রোহের মঞ্চ হিসেবে ব্যবহার করতে চেয়েছিল। অর্থাৎ উপজাতীয় কৃষক শ্রেণী ব্রিটিশ সরকার ও জমিদার-ভূস্বামী উভয়ের বিরুদ্ধে সংগ্রাম চালিয়েছিল। বেগারশ্রম, করের বোঝা, জমি হস্তান্তর প্রভৃতি ছিল তাদের মাথা ব্যথার কারণ। তবুও বলা যায়, এইসব আঞ্চলিক সংগ্রাম ছাড়াও জাতীয়তাবাদী এই আন্দোলনে দেশের বিভিন্ন স্তরের মানুষ দেশকে বিদেশীদের হাত থেকে মুক্ত করার কাজে আত্মনিয়োগ করে। দলিত ও উপজাতীয় দরিদ্র কৃষক শ্রেণী ও এক্ষেত্রে ব্যতিক্রম ছিল না। শেখর বন্দ্যোপাধ্যায় এর মতে, "এ কথা যুক্তি দিয়ে বলা সম্ভব যে, দলিত কৃষকেরা ও দরিদ্রতম শ্রেণীর মানুষেরা যখন ভারতছাড়ো আন্দোলনে অংশ নিয়েছিল, তখন তাদের উদ্দেশ্য মধ্যস্তরীয় কৃষক জাতিগুলি ও শিক্ষিত যুবকদের উদ্দেশ্য অপেক্ষা আলাদা ছিল। কিন্তু আগস্ট আন্দোলনকে "দ্বৈত বিদ্রোহ" বলে বর্ণনা করা অতি সরলীকরণ হয়ে যবে। কারণ দৃষ্টিভঙ্গির তফাত থাকলেও বিভিন্ন শ্রেণী ও সম্প্রদায়গুলি ঐক্যবদ্ধ হয়ে ব্রিটিশ-বিরোধী সংগ্রামে নামে। জওহর লাল নেহেরুর মতে, ৪২ এর আন্দোলনে প্রকৃতই এক স্বতঃস্ফূর্তভাবে যোগ দিয়েছিল। কোন বিশেষ ব্যক্তিস্বার্থ সাধনের জন্য তারা আন্দোলনে যোগ দেয়নি। দেশের স্বাধীনতা অর্জনই তাদের একমাত্র স্বার্থ। তাদের পরিচয় হল তারা "সৈনিক"। তাদের আন্দোলন হল সৈনিকের যুদ্ধ। তাদের অস্ত্র হল "করেঙ্গে ইয়ে মরেঙ্গে"।

তথ্যসূত্র ঃ

১। শেখর বন্দ্যোপাধ্যায়— পলাশি থেকে পার্টিশান ও তারপর।
২। সুপ্রকাশ রায়— ভারতের জাতীয়তাবাদী বৈপ্লবিক সংগ্রাম (১৮৯৩-১৯৪৭)।
৩। রাধাকৃষ্ণ বাড়ী— তাম্রলিপ্ত জাতীয় সরকার নিমতৌড়ি, পূর্ব মেদিনীপুর : তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম, ইতিহাস কমিটি, ২০০০।
৪। শঙ্কর কুমার দাস— স্বাধীনতা সংগ্রামে মেদিনীপুর।
৫। ধীরেন্দ্র নাথ বাস্কে— বিয়াল্লিশের আগষ্ট আন্দোলনে সাঁওতাল জনগোষ্ঠী।
৬। ধীরেন্দ্র নাথ বাস্কে— গণ আন্দোলনে সাঁওতাল সমাজ।

## Contributors

Formerly Professor Hasi Banerjee, *Department of History, Calcutta University*

Dr. Rina Pal, *Associate Professor, Department of History, Raja Narendralal Khan Women's College*

Dr. Doyel De, *Assistant Professor, Raja Rammohan Roy Mahavidyalaya*

ড. কল্লোল বন্দ্যোপাধ্যায়, *সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ, শ্রীচৈতন্য কলেজ, হাবড়া*

ড. আবীর লাল বন্দ্যোপাধ্যায়, *সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, বড়জোড়া কলেজ, বাঁকুড়া*

অশোক কুমার পট্টনায়ক, *সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, সুন্দরবন মহাবিদ্যালয়, কাকদ্বীপ*

ড. মনমোহন গুরু, *সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, চন্দ্রকোণা বিদ্যাসাগর মহাবিদ্যালয়*

সুনীতা পড়্যা, *গবেষক, ইতিহাস বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়*

অশ্রুকনা ঘোষ, *গবেষক, ইতিহাস বিভাগ, ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়*

সম্পা বিশ্বাস, *গবেষক*


Bhatter College Journal of Multidisciplinary Studies
Bhatter College Journal of Multidisciplinary Studies
BHATTER COLLEGE JOURNAL OF MULTIDISCIPLINARY STUDIES
HARMONY WITH NATURE
BHATTER COLLEGE JOURNAL OF MULTIDISCIPLINARY STUDIES
Bhatter College Journal On Multidisciplinary Studies
Recent Trends in History
Race Gender Environment & Urbanization

